৩১

আবার দেখিব সেই বিষয়বদনে ঝুলিছে স্কুক্তে মম কণ্ঠস্থশোভিনী, আবার গুনিব সেই ললিত পঞ্মে কহিতেছে,—"এস, নাথ" অমৃতভাষিণী।

৩২

আই রমণীয় কণ্ঠ স্থমাধুরীময়,
আমৃতের স্রোত যেন প্রেমের নির্মরে,
আই বমণীয় কণ্ঠ মানবন্ধদয়ে
সহস্র স্বর্গীয় স্থথ সঞ্চারিত করে।

৩৩

রমণী—অমূল্য-রজু, চির সমূজ্বল,
অপূর্ব্ব ললাম চাক সংসার ভিতরে,
রমণী—অমৃতময় এক বিন্দু জল
সংসারের হুঃখনয় অনন্ত সাগরে।*

ঞীঃ---

P পরের মনের ভাবের জন্য বীণাসম্পাদকের মন দায়ী নহে। বী-স।

অকাল-ছিন্ন-কুস্থম।

কত পুণ্য-ফলে ভারত-কাননে আদিল একটী মালী;

এ মরুভূমির উপকার তরে, শ্রীর করিয়া কালি.

কত যে ভাবনা ভাবিয়া মনেতে, স্বজিল একটী ফুল।

যাহার দৌরভে রস[্]হীন মক্র হইতে স্থাব তুল !

অফুট কুস্থম কোরক কালেই উজলিতে ছিল বন ;---

এখন হইতে মধুর আশায় ত্যিত ভ্ৰমর-গণ

আদিয়া বদিয়া, প্তন প্তন রবে গাইত প্রেমের গান।

কত অনুরাগে নবীন সোহাগে চুমিত ভরিরা প্রাণ। কোরক কালেই বিমল স্থরভি মুহল প্ৰন-কোলে,

थीरत थीरत कू हो हे एं क हिन, বিজন কানন-তলে।

মোহের বাজারে রূপের পুতুলি ভাবুক জনের হিয়া

ছলিয়া ছলিয়া কাড়িয়া লইত, মোহিত করিয়া দিয়া।

ক্রমে ক্রমে সেই রসের মুকুল তরুণ-বয়স-কালে

হ'ল পরিণত ; ফুট-ফুট-প্রায়---বাহার বাডায়ে দোলে।

चरमण विरमरण ছুটिन ख्वांम, হয়ে অণু অণু প্রায়;

থ্যাতি পরিমল প্রশারিত হয়ে মিশিল স্থদূর বায়।

এখনই এত ফুটিলে কি হবে, ভেবে পরিণাম তা'র,

পরগুণদ্বেষী পামর কীটাণু সহিতে না পারে আব ;

ধীর মূহ্গতি কেহ না জানিল, কেহ না শুনিল কানে,

একেবারে আসি কুস্থমের বোঁটা বিধিল পরাণ-পণে।

হায় হায় হায়! স্থকঠিন কীট! নিঠুর পরাণ তোর—

না ফুটতে ফুল কোরকে ছিঁজিয়া লভিনি কি স্বথ-ওর ?

স্থকাজ কুকাজ বুঝি না; অথবা বুঝিতে কি আর বাকী?

কোমল কুস্থমে অকাল-ছেদনে পাতক পরশে না কি ?

জাই দেথ ছিল ভ্ৰমর ভ্ৰমরী, মধু-পান-আশে ব'দে,

ফুটিলে কুমুন, পীযূব থাইত, গাইত মধুর-রদে। 'পাগল পরাণে উড়িল ভ্রমর পুড়িয়া মরম-ছথে,

ভাবি-স্থ-আশা দূরপরাহত---আঘাত পড়িল মুথে।

অই কাল মুখে গুন গুন রব ফুটিবে না বুঝি আর ?

কথার শকতি থাকিতে, হইবে মুকের স্বভাব সার!

তাই বলি ছি ছি, কি করিলি,কীট! ঘুচাইলি সব সাধ;

শারদ কমল শিশিরে ডুবা'য়ে, ঘটাইলি প্রমাদ।

ছুই দিন পরে ফুটিবে কুস্তম,

रुट्रेटव मधुत काल ;---

ভাবিয়া কোকিল ডাকিত এ বনে, দোলা'ত রসাল ডাল।

না ফুটিতে ফুল, ছিড়িলি সবলে,

অকালে বোটাটী তা'র.

২--আশ্বিন।

মলয় বাতাদে হিমানী-সঞ্চার, আদে কি কোকিল আর? অক্রবরষণে যেন শাথিকল হীন-শাথা-দল-ফল। কাননের শোভা হরিয়া রে তোর, কি স্থুখ হইল বল ? আর এক কথা বলি তোরে, কীট! রাথ যদি মোর কথা---অতুল ক্ষমতা দেখা'য়ে এ বার ঘুচাও মরম-ব্যথা। 'জীবন—মরণ' ছটি কাঠী তোক্ত আছে, তা সকলে জানি, শুকান কুস্থমে বোঁটায় বাঁচায়ে

থোল রে যশের থনি।

∄ঃ—

বিরহিণী।

۵

গুঞ্জরিল অলিকুল. কাননে ফুটিল ফুল, আইল বসন্ত, সই, প্রাণকান্ত কই কই! मति कि आकार्य पछा, माथ त्ना हाँ एवत हो, এ চাঁদে হৃদয়-চাঁদে মনে পড়ে, সই সই ! আহা কিলো স্থবাতাসে কুলের সৌরভ আদে, আবেশে অবশ হ'মু, আপনার নই নই, দ্যাথ চেমে পতিরতা, সবি লো, মাধবী লতা, বেষ্টিয়াছে সহকারে, আমার সে কই কই ? তমালে পিয়ালে তালে, কুহরিছে তালে তালে মুহু মুহু কুহু কুহু ওই শুন পিক্ লো! হায় হেন মধুমাদে বঁধু কেন নাহি আদে? বুঝি কারে ভালবাদে-এ জীবনে ধিক্ লো।

₹

অথবা সে দেশে বৃঝি যায় না বসন্ত, সেদেশে ডাকে না পিক্, ডাকিতে লো প্রাণাধিক সে দেশ কি হিমানীতে ঢাকা লো অনন্ত! সে দেশে ফুটে না ফুল, ঝফারে না অলিকুল, জলধর করে না লো বিজলী-আদর, রাজহংস সরোবরে আসি নাহি কেলী করে, সরোজিনী-সনে, সথি, নাগরী নাগর।
তবে কেন এ দেশে লো একাল কোকিল এলো?
নিলাজা মাধবী কেন, দ্যাথ্ চেয়ে ওই ?
নাহি মানি দিবানিশি, প্রাণকান্ত অঙ্গে মিশি, রয়েছে বেহায়া মেয়ে—ছি ছি ছি লো সই!
যে পারে দেখুক চেয়ে;—আমি, সথি, নই।

চাহি না পিকের রঙ্গ, হোক্ তার সরভঙ্গ,
এই দণ্ডে শিরঃশূল হোক্ ভ্রমবার লো,
আর কেন সন্ধ্যাবেলা, মেবেতে বিজ্ঞলী থেলা,
পতিকোলে প্রেমদারে হেরিব না আর লো।
এত যে যতন করে, সে হুটো পাথীরে ধরে,
রেখেছিমু এত দিন, স্থি, আমি আজ লো,
ছাড়ি দিব শুক শারী, উড়ে যাক্ বন্চারী,
মোর গৃহে সে হুটোর নাই কিছু কায লো।

উঠি দাবানল জ্বলি, পুড়ে যাক্ বনস্থলী
পুড়ে যাক্ ফ্লকুল, উড়ে যাক্ বাস লো,
ডুবে যাক্ চাক্র চাঁদ— মন মজাবার ফাঁদ—
স্বতল জ্বাধিতলে, ঘুচে যাক্ আস লো।

8

व्यां य त्यां छ, मिथ, कथां वि कथां य त्यां,

व्यां क व जा व आमा, य जूरन ह जान यांगा,

ह न ना भिनन, मिथ, मधूमां में यां य त्यां।

मिथ, निि निि जां व, जामां- अथ र र र वां व,

व्यां कांगि निश्चिती, र जामां- अथ र र र वां व ।

छ यत्यां व त्यां कित, भिष्ट कांगा वि जावती,

व व क्षं यूमान जान, स्थान त्यां व त्यां।

ना ना, मिथ, र स्थान, कित ना मत्रमन,

र प्र प्र जांकिरव अधू कां मिथां व जर द ता।

मती हिकां- श्रात्वां जां व स्थान, महहित, हरद त्यां,

भी जन मिना विना र व वां हां व जरद ता।

Ü

তবে যদি এ সময়, স্থি, হয়ে নিরদর
নাই এল রসময় হৃদয়রতন লো,
খুলে নে এ চক্রহার, কে শোভা দেখিবে তার,
খুলে নে মালতীমালা, মুছে দে চন্দন লো।
শ্রী:---

কেন ভালবাদিলাম।

(2)

আপনার মাথা থেয়ে কেন ভালবাসিলাম,
কেন ভারে বাবে,
আনি স্থতিপথ-দারে,
কেন ভার কমনীয় রূপরাশি হেরিলাম ?
হেরিলাম রূপরাশি,—মন প্রাণ হারিলাম!
(২)

আগে নাহি ব্ঝিলাম,—বিষমাপা দরশন, তাহা বৈদি লানিতাম, তাহা যদি ভাবিতাম, তবে কেন তার সেই স্থহাস চারু বদন, দেখিবার তরে সদা হত নন উচাটন!

(৩)

কেমনে জানিব হায়!—হায়,কেমনে ব্ঝিব!—
পাগলে অনল জ্ঞান,

যদি রে জ্ঞানী সমান থাকিত, তবে কি হাত দেয় সেই অনলে। আমারি তেমনি অ[†]জ,—হৃদয়ে, অস্তরে জ্ঞালে!

(8)

আগে জানিতাম, হার, আমি তার—সে আমার ! প্রণয়প্রতিমা ধানি,

দেখিলে জ্ড়াত প্রাণী,
দেখিবারে লালায়িত ছিল্প মুখথানি তা'র,
দেখিলে শীতল হ'ত,—ছায়, কি দেখিব আর !!

(e)

কনকক্ষল মম-—ছিল-সরোবর-শোভা;
কোণা সেই ক্মলিনী
কোণা মম প্রণয়িনী,

কোপা তার ভালবাসা,—জীবন-মানস-লোভা, কোপা আমি চিরহ্থী,—কোথা তার রূপপ্রভা!

কমলিনি, কেন তুমি দেখাইতে ভালবাদা ? কেন, প্রিয়ে, দরশনে, হরিতে হৃদয় মনে,

জাগাইতে নিজাগত মনোভূক সেই আশা ?—
একবার দেখে যাও হেথা মম কোন্ দৃশা !

(٩)

জীবন মরণে, সপি, তুমিই আমার, হায়!
আমি কি তোমার, প্রিয়ে,
একবার বলি' দিয়ে,
যাও চলি ;—তব স্থথে কেন ঘটাইব দায়?

যাউক জীবন মম.—যদি তাহা যেতে চায়।

(b)

মনে পড়ে, প্রিয়তমে, মনে পড়ে কত দিন, ছরস্থ মাঘের শীতে, তোমারে শুধু দেখিতে, পুকুরের পাড়ে যেয়ে, দাড়াইত এই দীন,— দেখিতাম সরোবরে, কুমুদে হতে মনিন।

(ລ)

ফুটিত কমল সরে,—গাইত ভ্রমরা গীত;
পুকুরের পাড়ে তুমি,
উজ্বলি কঠিন ভূমি,
ফুটিতে আমারে দেখি;—গাইতে ব্রতের গীত*;
দেখিত প্রণমী তব অদুরে হয়ে মোহিত।

''মাঘমগুল মাঘেশ্বর। বাপ ভাই আমার লক্ষেশ্বর॥

^{*} মাঘনগুলের ত্রত। বিবাহের পূর্ব্বের্করের কোন কোন দেশীয় হিন্দু বালিকারা পিতা, লাতার মঙ্গলকামনায় এবং ভবিষ্যতে উত্তম স্বামী প্রার্থনায় এই ত্রত করিয়া থাকে। তিনটী মৃথায় স্তুপ আরাধ্য দেবতা,—ফুলে ইহাদিগকে সাজাইয়া প্রাতঃকালে পাড়ার সমবয়স্কারা একত্র হইয়ানানা প্রকার ত্রত বিষয়ক গীত গাইয়া থাকে। পরে প্রান্ধণস্থ একটী মণ্ডলের পূজা করিতে হয়— এই পূজার মন্ত্র এই—

(50)

পাইতে ব্রতের গীত,—চাহিতে আমার পানে,
নয়নে নয়ন-পাতে
থাকিয়া স্থীর সাথে,
লজ্জায় নামাতে মুথ;—পড়ে কি তা আজি মনে?
আজু কি তেমনি ভাবে চাও না লো দরশনে?
(১১)

ব্রতের কুস্থম রাশি কুড়ায়ে আনিয়া আমি,
রাখিতাম সংগোপনে,
তোমার কুস্থম সনে,
বেশী ফুল দেখি কত আহলাদে গলিতে তুমি;—
জানেন সকল কথা, অস্তর, অস্তর্যামী।—

মাঘমগুলে (ঢেলে ঘি।
আমি বড় মান্ধের ঝী॥
মাঘমগুলে ঢেলে মৌ।
আমি বড় মান্ধের বৌ॥
ইত্যাদি।

(><)

আাসতে মাতুলালয়ে; যাইতাম আমি তথা;
দেখিতাম—মজিতাম—
মনে মনে ভাবিতাম—
শৈশবের সহচরী—জীবনের সহচরী
হ'লে জানাইব তায় মনে গাঁথা যত কথা।

(50)

মনের সকল কথা মনে মনে বহিল;
জানাইব কারে আর,
আমি কার ?—কে আমার?
যারে ভাল বাসিতাম, সে আমারে ভূলিল;—
মনের সকল কথা মনে মনে বহিল।

(84)

ভেবেছিল্ল তুমি, প্রিয়ে, বসিবে এ হৃদয়ে,
বাদ্ধিবে যুগল করে,
ডাকিবে মধুর স্বরে
নাথ বলি ;—হায় আশা!—কোঁথা র'লে নিদয়ে,
ভেবেছিল্ল কমলিনী আমারই হৃদয়ে।

(53)

হৃদয়ের দে প্রতিমা, কেবা হরি' লইল ?

এমন নিষ্ঠুর কেবা,
জীবনবন্ধন যেবা,
কমলিনী তুলি' লয়ে টান দিরা ছিঁড়িল ?
জীবনবন্ধন আজি কেবা জোরে কাটিল!

(১৬)

পাষাণি—কঠিনে—প্রিয়ে—একবার দেখে যাও; তোমার কারণে আজ,

ত্যজি ভয় লোকলাজ,

কান্দিতেছি তব তরে,—এস, প্রিয়ে, মাথা থাও! কমলিনি—প্রণারিনি—একবার দেখে যাও।

(59)

যাবত জীবন রবে, তোমারেই ভাবিব,

অত্যে এ হৃদয়ে স্থান পাবে না পাবে না, প্রাণ,

হৃদয়দর্পণে সদা তব মুখ দেখিব; তোমা বিনে এ জগতে কারে নাহি জানিব। (36)

প্রিয়তমে—প্রণয়িনি—কমলিনি—প্রাণেশ্বরি,

যাবত রহিব ভবে,

এ জন তোমারি রবে,
জানিলাম তুমি হলে অক্সজন-ফ্রদীশ্বরী,
তবু তুমি আমারই হৃদে কম মূর্ত্তি ধরি'।
(১৯)

ফুটিলে কুমুম, প্রিয়ে ! অলিরাজ তথা ধায় ; যত কাল থাকে সাজ, ততক্ষণ অলিরাজ,

যেই বাসি—সেই অলিরাজ ত্যাগ করে তা'য়,
থাকে না ক, 'নাথ' ভাব, যদি ফুলে মধু যায়।
(২০)

আমি কিন্ত, প্রিয়তমে !—কোরক সময় হতে, রেথেছি হৃদয়'পরি, রাথিব হৃদয় ভরি, যাবত জীবন রবে, দিব না ক বাঁসি হতে,

कनककमन जूमि, वानि इत्व त्कान मत्ज !

(२১)

ভালবাসা-রেণুকণা চেকেছে নয়ন মোর, ডোমার সে হাসি মুখ, জানিয়া অস্তরে সুখ

প্রদান করিবে, প্রিয়ে, যাবত জীবন ভোর। জাগিবে অন্তরে সদা, প্রিয়তমে, মুথ তোর।

(૨૨)

হৃদয়ে জলিছে অধি,—কেন ভালবাসিলাম ? আপনার মাথা থেয়ে,

কেন আশাপথ চেয়ে,

কমলিনীরূপরাশি মনে মনে ভাবিলাম ? ভাবিলাম—তাই আজি নিরাশায় ডুবিলাম ! আপনার মাথা থেয়ে কেন ভালবাসিলাম !

এ:--

मका।

বেলা গেল, সন্ধ্যা হ'ল স্থ্য গগনতটে। সোণার বরণ রবির কিরণ শোভে আকাশপটে॥ সঙ্গে রাখাল গো পালে পাল ছেড়ে হাযাবুলি। এল ধেয়ে গগন ছেয়ে উড়ল পায়ের ধূলি॥ মাঠে হ'তে কান্তে হাতে ক্লমক আনে ফিরে। লাঙ্গল কাঁধে কোমর বেঁধে চল্ছে ধীরে ধীরে॥ বোমটা টেনে আড় নয়নে যত কুলনারী। কল্সি কাঁকে ঠাঠ ঠমকে আস্ছে লয়ে বারি॥ कमल वंधू (थरत्र मधु छेड़ाला बीरक बारक। জলাশয়ে মলিন হয়ে নলিন বদন ঢাকে॥ কোকিল পাথী আমশাথে-শাখার অন্তরালে। মধুর স্বরে আলাপ করে, স্থা যেন ঢালে॥ বিহন্ধকুল হয়ে ব্যাকুল শূন্য পথে উঠি। বাতাস বয়ে ধায় কুলায়ে তুলিয়ে পাথাতুটি ॥ हाँ भा वकून मिलका कून कुछैरना थेरत थरत। পোলাপগুলি রূপ উজলি বাগান আলো করে।

পূর্বভাগে নবান রাগে উঠ্লো নিশাকর। রজত বরণ স্থার কিরণ দেখ্তে মনোহর॥ একে একে চারিদিকে শত শত দলে, উঠলো তারা দীপ্তি-ভরা হীরক যেন জলে। সারি সারি পবিত্ধারী বসি সরোবরে। ভক্তিভাবে ইষ্টদেবে জপে যুগল করে॥ যুবক যারা পিরাণ পরা ফিরিমে মাথার চুল। নানা ছাঁদে গল ফাঁদে হাতে গোলাপ ফুল। ছাতে বসি সব রূপনী হেসে মনের সাধে। व्यार्नि (मृथ्य कृत्नान (मृथ्य किकन (शैं। भा वाद्य ॥ লণাটভাগে সিঁহুর রাগে তরুণ তপনছটা। প্রাণ্নাথের চিত কর্ত্তে মোহিত বড়ই বেশের ঘটা। শিশুগুলি হু'হাত তুলি আধো আধো বোলে। অ''াধার ভয়ে ভীত হ'য়ে উঠূলো মায়ের কোলে 🛭

অতীত জীবনালোক I

হায়, কত দিন নিশীথ রজনী, यथन नी तंदव चुमाम धत्री, সে সময়ে স্থাতি মানসমন্দিরে অতীত আলোক জালে ধীরে ধীরে,— কত কারা—কত হাসি— কত ভালবাসাবাসি-मधुमाथा (अमक्था नवीन त्योवतन. প্রেমোজ্জল নেত্র কত নিবিয়াছে জন্ম-মত, কত উন্নাসিত হৃদি হতাশ একণে। श्य, कठ मिन निर्माथ यामिनी, यथन व्यत्यादत सुमात्र त्मिनी, সে সময়ে ধীরে ধীরে, ভূত স্থৃতি আদে ফিরে, ভাগি আমি আঁথিনীরে আপনা আপনি, (म म्व वाक्षव, वाहारमंत्र मरन

বেঁধেছিল হিয়া প্রণয়বন্ধনে.

(मर्थिष्ट जाताई कारनत कवरन, শুষপত্রপ্রায় পড়িয়াছে গ'লে। (यन जामि क्रांख श्रम, तक-त्नार्य तकालाय. लिभिरंक मृद् भारत धकाकी वितरन। নিবিয়াছে আলোগুলা. खकारमञ्जू कृतमाना, আমি ছাডা আর সবে গিয়াছে কে চ'লে। हाय. এই करि निशेष गामिनी. यथन नीतरव चूमांग्र धत्री, সে সমরে শ্বতি মানদ-মন্দিরে ष्वजी ज्ञालांक ष्वाल धीरत धीरत। **:**--



স্বপ্ন সন্দর্শন।

>

সত্য কি স্বপন ? সত্যই স্বপন ;
কেন্ হইল রে অন্তর এমন,
গভীর আবর্তে অস্থির হইল।
স্থ-নিদ্রাঘোরে হয়ে অচেতন,
সংসার ভূলিয়া ছিন্তু এতক্ষণ,
এ যাতনা দিতে কেন জাগাইল?

₹

নয়নে অঁাধার, শ্রবণ বধির, কেন জাগাইয়া করিল অধীর ? হৃদয় কাঁপিল বিষম আগাতে । —কার্ত্তিক। ''আর সে ত নাই' অক্ষুট বচন, তীক্ষধার অমি হইল পতন, হৃদয় ভেদিল ভীম বজ্রপাতে।

স্থমূল তার হইরা ছেদন, ধর ধর গুলে হইল পতন,

হ্রদবারি প্রায় পলকৈ ন্তিমিত। আশা আসি বাবে অশ্রুবারিধারা, চমকিয়া প্রাণ. হয়ে দিশে হার্য়.

শৃক্তেতে মিশিয়া হইল ধাবিত।
নিরাশ-বাতাদ, অনুকূল তায়,
ধনুগুণ হ'তে তীর যথা ধায়,
আপন পস্কব্যে তরা উপনীত

8

শুনিবার যাহা ওনিল শ্রবণে,
দেখিবার যাহা দেখিল নয়নে,
ছিন্ন হয়ে গেল আশালতা মূল।
ভাঁধার অবনী নগনে লুকায়;

কোটবর্ষপ্রায় সেই ক্ষণকাল, করিল, অধীর, গভীর আকুল।

a

বে লাবণ্য-লতা, ধরি প্রেমফুল, আদ্রাণে ক্ষণিক করিত আকুল,

দিক্ শোভা ক'রেছিল রে আমার।

মে পূর্ণিমা-স্থা, যবে পরশিত,

মনে শীতলতা, আর না ধরিত;

সেই স্লিগ্ধ ছায়া পাব না আবার?

•

সেই মনোরমা, নবীনা-নলিনী, সংসার-সরদে নব মৃণালিনী, মম স্বেহময়ী, প্রেমের প্রতিমা, বিপদের বন্ধ্ সম্পদের ধন, অক্লের তরী, চিত্ত-বিনোদন, হুদয়ের স্থী, মনের গরিমা।

আবার কি হেরিব সে মুখ-চক্রমা? বার হাসি রাশি অসীম স্লুষ্মা. বোরতমঃ মাঝে নব দীপ-শিথা, বে বাছ, প্রেমের লজার পরশে, এ মন-কুস্থম ফুটিত হরষে, হায় রে কোথায় মম প্রাণাধিকা!

ь

শীতল, পবিত্র, কোমল-মূণাল,
কেমনে ভাঙ্গিলি রে কুঞ্জর কাল !
এথনো হৃদয়, করিছে পরশ ;
প্রেম-হেমময়ী কমলিনী মোর,
দেখে না চাহিয়া এ বিপদ ঘোর,
কেমনে আমার কাটিছে দিবস ।

৯

প্রেম-হেমময়ী কমলিনী মম,
না সহিত কভু যাতনা বিষম
ঈমৎ পরশে হুইত কাতরা;
এথন
রৈরে সেই স্লান ইন্দুম্থ,
হাস্তহীন হেরি বিদরিছে বুক,
নিরানক্ষময়ীঃশ্লান বিস্বাধরা।

ه د

মুদিত-কোমল-কোরক নয়ন,
প্রাফ্লতাহীন বিষাদে মগন;
মুদিতা নলিনী অবনী চুমিছে।
লাব াা-হিল্লেলে নাহিক বিলাম,
অপূর্ক মাধুনী হয়েছে বিনাশ,
মুক্তবেণীমালা ভূতনে লুটিছে।

>>

দরশনলাভে হয়ে উন্নাসিত,
কতই স্থার বচন করিত,
ভাবে আলু পালু প্রেমপাগলিনী,
এবে বিনিজিত ভ্তলশগ্রনে,
সেই আমি—সেই না হেরে নয়নে,
এ কি সেই মম মান গৌরবিনী?
এ কি সেই মম নয়নরঞ্জিনী?
এ কি সেই মম নয়নরঞ্জিনী?
এ কি সেই মম জীবন-মোহিনী?

3 >

চেন চেন করি—চিনিতে না পারি, मि किছूरे गार्ट, जारा, गति मति! त्म नावग्रही नुकारब्रह म्व। উন্নিতা লভা ধ্লায় ধ্নরা, কা স্থিপুষ্প লান—তবু মনোছরা— उत् समाधुती (मरहत (भीतव)

20

मिलन इरस्ट्र हां क्रहे खानन, তবু হাসি হাসি মেন রে এখন, তবু মন প্রাণ হরিয়া লয়। তবু এ ভৃষিত নয়ন আমার, **कृ**चितादत शांत्र स्थात स्थात ; তবু এ ক্রম্ম পাগল যে হয়! 18

चरमः विषय वश्य शक्तित, ज्वितात नग, जात ना ज्वित,

य पिन राहित এই ভূমগুলে;

প্রোয় সি বে, তোয় আর না ভূলিব, কিন্তু ফিরে মনে আর না ভাবিব, মোর প্রাণধন আছে ধরাতলে। ১৫

নিরাশহদয়ে না রাগিব মাশা;
প্রেমবিহঙ্গিনী, ছাড়ি আশা বানা,
না বলিয়া মোরে কোগায় গিয়েছে।
হৃদর পিঞ্জর আঁধার করিল,
প্রেণয়-শৃমাল পলকে ছিঁড়িল,
আমার প্রেয়মী আমায় ভূলেছে।

ම:--

গ্রহণে দান।

কত দিন পর বাবে ছিমু কোন কার্যবেশ, গৃহে আসিলাম শেলে মান চারি পরেতে। এক্ত ভাবে বাস্ত হয়ে, গেলাম শ্যনালয়ে, ভাঁধোর সে ঘরখানি, — মণিঁনাই ঘরেতে।

বিমল আর্গিথান, আঁধারে আকুল প্রাণ, श्वारत अन्त्रभि (अरन मुथ (हरकरहा চিরুণী চিরিয়ে বৃক, দেখায় মনের ছুথ, কবরী-কুমুম গায় ধলা মাটা মেথেছে। **Бत्र-अन क-दार्ग,** (म्हाय नाहिक प्रांग, मुगान वनम इंगे एका देख शिरम् । লইলে কৃত্বম তুলি, যেমন পল্লবগুলি, আঁধার এ ঘরপানি, কে রে মণি নিয়েছে ? विषारि वाक्ति लान, इाफ्रिय (म घत्रशान, (भनाम * * * कारक, मरन स्था नाहे (त, এ কি এলাইত কেশে, ভেরিমু রাভর বেশে গরাদে পুরণ শশী,—এত ঠিক তাই রে। ভাবিমু গ্রহণ কালে, দানে বড় পুণা ফ:ল, "কিন্তু কি করিণ দান,"—ভাবিলাম বর্থনি— আবেশে অবশ প্রাণ. দিফু আলিঙ্গন দান

এক দিন।

এক দিন

विकारन वांशारन शिया, मुश-भिन्छ कारन निया, প্রেরদী তমালতলে রহিয়াছে বসিয়া: স্থচিকণ কেশগুলি সমীরণে ছলি ছলি, অর্জ-অনাবত-বক্ষে পড়িতেছে থসিয়া। चानरत धतिया वृत्क, लागाहिया मृत्थ मृत्थ, হরিণ-শিশুর সহ গলাগলি করিয়া. অশন্ত-অমৃত-রাশি,—হাসিছে গোলাপী হাসি— সোণামুথে.—প্রিয়তমা মন লয় হরিয়া। প্রেয়সীর রঙ্গ দেখি, ভাবিলাম-"হলো এ কি ?" হাসি করতালি দিয়া, মুথে কথা সরে না ! নির্থি পুলক মম, জিজ্ঞাসিল,—"প্রিয়তম ! কেন আজি এত হাসি--গালে যেন ধরে না ?" কহিলাম,--"প্রাণেশ্বরি ৷ লোণা জলে ভয় করি, সাগরে থাকিতে নারি, গেল শশী বিমানে. তা'তে আরো দর্বনাশ, পোড়া রাছ করে গ্রাস, এত যে বিপদ হবে, আগে বল কে জানে?

শিবের ললাটদেশ, আশ্রম করিল শেষ,
সেথানেও বিষ-ব হৃ ! তাও গেল ছাড়িয়া;
অতি গোপনীয় স্থলে,— আসিল ঘোমটাতলে;
তব মুখ সেই শশী!—প্রাণ নেয় কাড়িয়া!

ঐ:—

রাগিণী লগিত—তাল আড়া।
অঁধারে মণি-মন্দিরে,
কে তুমি রমণী বল,
শোকে কোভে নিরন্তর
আঁথি ছুটী ছল ছল।
মলিন বসন পরা, ছিন্ন লতা পড়ে ধরা,
ক্তান্ত-কুঠারে, আহা, ছিন্ন সহকার—ব্বৈছি ভারত তুমি, সতীত্ব-সারল্য-ভূমি,
হারায়েছ নিজপতি সতীর এক সম্বল।

বুকে ছুরিকার রেখা যেতেছে, জননি ! দেখা, মেচ্ছে বুঝি করিয়াছে এরূপ প্রহার ? তব পাপ পুত্রগণে, দেখে নাকি ছনয়নে, ঝরিতেছে অবিরত, প্রসূ-নেত্রে অঞ্জল। শ্রী:—

তটিনী-তীরে।

S

নীরব অর্দ্ধেক ধরা, স্থপময়-শয়নে,
স্থর্প্ত মানবজাতি রয়েছে এগন,
প্রানীপ্ত অসংখ্য তারা, স্থবিমল গগনে,
রাজিছে তাহার মাঝে স্থধাংশু-স্থানন।

Ş

নিজিত-যুবতী-পাশে, স্থেময় শয়নে স্বয়ুপ্ত প্রাণের পতি সাধনের ধন, জননী-কোমল-কোলে, স্থকোমল শয়নে স্বয়ুপ্ত কুমার, স্বাহা, প্রফুল-স্থানন। 9

মধুলোভে ফুলে ফুলে, মধুময় স্বননে
দিবসে মধুপকুল করেছে ভ্রমণ,
নীরব সকলে ভারা, তৃষাতুর শ্রবণে
আর না করিছে এবে, অমিয় বর্ধন,

8

নীরব বিহস্পকুল, কুলায়েতে পশিয়া,
শান্তির কোমল কোলে শুয়েছে এখন,
বিপিনে বিটপী-শাখে, এ জগত তুষিয়া,
বাজে না বিহস্প-কৃতী বাঁশরী এখন;

Œ

কৌমূদীবসন পরা, মনোহরা যামিনী,
নীহার-মুকুতা-মালা, পাতায় পাতায়,
আহা কি স্থরমা শোভা, আঁথি-ছ্থ-নাশিনী,
কৌমূদী অমিয়ময়ী বিভাসিত তায়;

৬

অদ্রে তটিনী ওই, পশি নব যৌবনে, হাসিয়া হাসিয়া, মরি, যেতেছে কেমন, চঞ্চল লহরীমালা, কল কল স্থননে ঢালিয়া অমিয় ধারা জুড়ায় প্রবণ।

٩

চাঁদের কিরণ মাথা, তটিনীর লহরী কল কল রবে, স্থাথ করিছে গমন, কনকলহরী যেন বাজাইয়ে বাঁশরী, তুষিতে জগত-জনে, করিছে ভ্রমণ।

t

তোমার লহরীমালা, মনোহর। তটিনি,
জানি না কাহার তরে ভ্রমে নিশি দিনে,
মিলিয়া সাগরে, স্থি, অঁথি-স্থদায়িনি,
পাও কি অপার স্থুথ পতি-দরশনে?

a

তা হলে তোমার প্রেম, সথি মনোমোহিনি,
সমুজ্জল, চিরস্থায়ী, কেমন স্থলর;
নয় এ জলদ-কোলে সচঞ্চলা দামিনী,
মান্থবের প্রেমজ্যোতি সংসার ভিতর।

50

প্রকৃত-প্রণয় স্রোভ, সজনি, আমার রে, কে রোধিতে পারে এই সংসার ভিতরে ? কে রোধিতে পারে তব, চঞ্চল লহরী রে, প্রণয়-তৃষাতে যাহা যেতেছে সাগরে ?

নীরব অর্দ্ধেক ধরা, স্থেময় শয়নে স্বয়ুপ্ত মানব জাতি রয়েছে এখন ; প্রবাহিনী বহিতেছে, কল কল স্থাননে, নিশীথেও অবিরাম প্রাফুল্লিত মন।

32

স্থাময়ী যামিনীতে চলিতেছে লহরী,
মধুময় কলরবে তুষিয়া শ্রবণ—
চলিছে—চলিবে পুনঃ, পোহাইলে শর্করী,
উদিলে উদয়াচলে জগত-লোচন।

ভূমিবে প্রান্তর-মাঝে, কল কল স্বননে বিরাজে শস্তের ক্ষেত্র, যথা ছই ধার বক্ত জীবসমাকুল, স্থভীষণ গহনে বন ফুল ফুটে যথা, শোভার আধার।

38

কৌমুদী মাখিয়া এবে, মনোহরা তটিনি, তোমার লহরী থেন, কনক লহরী, রজতের ধারাসম হবে, মনোমহিনি, দিবাকর-করে দিনে, পোহালে শর্করী।

30

রাজিছে লহরী-শিরে, কুমুদ কবরী রে,
আহা মরি, কিবা শোভা নয়ন-রঞ্জন ! থেলিছে বিমল বক্ষে বিমল চক্রমা রে,
স্থভগা ভূমিই, তব স্থথের জীবন।

36

দিবদে আবার যবে, বিষাদিত আননে
পশ্চিম গগন-পারে ডুবিবে তপন,
তোমার লহরীমালা, স্থলোহিত বরণে
সাজিয়া, নুতন শোভা ধরিবে তখন।

কামিনী, কামিনী ফুল, এ সংসার-কাননে, মনোসাধে, তব তীরে বসিলে তথন, সেই শোভা, মনোলোভা, নির্থিয়া নয়নে, অপার আননে হবে, প্রফুল্ল আনন ।

36

সে ফুল রমণী-মুথ, সথি, তব জীবনে
প্রতিভাত হবে ধবে, স্থরমা শোভায়
দেখিবে লহরী তব, তৃষাতুর নয়নে—
শশাস্ক-আননে তার তুলনা কোথায় ?

29

তটিনি ! তোষার তীরে কতই নগয়ী রে, রাজিছে ভূষিত হয়ে, স্থবেশ ভূষায়, সময়ে সময়ে তাই, সে সবে দেখিতে রে, স্থাথে কি বেড়াও, স্থাি, বিমল্ছদয় ?

₹•

দেখিতে সভ্যতা-রবি সমুজ্জল কিরণে, ধবলিত সৌধমালা, নয়নরঞ্জন, বিদ্যার বিমল জ্যোতি, নরহাদি-গগনে, স্জনি ! এতই স্থাপায় তব মন ?

22

উত্তুপ ভূধর-পাদে, বিপিনের মাঝারে, ভীষণ নিভূত স্থলে, লভিনা জীবন, স্থসভ্য নগরী মাঝে, এ জগত ভিতরে, কে এত আদর লভে, তুমি গো যেমন ?

२२

মরি কি স্থরমা শোভা, তটিনীর তীরে রে, কৌমুণী-বদন পরা যামিনী মিলনে; প্রেকৃতি হাদিছে যেন ফুলকুল দনে রে, লভিয়া স্থরভি-ভার, দমীর স্থননে।

215

প্রকৃতির এই রক্ষে মোহন বাঁশরী গানে

যপনি আদিছে নিঁদা, স্থাথের সোপান,
শোকের বিষম বাবে, বিষময় প্রাহরণে,
তথনি জাগায় আদি, অভাগা প্রাণ।

₹8

প্রকৃত প্রেমের স্রোভ, সছনি, আমান রে,
কে রোধিতে পারে এই সংসাব ভিতরে,
কৈ রোধিতে পারে তব, চঞ্চল লছবী রে,
প্রেণ্য ভ্যাতে যাহা যেতেছে সাগরে ?
১৫

मङ्गिन,

নিশিদিন সমভাবে, মনের আনন্দ সবে, ওই যে লছরী তব ষাইতেছে চলিয়া, ইচ্চা হয়.

সঁপিয়া উহারি করে, মনের আনকভরে, অসার জীবন মম, যাই আমি ভাসিয়া। (ক্রেমশঃ)

3:-

ठल ।

বেছাগ-মধানান।

(আস্থায়ী)

কে তোমারে নিরমিল মনোহর শশধর, কাহার আদেশে তুমি ভুবন উজ্জ্বল কর?

শুরীর কিরণে ঢাকা,
বদন অমিয়ে মাথা,
দেখিলে জুড়ায় আঁথি,
চেয়ে থাকি নিরন্তর।
(সঞ্চারী)

কে এমন ধরাতলো, বিতামারে কলঙ্কী বলে ?
ভূলায় জগত জনে •
ও কালবরণ;

২—কার্হ্টিক।

(আভোগ) ও নয় কলস্ক-দাগ, উজ্জ্বল কজ্জল রাগ নয়নে শোভি'ছে তব,

নয়নের শোভাকর।*

সোহাগ।

5

কে তুমি রে পাগলিনি, মম হৃদিবিলাদিনি !
নয়নের পথে, প্রিয়ে, থেলিয়ে বেড়াও রে;
কে তুমি রে মনোরমে, বল বল, প্রিয়তমে !
স্থামাথা হাদিমুথ আমারে দেখাও রে ?
কিরূপ ওরুপ তব প্রিয়ে রে কেমনে ক'ব ?
কিদের তুলনা দিব ভাবিয়ে না পাই রে;
কোণাও নাহিক বাহা,তোমাতে আছেরেতাহা,
সংসারের সার তুমি কানিয়াছি তাই রে।

এই গানের স্বরলিপি বীণার পঞ্চম ক্রোড়পত্রীতে দেখ।

ર

দেশাইয়ে হাসিমুপ হরিলে সকল ছ্থ,
ও হাসি হাসিতে, প্রিয়ে, শিথেছ কোণায় রে?
বিশ্বাধরে ওই হাসি আমি বড় ভালবাসি,
স্থামাথা হাসি ওই কে না বল চায় রে?
আর কি আমি রে ছ্থী, বল দেখি, দাশম্থি!
যথন ও চায় হাসি দেখালে আমায় রে?
কাহার হাসিতে হাসি, স্থের সাগরে ভাসি,
বল দেখি, ও প্রেয়সি! স্থাই তোমায় রে।

অঙ্গে নাহি অলকার, স্থচারু বদন আর,
তবু কি দেজেছ, প্রিয়ে, মনোহর স্থাজে রে;
কে রে দে রিদিকরাজ? পরালে এ চারু দাজ,
ও দেহ স্বর্গীয় দাজে কেমন বিরাজে রে!
দেখ প্রিয়ে একবার ও দাজের কি বাহার,
দর্পণ খুলিয়ে আজ সম্মুধে তোমার রে;
কোপা লাগে অলকার, স্থচারু বদন আর?
যে দাজে দেজেছ ভাহা নারীসজ্জাদার রে।

অবার দাজেতে মিছে প্রিয়ারে দাজাও রে;
বেনারদী, নীলাম্বরী, স্থেক্স ঢাকাই দাড়ী
সোণার প্রতিমা অঙ্গে পরাইয়ে দাও রে;
কবরীতে হেম ফ্ল, কর্ণেতে হিরণা ছ্ল,
উজল নলক দিব্য চাক নাদিকায় রে;
পরাইয়ে মন-স্থে প্রসীর বিধুম্থে
স্থনে চাহিয়ে তব নয়ন জুড়ায় রে।

¢

গলায় মোহন মালা, গোঁপহার সমুজ্জ্লা,
হীরকথ চিত কত চাক অলঙ্কার রে,
শোভে পরোধর'পরে অপূর্ব হ্রমনা ধ'রে
উপলিয়ে উঠে তব প্রেম পারাবার রে।
ভূজবলী কিবা সাজে নয়ন রঞ্জন সাজে—
—তাবিজ, যশম, বাজু, বলয়, কয়ণ রে;
নিবিজ নিতম্ব'পর্মে চক্রহার শোভা করে,
প্রমদার রূপ সরে হও যে নগন রে।

দ্রে ফেল অলঙ্কার, স্থচাক বসন আর,
বুথা বিলাসিনী হ'তে শিথায়ো না প্রিরারে;
ম্যাকেসর, ল্যাভেণ্ডার, ইউডিকলোন আর,
প্রেরসীরে আর, ভাই, দিও না কিনিয়ারে।
নারীর পাকিলে লজ্জা, সেইতো অতুল সজ্জা,
লাজে আকৃঞ্চিতা গতি অবনত শিরেরে;
স্বর্গীর প্রতিমা হেন, ইচ্ছা হয় পৃজি মেন,
দিবানিশি রাধি তারে হুদয় মন্দিরে রে।

মনেতে বাসনা জাগে, কে তুমি রে বল আগে,
কোতৃহল তৃপ্তি কর, বিলম্ব না সয় রে;
যে দিন হেরিমু তোমা শুন ওরে প্রিরতমা,
সে দিন হইতে মনে ও প্রশ্ন উদয় রে।
আমিতো ব্ঝিতে নারি, শুন প্রাণ সহচরি!
কে তৃমি ? কি দিয়ে তোমা নির্মিলা বিধি রে,
কোথা প্রিয়ে সে নির্মাতা ? স্বধাই রে এ বারতা,
আজি রে বারেক তাঁর দেখা পাই যদি রে।

ь

কি অম্ল্য নিধি তুমি, বুঝিতে নারিছ আমি, উজল জহর কি রে মতি, পারা, চুনি রে; ক্যাকান্ত, চক্রকান্ত, নীল কিম্বা অয়স্থান্ত, নেত্র স্থিকর প্রিয়ে, তুমি কোন্ মণি রে? তা' নয় কথনো নয়, মণি কি এমন হয়? এ স্থানীয় প্রভা কভু রহে না তো ভার রে; উৎকৃষ্ট যে হীরা আছে আম্বক ভোমার কাছে দেখিব সে লাজ আজ পার কি না পার রে।

গলার ভ্বণ সার তৃমি কি মুক্তা হার ?
স্কোমল বাহলতা বেড়িরে গলার রে
ফ্লীতল কর প্রিরে, এমন তাপিত হিলে,
তাই সে মুক্তা মালা বলিমু তোমার রে।
অথবা সাগর ছেঁচে, বিধি কিরে বেছে বেছে,
অম্লা রতন হেন দিলেন আমার রে,
সপ্ত নুপতির ধনে শুনেছি মালিক ভণে,
তৃমিই কি তাই, প্রিরে, স্থাই ভোমার রে।

٥.

ত্মি কিরে ও প্রেরদি, শরতের পূর্ণশশী
হৃদয়-আকাশে হও আদিয়ে উদয় রে;
পৃথিবীর চাঁদ নয়, সে চাঁদে কলঙ্ক রয়,
হুর্লের মুধাংশু এ যে, কলঙ্ক কোধায় রে ?
এ চাঁদেরে স্থাদ ধোরে সুধা থাই প্রাণ ভোরে,
তব্ও মেটে না আশা, অক্লচি ভো নাই রে;
এ মুধা কোধায় ছিল, এ চাঁদে বা কে রাথিল,
বলিহারি শুণ তাঁর প্রাণ পুলে গাই রে।

>:

তুমি কি মলর বার ? পরশি আমার গার
বিষাদ-তপন-তপ্ত তমুরে জ্ডাও রে;
আই ঢাই করে হিলে, তথনি তুমি রে প্রিমে,
মলররপিনী হোলে দেহে প্রাণ লাও রে।
স্মি বারি কিলা হবে,
বুক ফেটে বার, প্রিমে, তোমারি রুপার রে
নিবারর ত্বা মম
লিদ্যাবে পানীর মম,
তোমা হেন স্বিক্ষল কেবা কোঝা পার বে প্র

> 3

তুমি কি কুস্থম প্রিরে? পরিমল বিন্তারিয়ে উন্মন্ত করেছ মম চিত্তমধুকরে রে;
কি মাধুরী কিবা গন্ধ, এ আঁথি করেছে অন্ধ, কোন্ ফুলে হেন মধু সদাই বিতরে রে?
প্রোণেখরি! বল কোথা আছে হেন কোমলতা, স্থানেভার, মধুরতা অবনী মাঝারে রে?
বড় সাধ হয় চিতে এ ফুল দেখিতে ছুঁতে, মালা গাঁথি সমাদরে গলে পরিবারে রে।

50

মানবী নহতো তৃমি, তৃমি পবিত্রতা-ভূমি,
দেবত্ব তৌমাতে প্রিয়ে, শোভা পায় সদা রে;
তৃমি লক্ষী, সরস্বতী, মহামায়া, দয়াবতী,
সরলতা মূর্ভিমতী ভোমাতে, প্রমদা রে।
অন্তর্বামিনী হো্য়ে অন্তরে বিরাজ, প্রিয়ে,
মূদিলে নয়ন তব্ ভোমারে নির্ধি রে;

দেবী ভিন্ন সাধ্য কার অন্তরে বিহরে আর ? যেথানে সেথানে থাকি, তবু সদা দেখি বে।*

38

হৃদয়মন্দিরে রাখি পুজিব রে শশিমুথি!
সোণার প্রতিমা তুমি স্বর্গীয় মূরতি রে,

যতনে পূজিব তোমা, প্রণয়িনি প্রিয়তমা, প্রণয় অঞ্জলি দিব, করিব আরতি রে।

স্নেহের চামর লোয়ে ব্যঙ্গন করিব, প্রিয়ে, যতনে প্রেমের বেদ করিব পঠন রে;

কিবা দিবা কি শর্কারী, প্রাণয়-আহ্নিক করি, মন-স্থথে, প্রিয়তমে, যাপিব জীবন রে।†

36

তুমি প্রিয়ে দেবতাই জানিলাম আজি তাই,
পূজিতে তোমায় এত উৎস্কুক হৃদয় রে;
বর দিও মনোমত,‡ ভালবাদি আমি যত,

[°] এই শ্লোকটিতে লেথকের সান্ত্রিক ভাব উপস্থিত হইল না কি ? বী—স।

[া] প্রেমভক্তির চরম সীমা। বী—স। ‡ ভূষণ দিয়ে পূজা কর, পা'বে মনোমত বর। বী—স।

ভালবেসো সেইরপ—মিনতি তে।মার রে; §
এই, প্রিয়ে, করো, ভাই, মনে যেন স্থান পাই,
ভূলো না,তোমার কভূ যার না তো ভোলা রে;
সকলি ভূলিতে পারি, ও মুথ ভূলিতে নারি,
রসায়নচিত্রসম হৃদে আছে তোলা রে।

36

প্রেরদি রে প্রাণাধার! এদ এদ এদ একবার,
দেহেতে দেহেতে আজ দোঁহে যাই মিশে রে;
পবিত্র প্রণয়ডোনে বাঁধিয়ে রাখ রে মোরে,
চিরবাঁধা রব দোঁহে, ভয় আর কিদে রে ?
তোমারে ধরিয়ে বুকে ভুলে যাই সব ছ্থে,
বেড়াই অগাধ স্থে নিরস্তর ভেদে রে;
ভাই বলি, প্রাণধার! এদ এদ একবার,
দেহেতে দেহেতে আজ দোঁহে যাই মিশে রে।

a:-

বিদায়।

(টেনিসনের অমুবাদ)

যাও যাও, প্রবাহিনি, মৃছ্ মৃছ্ নিনাদিনি, জলধী আলয় ছরা যাও;
সে রাজার কর লয়ে, মৃছ্মন্দ গতি গিয়ে, রাজকর রাজ্যারে দাও।

এই পদ আজ হ'তে, চলিল এখান হ'তে, পুন ফিরে আর না আসিবে;

জনমের ডরে তাই, তোমারে হেরিয়া যাই, চিরদিন মনেতে থাকিবে।

চুপে চুপে ধীরে ধীরে, মাঠে মাঠে তীরে তীরে নির্বরিণী ক্রমে পুষ্ট হয়ে,

ব্রোতস্বতি, বেগভরে নানা দেশ দেশান্তরে ভ্রমিমে কুসুম করে লয়ে;

ভবু, নদি, কোন স্থানে ভেটিৱে না ষম সনে, ভব তীরে কভু নাহি যাব ;

এই তরু এই স্থানে, ক্লাদিবে সাপন মনে. আমি তব সঙ্গ নাহি পাব। **এই ल**ंडा **এই ভীরে** काँशियक धीরে धीরে. অনা কোথা নাহিক যাইবে। মধুমক্ষী ধীরে ধীরে শুঞ্জরিবে এই তীরে. কভু কোন স্থানে না যাইবে। শত শত যুগ ধরি, দিবাকর তব'পরি' নিজ কর করিবে অর্পণ, শত শত যুগ ধরি, প্রভাকর-কর ধরি হৃদয়েতে করিবে গ্রহণ। বলিতেছি সত্য করি শুন পাষাণ কুমারি ! চলিলাম-ফিরিব না আর: এ জনমে তব তীরে, বলিতেছি তব কিরে, কভু ফিরে আসিব না আর।

a:

পাথি। তোর এই কাজ ?

এত যতনের পাখী কোথা গেলি উড়িয়া ? কোথাও না পাইলাম ত্রিভ্বন খুঁজিয়া। এত করে পালিলেম, এত করে শিগালেম, কিছুতেকি পোড়া পাখী মোর কথা কবে না।

এত পরিশ্রম-ফল কিছুই কি হবে না ? ২

ছোটবেশা হ'তে পাথী তোরে কত যতনে। খাওয়াতেম পড়াতেম কন্ত সয়ে জীবনে।

হেদে, বেইমান পাথী, তা তুই ভূলিয়া থাকি,
কেমনে এখন উড়ে উড়ে ফির বনেতে?

ল্রমেও পড়ে না কভু অভাগারে মনেতে ?

কষ্ট হবে, এই হেতু অতি ছোট সমরে আনি নাই বাসা হ'তে একেবারে নামারে,

পিঞ্জবেতে বন্ধ করে কেবল বাদার ধারে বেথে দিয়ে এদেছিমু মা বাপের নিকটে। তারাই পালিত আর সতর্কিত সন্ধটে।

2

নিজে নিজে খুঁটে থেতে পার যবে দেখিলাম,
তথন সাধের পাথী সন্নিকটে আনিলাম,
থত দিন পড়ালেম,
কা'ল কেন মন তোর হরে গেল উভালা।
অমনি ছুটিয়ে গেলি দিরে হৃদরে জালা।

৬

বড় আশা ছিল মনে বুকে রেখে তোমারে,
যাহা শিথারেছি, তাহা শুনিব রে আদরে,
স্থাভরা প্রেমগান, সেই রাধারুক্ষ নাম
শুনিব তোমার মুখে মন প্রাণ ভরিরা।
চুম্বিব তোমারে পরে পুল্কিড হইয়া।

শুনিতাম শুকপাথী পালিলে রে ষ্তনে,
কাছে থেকে পড়া কথা কছে দদা বদনে।
তুই পাণী বেশ ক'রে দেখালি প্রমাণ মোরে,
শিধিলাম করিব না আর কভু হেন কাজ,
অক্তব্জ হতে তোর হল নাকি মনে লাল ?

۲

ওকি ! ঐ ক্টীরের মাঝণানে ছলিছে,—
লোহার পিঞ্জর; তা'তে কি জানি কি নড়িছে।
দেখে আসি এই না কি আমার সাধের পাণী,
তাই ত রে, এই সেই আদরের ময়না,
আজি কেন মোরে দেখি হেসে কথা কয় না!

৯

হেদে পাধী,কাণ তুই, গেলি চলে উড়িয়া,
এখানে আবার তোরে কৈ আনিল ধরিয়া ?
একে নিঠুরের বাড়ী,
কখন গলায় দড়ি
দের তোর, প্রিয় পাধি ! নাইি তার ঠিকানা।
এত কট পেলে তোর প্রাণ আর রবে না।

বৃণায় তোমারে, পাথি, এত কথা কহিছি,
আপনার কর্মদোষে সব কট্ট পেয়েছি।
পরের গাছেতে ছা করেছিল বাপ মা,
তাই বলি পরে নিল হৃদয়ের পাথিটী।
নাহি পারিলাম ইথে কহিবারে কথাটা।

22

আগে যদি জানিতাম পরের গাছের ছা,
কোনমতে কোন দিন নেওয়াই উচিত না,
তাহলে কি কষ্ট করে আনিরে তোমায় ধরে
না যেতেম আনিবারে হইলেও প্রাণাস্ত।
বাড়ীর পাথীই ভালবাদিতাম নিতাস্ত।

যাহা হ'ক, মাটি থেরে যেই কাজ করেছি,
তার সম্চিত ফল ভাল করে পেয়েছি।
কিন্তু দেথে ছঃখ হয়, হায় এই প্রেমম্য
কোমল ময়না পাখী লোহময় পিঞ্জরে।
অতি ক্টে স্লান মুখে কেমনে রে বিহরে।

কি করিবি পাথী তৃই পড়েছিস্ কটে,
সর্পনাশ করিয়াছে মিলি সব ছটে,
তাই বলি বৃথা কেন দেখে স্লান হও হেন,
পবিত্র হৃদয়ে কেন কুলাজের কণ্ডুয়ন্।
কপালের লেথা পাথী নাহি যায় থন্ডন্।
১৪

বে তোরে করিল বন্ধ লোহমর পিঞ্চরে,
বোড় হাতে সবিনরে কব সেই নিষ্ঠুরে,—
তোরে যেন স্বভনে রাথে হুদি মাঝ্যানে,
মাঝে মাঝে যেতে দের পিঞ্জের বাহিরে।
যোড় করে সবিনয়ে কব এই তাহারে।

5 ¢

উপসংহারের কালে এইটুক বলে রাধি,—
দেখিতে আসিলে পাথী যেন অবশুই দেখি।
তোমার সে শশিমুধ দেখিলে মনের তৃথ
অনেক লাঘব হয় তাই এই প্রার্থনা,—
দেখিতে আসিলে কভু নইরাশ কর না।

আবার সাধের পাথি! বলি ভোরে বিনয়ে,
আমার শিধান গান যবে তুমি গাইয়ে
তুষিবে পরের মন তবে যেন, প্রাণধন,
এক্বার পড়ে মনে অধ্যাপক অভাগায়।
ইহা ভিন্ন শুকু তোর কিছু না দক্ষিণা চায়।

(শেষ স্তবক)

>9

ভবে রে সাধের পাথী আসি গিয়ে এখনে,
কালিকে আবার পাথী দেখাইও বদনে।
ভব আই মুখননী ভাবি যাহা দিবানিনি,
একদণ্ড দেখিলেই জল আসে নয়নে।
ভবে রে সাধের পাথি। আসি গিয়ে এখনে।
জীঃ—

तिशंशमा (संदर्भते |

(8)4-1011

	r: +1 [+41]	[*******	[feet]	1 1
, +	1 + 1 +	} (+ 1 + 1	+ 1 +
1 11 1	1.1.1			र ८ । . । . । यक्षि प्रश्नेत्रमा
भूषभागा विविध	प्रत्यक्ष व्यक्ष वि	पुरुष येथा से सामान	4 4 4 4 4 4 4 4 4 4 4	र विश् पर श्रम ।
	. 6 c s m 5 + 1 1 1	¶ : : : र श संश्रंच	M M + + + + 9 A 4 A	其(B 有 B B B B B B B B B B B B B B B B B B

बार्स १ बीर्स ।

r=1	Mary and 1989	1	لسها استبها استماد	/**** *****	
1	1 1 1 1		+ 1 + 1	+ 1 1	4 : 1
1 4.4. # # # # # #	र्गा । । । ।	(। ।। ।।।।। विविधनप्रवितालिकानिकानिकि	्रार्थः। र्थः। संवर्षेक्षे क्षेत्रस्थः, विष	१।.।.। विश्व प्रवेश स
1101	4 9 4 4 4 4 1 1 1 1 1 1 1	i i 🖣	विदारर स्वास्तिक	्रवार र वंशिर र छ।	46 61 . 15
917.1 1 7	ित्र र र र भ भ भ के बन	: + #	ेक्षरः • • • तात् न द्रस्तः •	1 66	व । लग्न । १३:

सरी।

				100		,	_ ,	_			1				-1	_	_								1				- 1												- 1
للحما	1	1		ì							1		١					ł)		ı)	,				ł		1		1)			+	1	,
	'	'	ı	6				l			1	,	,	ĺ	í	1		١.	1	,	ļ	,	1		,	1	Ĭ,		١.		[١		1			1		1		
. '6	ं। सुद्री	9	9	2	4	ĺ	í	Ñ.		4	1	1	Ì	1	1	9	ì	9	9	ş	7	1	1	7	Ą	Ą	1	Ž		5	4	, ,	, 4	Í	1	4	6	Á	1	1	
18	444	1		1		1		ì			7 1	a	Ħ	n			7		A			7	18		ı						4	i	٠.	1	Ţ	7	Ü,		Ľ		
16	411	1	À	1	١	1	1	1	'	١	9 1	ğ (9)	٩	13	1		ģ	٩	Ŋ	'	'	١	Ŋ	1	1	1		٩		1	Ü	1	1 9		, 1	9	٩	1	1 4	1	į.

																							Ę	1	Ì-(n) s	1																								
	٠,			_				•	٠														,	-	m)	,																									
A 1 69 80			*		1	1 1	1	\$ \$	1			1.7			1	् न	I	į	1	1 1	4	1		1	1 1		1	9		1			1	1	: : : : : : : : : : : : : : : : : : :	. 1	"	, , , , , , , , , , , , , , , , , , ,	- 11	1 1 1 1	*	1 9	9	1 1 1	7	41	1	d d	1 7 7		
4	- 1 - 1	į				1 7	- 1 fi		1 1	5	fi			1 4	1	1 1 1	Ą		1	fi k	1	ø	1		1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1		1 1)	1		4			. 1			# 1 # •		1			4	1 1	+		() () () ()	1 5	: : : : : : : : : : : : : : : : : : :		***	
9	1 9	1 9	1 1	1 9 3	· · · · · · · · · · · · · · · · · · ·	1	- 1 × 1		, i	- N			4			ļ	Ą	ļ.	Į.	* *	7	-	1) -				Į	1	9:		1	1	1 1		!!!	. 1	- 1 1 15	-	4		()	. 6	1		,				,
				·	9 1					17	1		1	1	1			1	. 1	· · · · · · · · · · · · · · · · · · ·	6) 					+	- 1		1		:	: 1	I		- - 	1		, i	i fi			1			4) (91		P	



ভারত-চিত্র ।

बश्वप्रधी—চৌতাল।*
(আস্থায়ী)
বীণার নাহি ঝক্ষার
ছিঁড়েছে তা'র চারু তার,
তানবাৈগে আর রে,
ভালি না গায়,সঙ্গে।
(অন্তরা)
কুস্থম-শোভা না বিরাজে,
লাতিকা কুস্থমে নাহি সাজে,

 [&]quot;প্রথম মণি ও কার, দেবন মণি মহাদেব" বা তদসুকৃত
 "প্রথম নাম ও কার, ভ্বনরাজ দেব-দেব" গানের হার ও তাল।
 স্তাহারণ।

যামিনীশ তারার মাঝে সাজে না বে রঙ্গে ।

(সঞ্চারী)

প্রাতে নীলাকাশ-ভালে
সূর্য্য না কিরণ ঢালে;
বায়ু আর তালে তালে
নাচে না তরঙ্গে;—

(আভোগ)

হায় রে, ভারতে এবে আলোক গিয়েছে নিবে, খদ্যোতের ক্ষীণ ভাতি, তাও নাহি অঙ্গে।

[া] বীণার ষষ্ঠ জোডপত্রীতে এই গানের স্বর্লি/পি দেইল

পুনর্শ্মিলন।

5

প্রিয়বর ?

কি বলিব ? সকলি ত বলা প্রাতন।
আদিলাম জননীরে দিয়া বিমুর্জন।
ভাসালাম ত্থনীরে, ভাসিলাম ত্থনীরে,
ভ্বালাম—ভ্বিলাম অতল সাগরে।
একটী বরব পুনঃ কাটাব কি করে ?

ર

"একটা বরষ পুনঃ কাটাব কি করে ?"
আকাশ পুরিল বরে "কাটাব কি করে ?"
ভবিষ্যৎ অন্ধকারে, কে কিবা জানিতে পারে?
কপালে যা আছে, ভাষা হইবে ঘটন।
"অদৃষ্ট" অদৃষ্ট চক্রে হয়েছে স্কন !

9

যা হবার তাই হবে—ভেবে কিবা ফল ? আমি আছি—আশা আছে—মানসিক বল— স্থ হ্ঞা-সদসৎ ভবিষ্যতে পরিণত হবে, কিন্তু জানিব না, না হলে ঘটন। তাই বলি, আশা আছে-দেখিব স্থপন!

8

নির্দ্ধারিত,—একদিন ঘটিবে মরণ;
সার সত্য—শ্রুব সত্য—বিধির লিখন।
ভবিষ্যৎ অন্ধকারে, কে কিবা দেখিতে পারে,
কিন্তু আমাদেরো, হায়, হবে বিসর্জন!
অতল বিশ্বতি-জলে হইব মগন!

¢

সেই দিন সকলেরি সমদশা হবে।
"তৃম্বি" "আমি" রব ভবে কিছু নাহি রবে।
উৎসবের পরে সবে, মিলিয়াছি পুনঃ যবে,
প্রীতিপূর্ণ মনে তবে করি নমস্কার।
কে জানে—এমন দিন ঘটবে কি আর?

b

"কে জানে—এমন দিন ঘটিবে কি আর ?" এই কি স্থাধ্য দিন ? নহে বলিবার। আমাদের স্থেরবি গিয়াছে দেখায়ে ছবি, ঘরে ঘরে হাহাকার হইয়াছে সার। ্তবে এ স্থের দিন নহে বলিবার।

٩

দেখেছিলে এ বৎসর, বল, কত জন
এ উৎসবে হয়েছিল আনন্দে মগন ?
হাসিভরা কত মুখ
নির্থিয়ে পেলে স্থ ?
এবার সবার ভাগ্যে বিপরীত ফল!
কোণা মহোৎসব—কোণা ঝরে অঞ্জল!

Ъ

যেরপে বৎসর গেল—করহ স্বরণ!
হাদর বিদীর্ণ হয় করিতে বর্ণন!
মহামারী অনাহার, শোক তাপ ছর্নিবার,
হাহাকার রবে পূর্ণ আকাশ পাতাল।
আমাদের আসিয়াছে কাঁদিবার কাল!

2

দেখিছ কি, পুনঃ ওই পশ্চিম গগনে কি ভীষণ কাল-মেব দাজিছে সঘনে ? দেখ কি, হে প্রিয়বর, নিশ্চিস্ত হয় অস্তর, ভবিব্যতে কি আশঙ্কা কর মনে মনে ? উঃ! কি ভীষণ মেঘ সাজিছে সঘনে!

20

উড়িলে পবন'বেগে, দেই মহারড়ে
বাড়িবেক হাহাকার পুতি ঘরে ঘরে।
জানিহ এ স্থনিশ্র, হইবে মহাপ্রলয়,
উলটি পালটি সব হবে ছারথার।
নাশিতে উঠিছে মেঘ এবার—এবার!

>>

দূর হোক—ও কথায় নাহি প্রয়োজন।
এস প্রিয়—ক্ষেহভরে করি আলিঙ্গন।
ভবিষ্যৎ ভবিষ্যতে,
আমরাও মিশাইব অনস্ত সাগরে।
ফুরাইবে এ ভাবনা জনমের তরে।

25

এস তবে, প্রিয়বর ! এস আর বার, জননীরে ভাগাইয়ে করি নমস্কার ! সকলি ভাদিরা গেছে, হুদি মাত্র শুষ্ক আছে, অশ্রুপূর্ণ হুদে তাহা করি নিমজ্জন, বাসনা—মিটাই করি শেষ আলিক্ষন!

ঞী:—

ভারত-সন্দর্ভ।

মম ভারতসম্পর্ভং পূণু দেবি সরস্বতি !

কি শুনিক্তেপাই, ভারতে আবার বাজে না কি বাঁশী নারীর মুথে? মধুর কবিজ সঙ্গীত-তরঙ্গে মোহিছে মোহিনী, মনের স্থবে।

Ş

অই দেখ ফিরে, নীলঁ সিদ্ধ্-তীরে হইনে ভারত, চেতনহারা— আজামূলস্বিত বাহু বিস্তম্ভিত, রাজ-কলেবর লুঠিত ধরাঁ।

সেই চক্ষু মুদে ছিল, কেহ নাহি জাগাইল;
ক্রমে ক্রমে ঘুমাইল, মহানিদ্রা ঘোরে।
মান মুর্ত্তি, ক্ষীণপুণ্য, অভিভূত, জ্ঞানশৃষ্ঠ
ভারত নীরবে আহা ঘুমা'ল সংসারে!

8

বে দিন বাল্মীকি আদি কবিগণ,
মধুর মধুর সঙ্গীত-রসে
মাতাইয়া সবে নানা রাগে রাগে,
পলকে পশিল কালের গ্রামে।

¢

ভাক একবার স্থমধুর স্বরে
ভাক আর্ত্তস্বরে—ভাক একবার;
ভারত-তনরে! দয়াত্র-স্থদরে
মধুর-নিনাদে কাররে ঝকার।

৬

"এই কি ভারত ? পূজ্য-আর্য্যবর ! ভূলেছ সে ভাষা ? ভূলেছ সকলি ? · সেই, আর্য্যকুল-গোরবের মূল—

সংস্কৃত ভাষা, দেছ জলাঞ্জলি ?

9

আহা, একি হেরি আজ, বল বল মহারাজ !
কে হানিল শিরে বাজ ? নিদারুণ কাল ?
উথান-শকতি দাই, মুখে শব্দমাত্র নাই,
সেই বেশভূষা নাই, ধনরত্ব জাল।

٠

বল বল বল, কোন্ দস্যাদলে
নির্দ্দর প্রহার শরীরে করি,
তোমার সর্বস্থ করিয়ে হরণ,
উজলিল হায়, গজনী পুরী!

৯

তব সর্বরত্ব কোন্ চোরে নিল ?
উন্নতির পথ বল কে রোধিল ?
শাস্ত্ররত্ব-কোষ কে ভত্ম করিল ?
হার, মুক্তাহার বানরে ছিঁ ড়িল !"
কি শুনিতে পাই ভারতে সাবার

বাজে না কি বাঁশী নারার করে?
গাও রে ফুকারি—গাও বার বার
মধুর মধুর মধুর স্বরে।
ভূলুক ভারত, ভূলুক বিদেশ,
তোনার মোহন, অমির-স্বরে।

٥.

অন্ত রাগে কিবা ফল! বল রে বাঁশরী বল,
ও আলাপে যায় কাল, বুথা কলকল!
কি ফল মূর্চ্চনা ছে'ড়ে, গ্রামে গ্রামে স্বর ছে'ড়ে?
গাও রে ভারত যুড়ে, পবিত্র, নির্মান।

>>

গাও একবার সম্পূর্ণ নিনাদে
শত শত পর মিলিত করি,
"এস মা, ভারতে, দেখ গো ভারতে,
অধীন ভারতে ভারতেশবি !"

33

"দেথ মা, ভারত-চকু ভাসে জলে মলিন-বদন ভাতর প্রাণ। এমন নির্থি করে না কি আঁথি? এমন নির্থি কাঁদে না প্রাণ ?

30

দেখ মা, চাহিয়ে জগতের পূজ্য সেই আর্য্য, আজ দেখ গো ফিরে, । মহারাজ, হয়ে ভিখারির মত কি ভাবে লুটিত দক্ষসিদ্ধৃতীতর।

>8

কি ভাবে এখন, পাগলের পারা, নিষ্ঠুর-আবাতে অধীন প্রাণ; ক্লুত সর্ব্ব অঙ্গে ঔষধি শেপিছ তুমি, দয়াবীত, করি ক্লুপাদান।

20

কিন্ত, মা, কি হ'ল ? এই ছ:থে কাঁদে, ("পূৰ্জ-অভ্যুদর পাব কি আর ? চাহি না চাহি না স্বাধীনতা-ধন, কোপার আমার রতনীসার!

কোথায় জামার"—) "ভাবিতে ভাবিতে শোকেতে অধীর, মলিনমুখ, চক্ষে ঝরে বারি, তর তর তর, শত শত দায় ফাটিল বুক।

কাঁদিল আবার তোমারি প্রদাদে এত দিন পরে পে'য়ে কিছু জ্ঞান. শিরায় শিরায় ছোটে শতধারে জলন্ত বিচ্যতে কৃধির-বান।

श्रुमीर्य-लगाउँ ज्ञाल ना त्रजन, রাজদণ্ড, আরু নাহি শোভে করে; তাতে হঃখ নাই, (কোথারে আমার অমূল্য-রতন) কহে আর্ত্তস্বরে।"— কি শুনিতে পাই ? ভারতে আবার বাজাও বাশরী, মনের মতন;---রাণীর শ্রবণে গাও মধুস্বরে "কোথা সে আমার অমূল্য-রতন !"

(কত দীর্ঘকাল ফল মূলাহারে জটাচীর প'রে নিদিধ্যাসনে, লভিলাম বৈই পূত-ধর্মজ্ঞান কে হরিল সেই অমূল্য-রতনে ?)"

२०

গাও রে বাঁশরী, পঞ্চমে ঝন্ধারি
সংস্কৃত স্বরে, পবিত্র-তানে,—
"নেই শাস্ত্র-সিন্ধু, মহারত্বাকর,
ক্রমশঃ বিলয়, কালের গুণে।

23

বেদের ব্লান্ডীরধ্বনি, তাহে আর নাহিশ্রনি; জ্যোতিষ চন্দ্রের জ্যোতিঃ চির-অন্তগত গণিত-মুকুতা হার উদ্ধারিবে কেবা আর; দর্শনে দর্শন নাই, আর ক্লব কত!

२२

হায়! এ বিপদে, হে ভারতেখার! নিকৎসাহ-মন, বিষয়, মলিন, ভূলেছি, ভূলেছি, আদি মাতৃভাষা, — স্বাধীন-কবিদ্ধ, ক্র'ম ক্রমে ক্ষীণ।

२७

বে দিন বালীকি ঋষি, ফলমূল সলিলাশী,
পাতার কুঁড়েতে বসি, কলেবর ক্ষীণ,
আদি কাব্য "মা নিষাদ!" স্থগন্তীরে স্থনিনাদ
ঝকারিয়ে স্থাস্থাদ, বাজাইলা বীণু;

₹8

বীর শান্তি আদি করুণাধ্বনিতে সেই যে ভারত টলিয়াছিল; সেই ক্লিন হ'তে কবিতালতায় ভীমুধাময় ফল ফলিতেছিল।

२ €

কত করবৃক্ষ, জনমি স্বভাবে
বাধানত ফল করিল প্রদান ;
কি ছিল অভাব ? মহত্বে ভারত
জগতের কাছে ছিল অপ্রধান ?

কি নির্দিয়রতে ছিল ভিল বৈশ্ব দে যবনদ্দপী-মহাঝঞ্চাবাত! গৌরব-গিরির চূড়া হ'ল ও ড়া প'ড়ে ভয়য়র মহাবজ্ঞাঘাত।

२१

সবলে ইংলগু নিল করতলে
তাই শুভাদৃষ্ট, এই পরিণাম;
নত্বা, দারুণ প্রহারে প্রহারে
ধরায় ডুবিত ভারতের নাম!
কি শুনিতে পাই ? মধুর ঝলারে
বাজে না কি বালী, রমার করে?
ভারতের রমা! ভারতের রমা!
ভারত নিরধি আঁথি না ঝরে?

24

পুন: বীণাপাণি ভারতে এসেছ;
ধরিয়া মধুর-বীণার গান ? :

বোধশক্তি কীণ, শ্রুতিখৃতিগীন, কে ধুঝিবে তব মোহন তান ?

2 2

আবার আবার বাজাও বীণার সকাতর স্বরে গভীরে মধুর; চক্র স্থ্য আদি নভৈ দ্রব হো'ক, ধরা, ধরাধর, হ'য়ে যা'ক চুর।

90

রাজমহিবীর দুয়াত্র-হাদর অবশ্র গলিবে জাহ্নবীপ্রায়; তিনি কি অজ্ঞাত ? ভারতের ভাষা ভারত হইতে বিলয় পায়!

৩১

নিশ্চর জানেন;— "যেই আর্য্যভাষা-কল্পতক-শাথে ফলিল কি ফগ। আছে কি তুলনা ? চিত্ত-বশু মন্ত্র, বসস্তের শুশা, শরতের ফল।

বেই আর্যাভাষা হ'তে অভ্যাদয়; অমৃল্য-রতন, ভারত-বৈভব; চতুর্বেদরূপে চতুর্মুথ-পদ্মে সর্ব-আদ্যকালে হইল উদ্ভব।

9/9

বেই আর্ঘ্যভাষা,—স্থমধুব বীণা, প্রতিশব্দে যার স্থকাব্য-নিঃসরে; কিন্নরীর কুঠে সংগীত-লহরী, অক্ষরে অক্ষরে স্থধারদ ক্ষরে।

٥8

বেই আর্য্যভাষা,—বিমোহন-বীণা,
রমণীর করে করিয়ে গান,—
সরস্বতী-হ'তে লীলাবতী আদি
ভারতে অর্শিল অক্ষর-জ্ঞান।"
কি শুনিতে পাই! ভারতে আবার;
বাজাও রে ঝুণ্ মহারাণী-কানে,

নিশ্চয় গলিবে দয়ালু-ফদয়,
মধুর মধুর মধুর তানে।

⊙€

"সেই-মাতৃভাষা আমরা না জানি, বিজাতীয়-ভাষা বলি বোধ হয়! হায় রে কি লজা! সে পুরাণ, বেদ, জ্যোতিষাদি শাস্ত্র, বোধগম্য নয়!

৩৬

উন্নতি ! উন্নতি ! উন্নতি ! বলিষে
অর্থকরী-বিদ্যা, স্বত্নে শিথিছ ;
তাতে ক্ষতি, নাই ;—কিন্তু, কেন বল
অম্ল্য-রতন, চরণে ঠেলিছ ?

৩৭

ধিক্ আর্য্যকুল-কুলাঙ্গারগণ।
অবীর্যাবংশ বুলি দেহ পরিচয় ?
প্রোচীনা মায়েরে মদগর্ক ভরে .
প্রেদ্যালিতেই, তিই ব্রুহদয়।

প্রাচীন-দশায় নির্বাদিত হ'য়ে
লমিতেছে মাতা, যথায় তথায় !
মা !—মা !—তৃমি চিরদিন তরে
ভারত হইতে লইলে বিদায় !
৫১

অহো কি যাতনা ! পূর্বপিতৃক্ল,
স্বর্গ হ'তে হেরি নয়নে তোরে,
কি ভাবিছে মনে ? ভাব একবার,
শোন কি বলিছে ঐ আর্ত্রনরে;—

"ও রে ভারতের কুসস্তানগণ! আর্যাবংশে জনা কেন রে লইলে? প্বিত্র স্থদ—জাতি ধর্ম জ্ঞান— রত্ন-পূর্ণ-ভাষা, জলাঞ্চুলি দিলে! ৪১

বল বল বল কোন্বিদেশীরা,.
কোন্ প্রাচীনেরা, কোন্ জ্ঞানিগণ,
২---- সগ্রায়ণ।

মস্তকে ধরেনি কোন্ পণ্ডিতেরা, পরম যতনে এ মহারতন ?*

83

শৃন্তে সে গর্জন নিঃশদ ুহইল;
নিস্তন ভারত অন্তরে কাঁদে ;
ব্রহ্মপুত্র, সিন্ধু, অশধারা মাত্র
বক্ষঃস্থলে বহে ঝর ঝর নাদে!

83

দেথ কি, ভারতি ! ভারত-জ্র্দ্শু ।
স্মরিলে হাদরে বজুর্টি হয় !
সেই বেদ স্মৃতি পুরাণ আগসম
পরকীয় দেশে পায় অভ্যাদয় !

88

কি শুনিতে পাই ভারতে আবার বীণাপাণি, এল ধরিয়ে বীণে! ধরুক এ রাগ,—ভিক্টোরিয়া-কানে "চাহ চাহ, মাতঃ! ভারত দীনে।"

বাজাও বীণার অমুদাত স্বরে উদাত্ত, স্বরিত, রাগে যুক্ত করি, *কর কুপাদৃষ্টি, সে আর্যাভাষায় "জয় জয় জয় ভারত ঈর্মরি! জয় জয় জয় ভারত ঈর্মরি! জয় জয় জয় ভারত ঈশ্বরি!

ම:-

বিজয়া।

>

আজি কি বিজয়া?
সন্থাৰ ভাতঃ ভাৱন্তনিবাসি!
নিজ্জীব এ বঙ্গভূমে, তিন দিন আসি উমে,
কাঁদাইয়া যায় কি গো মহেশুমহিনী;
চল ভবে দেখে আসি বায় উমাশশী।

₹

আজি কি দশমী ?

নামে গার শোকে মগ্ন বাঙ্গালী-হৃদয়!
শোকেতে আকুল অঙ্গ, তথাপি বিলোড়ি বঙ্গ,
ঝাঝির কাঁশরি ঘণ্টা কত কি বাজিছে;
ৰঙ্গের রমণী শিশু রঙ্গেতে সাজিছে।

9

আজি কি উৎসব ?

বল, বঙ্গবাসি ভ্রাতঃ ! জিজ্ঞাসি তোমায়; ফ্লয়েতে কালানল, ছই চক্ষে ঝরে জল, তথাপি আমোদে কেন হয়েছে অজ্ঞান?
মাতোয়ারা আর্যান্ত্ত মুমুর্ধের প্রাণ।

8

হেরি আজিকার দশা উদিল অস্তরে,
সেই দিন এইরূপ দিল্লী দরবারে।
বহুকাল নিপীড়নে, ভারত মুম্ধ্ প্রাণে,
ছিল যেই আশা, তাহা * * করে
বিস্ক্রিয়ে এইরূপে আসিলাম হরে।

Ü

অনুরূপ ঠিক তার বিজয়া দশমী; কত রঙ্গে বাদ্য বাজে, সাজে হিন্দু নানা সাজে, ংযমুনা নির্মাল নীরে দেই বিসর্জ্জন পবিত্র ভারতখ্যাতি জন্মের মতন!

৬

সেই দিন এই দিন তুল্য ছই দিন;
আজিও পশিবে ঘরে, বিদর্জ্জিয়ে শারদারে,
বাদ্যোদ্যম আমোদেতে মাতিবে আবার,
এ দিকে পুড়িয়ে বুক হতেছে অঙ্গার!

•

ভারতে এখন মহারাণী মহামারাদ্ধপে বিরাজিত, তীক্ষ্ণ অস্ত্র দশ করে, লক্ষী বাণী ছই ধারে, পদানত শত্রু-সিংহ ক্ষত্রিয় রাজন্; অঙ্গেরু লাবণ্য যেন ভাতুর কিরণ।

Ъ

ভারতের অমুরূপ এই অভিনয়। কত কাল হল গত, বোধ হয় সন্থ শত, হারায়েছে•এ লাবণ্য জননী আমার ; ফিরিবে কি সেই ভাগ্য পুনঃ একবার ?

6

জিজ্ঞাসি তোমার, মাগো, তুমি সর্কমূল, একবার ও চরণে, পুজা করি দশাননে বিনাশিলা দাশর্থি, * * * *

>0

ছর্গনের রক্ষাকর্ত্রী তৃমি, গো জননি, পূর্ব্বে যাহা দেখেছিলে,সেরপ ফি দেখে গেলে? নির্মূল হইতে হিন্দু বাকি কিবা আর ? এ দেখেও হলো না মী করণা সঞ্চার ?

22

জানি আমি মহামায়া ভক্তাধীনা তুমি;
দানবের অত্যাচারে, দেবগণে রক্ষিবারে,
কতবার দৈত্যকুলে করিলে সংহার।

কি বলিব অত্যাচার, অন্তর্ধামী তুমি, রতনভাগুার যত, বিদেশীরা অবিরত লুটে থার,—উপবাসী ভারত-সন্তান, লক্ষ লক্ষ মরে যেন মশক সমান।

20

আর এক কথা মাগো বলি ও চরণে ;—
আজি এ বিজয়া দিনে, গেলি উমা নিকেতনে,
বৎসরাস্তে সপ্তমীতে পুনঃ দেখা পাই,
ভারতের বিজয়ার সপ্তমী কি নাই?

38

যে কাল বিজয়া দিনে যবনের করে,

তুবিল জননী মোর অতল সাগরে।
যে দিন ঘোরীর সনে,
পৃথ্রায় হত রণে
সে কাল বিজয়া পরে না হল সপ্তমী;
চিরদিন স্থামী কি মা সে কাল দশমী!

34

প্রতিমা ভূবিলে জলে, লাবণ্য সলিলে গলে,

তম্ভমাত্র অবশেষে জলে ভাসে তার, ভারত এখন সেই তম্ভমাত্র সার।

20

কি বলিব তব পায় বাঁক্য নাহি সরে, এলি যে মা বাপ-ঘরে, কে নিল আদর ক'রে, সোহাগে কাহার কাছে বদিলে জননী ? কৈলাসেতে চলেছ মা হয়ে বিধাদিনী!

39

নিদ্রাগত সপ্তশত বর্ষ গিরিবর, কে আনিল তোমা মেয়ে,কে দিল্ফ বিদায় দিয়ে ? ভারতের হুঃখে ভোর জনক জুমনী অচেতন হয়ে আছে পাুষাণ পাুষাণী।

24

ছिल यथां

উচ্চতম শীর্ষাপরি দেবের নিশ্রাস, এবে সে শেথর'পরে স্লেচ্ছ অট্টালিকা করে, ক্রীড়াস্থান করিয়াছে বাকি আছে আর— বল,মা গো!—ভারতের'ভাগ্যে কি আবার ?

না জানি কি গুরুপাপে ভূগি এই ফল !
নিত্য নেই সুর্যোদর, সেই চক্র সুধাময়,
গ্রহগণ ওঠে ছোটে না হয় বিলীন;
ফেরে নাকি ভারতে অভ্যুদয় দিন!

२०

যাও, উমে ! আমোদেতে কাজ নাই আর, বঙ্গের আমোদ যত, হল চির অন্তগত, দেখিয়া ও ছায়া আর্যানাম মন ওঠে, জার্যাস্থত ক্ষীণ দেহে বজ্জ-অগ্নি ছোটে।

२5

ছ্থিনি গো, একবার উঠ মা আমার,
ক্রপ্প শ্ব্যা'পরে শুয়ে কি দেখিছ আর ?

ঐ.দেথ আর্যাকীর্তি, জলে ভাসে জগদ্ধাত্রী,
উপেক্ষিয়া ছ্থ তব যায় মহামায়া।
হলো মা ভারতে আজি আবার বিজয়া।

ত্রী:—

উন্মাদিনী।

5

চাদের কিরণে যম্না-প্লিনে,
কেরেও কামিনী ছুটি ছুটি যায়?
কখন হাসিছে, কখন কাঁদিছে,
কখন লুঠিছে ধরার গায়!
চাঁদের চাঁদিমা, সোনার প্রতিমা,
বিছাৎ-বল্লরী,—রমণী-রতন;
আলু থালু কেশ, পাগলিনী বেশ,
বুঝি উন্মাদিনী ?—উডু স্থি মন!

₹

চল পোলামিনী, কুস্থমকামিনী,
যম্নার খেত দৈকত চারিণী;
নাচিছে হাসিছে, করতালি দি'ছে,
কভু দোলাইছে মৃণাল-পাণি!
মুবতি মতন, দাঁড়ায়ে কখন;
অপরণ রূপ!—নিশ্চল লোচন!

কভ্ থাকি থাকি উঠিছে চমকি! পীন বক্ষস্থল কাঁপিছে ঘন!

9

নিসর্গ গগন ছাড়িয়ে নয়ন
অনস্ত রাজ্যেতে কভু ছুট যায় ;
কভু আশে পাশে তরাসে তরাসে,
কি যেন তালাসি পায় না, হায় !
কি যেন তানতে ক্ষণে সচকিতে
পাতয়ে শ্রবণ !—পুন আর বার
ছুটে ইতি উতি, বিদ্যুতের গতি,
চায় না পশ্চাতে ফিরিয়ে আর !

8

কভু বা যতনে ফ্ল অবচয়ি,
সাজি বনদেবী,—হাসে থল থলে!
ফ্ল উনোচিয়ে—কান্তিয়ে কান্তিয়ে,
ভাসায় সে ফ্ল যম্না-জ্লে!
কভু যম্নায় ডাকে "আয়-আয়"—
"সই!—সই!" বলি হাত্থানি তুলি!

কভু রোষভরে তরজন ক'রে, মুঠি মুঠি তায় ক্ষেপয়ে ধৃলি !

a

স্থলকমলিনী, যথা দিনমণি
থরতর করে শুকাইয়ে যায় ;—
(নিদাঘ-তাপিতা বাসস্তী-লতিকা)
অই পাগলিনী—ছুটিছে, হায় !
নবীন-যৌবনে, নব সন্মিলনে,
নবীন প্রেমের—নব-স্থ-শিরে,—
বুঝি বজাঘাত হয়ে,অকমাৎ
স্থদ্মের তার গিয়েছে ছিঁড়ে!

6

আশার শিকল, • ছেদনে বিকল;
মরমে মরমে জলিছে জনল!
শোকের হতাশ, ভাবনা বাতাস
বহিছে!—ছুটিছে নয়নে জল!
জ্বনস্ত সংসার
বালিকাঁ-জীবনে!—ভাগ্য-লিপি ফলে!

ঞী:-

যথা দিশহোর। প্রদেধের তার। ছুটিয়ে পড়েছে ধরণী-তলে!

9

আর পাগলিনি! নবীনা যোগিনি!
আভাগা বঙ্গের বিষাদ-ভূষণ!
আর কাঙ্গ।লিনি! বঙ্গ-বিরহিণি!
নিসর্গ-ভাণ্ডার—অমূল ধন!
আর আর তোরে দেখি আঁখি ভ'রে
বঙ্গ পর্ণাগারে—জলন্ত জলন!
পুলিনে পুলিনে কেন নিশি দিনে
ভ্রম, অভাগিনি!—কি প্রয়োজন?

Ъ

পিঞ্জবের পাথি ! যাও লো পিঞ্জবে !
দেখি দশা তোর হৃদয় বিদরে !
কোমল হৃদয়, যাতনা-নিলয়
হেরি অঞ্চধারা কার না ঝরে !
ছিন্ন-তন্ত্রী-বীণে ! আর বাজিবিনে •
ভব-রঙ্গালয়ে,—মুমধুর স্বরে !
অন্তগত রবি, নলিনীর ছবি
বিষাদ-মলিন—স্কুচির উরে !

श्रापम ।

প্রিয় জন্মভূমি ! স্বর্গ হতে মনোহর ধবাতলে স্থথকর তুমি, মাতঃ ! একমাত্র স্থান। তোমার পবিত্র কোলে বর্দ্ধিত হয়েছি ব'লে. স্পদ্ধা করি পৃণীমাঝে ভারতীয় নাম। ধরাতে প্রাচীন জাতি আর্যাসম কার খ্যাতি, আর্যাদম কাহার সন্মান? नर्सकारन नर्सरमा वार्यात स्थाि दिवारम. তোমার মহতী কীর্ত্তি দবে করে গান।

2

জননি ! হত বটে স্বাধীনতা, ভারতের স্থুৰ কথা আজি বটে স্থপন সমান, আর্য্য ঋষি-বেদগান ক্ষত্রিয়ের খর বাব আজি বটে উপকথা সম বর্ত্তমান ! হিমাদ্রির উচ্চ শিথা অন্ধিত কলম্ব রেখা. আজি বটে ভারত খাশান. পश्चिम काऋती जन, পবিত্রতা নিরমকা গত আজি বঞ্চিত করিয়া হিন্দুস্থান।

এত দিনে, হায়,
ভীম কর্ণার্জ্ন বীর লুপ্তস্থৃতি ভারতীর,
পঞ্জাব সহাদ্তি শুসময়;
হাহতাশ বার মাস, ভারত দাসের বাস,
বোদিছে ভারত আজি বিজাতীয় জয়।
হায়, আজি অন্ধকার ঘেরিয়াছে চারিধার,
স্থপ্ত আজি ভারতের বীণা;
ভারতের পূর্ব্যশ কালেতে কালের বশ,
সত্য বটে, হত এবে ভারত-মহিমা।

8

কোণা এবে তাঁ'রা?—
বাল্মীকি, কালিদান, ভবভূতি, বেদব্যাস,
কপিল, কণাদ, পাতঞ্জল ?
প্রিয়পুত্র ভারতের শাক্যসিংহ, শঙ্করের
নামমাত্র স্থতিপথে আছে গো কেবল।
গিয়াছে সে সব দিন, ভারত জীবনীহীন,
সার এবে নয়নের জল।
কিছুই নাহিক আর চারি দিকে হাহাকার,
ভারত-গৌরব-রবি গত অস্তাচল।

¢

গিয়াছে দক্লি মা'র, দ্ব্যের পীড়নে আর

কিছু নাই যত রত্ন ধন,
গোলকোন্দানিঃশেষিত, দিংহলের মৃত্যা যত
মাণিক প্রবাল মণি কোথায় এথন ?
নাহি কহিত্বর মণি, আজি তব ধনে ধনী
অর্থলোভী উরূপা ভবন;
আজি গৃহে অর নাই, অনশন সর্ব্ব ঠাই,
চারিদিকে অর বিনা উঠিছে রোদন।

হায়!

মা, তব মলিন মুথ হেরিয়া বিদরে বুক,
কে মুছাবে নয়নের জল ?
মলিন পরণ-বাস, আলুয়িত কেশপাশ,
পর পদাঘাতে, আহা, ক্ষত বক্ষঃস্থল!
ভারতসন্তানগণ! ঘুম-ঘোরে অচেতন,
কেন নাহি ভাব এ সকল ?
হা অম্ব ভারতভূমি! কত বা সহিবে ভূমি ?
কবে মা ঘুচিবে তব কুগ্রহ-কুফল।

ভারতহিতৈষী দেব বিজ আর্গ্য ঋষি একবার দেথ আদি উদাসী ভারতবাদিগণ ; জননীর হত মান, কণ্ঠাগত প্রায় প্রাণ, তথাপি কাহার মনে হ'ল না চেতন ? ধনহীন মানহীন, হা জননি ! কত দিন এইরপে ধরিবে জীবন ? পরপদানত হয়ে সদা পরম্থ চেয়ে হুথে শোকে কত দিন করিবে যাপন।

দ
স্বৰ্ণপ্ৰস্থাতি যার, এই কি গো দুশা তার,
এই কি মা চরম তোমার ?
কীণবপু হীনবল, দেবি পর পদতল,
যাপিতেছ দিন, ত্যজি নয়ন আসার!
হার, মাতঃ, এ ব্য়সে এই ছিল অবশেষে,
এই কি গো লিপি বিধাতার ?
হা ভাগ্য! হা দৈব! ধাতা! হা ঈশ্বর! হায়,পিতা!
কোন্ দোষে ছ্থিনীর যাতনা অপার ?

কি আর বলিব ?—
ভারতসস্তান আমি, সম্থেতে, জন্মভ্মি!
ভাসিতেছ নয়নের জলে।
কিছু নাহি করিলাম; কিছুই না পারিলাম,
কভু নাহি ভাবিলাম ছ্থিনী মা ব'লে!
তবে, মাতঃ, কেন আর • বহ মম দেহভার,
মৃত্যু মোরে করুক কবলে।

ফুটেছে জ্ঞানের আঁথি, বুঝিতে নাছিক বাকি, তবে আর কোন্ মুথে রব ধরাতলে ?

) •

কাঁদিতে এসেছ তুমি, কাঁদ, মা ভারতভূমি ! কিন্তু, হায়, রূপা এ রোদন;

স্বদেশের দশা স্মরি, ভারতের নরনারী কেহ নাই ভাবে মাগো জীবনে কথন।

তোমার সস্তানচর কেহই ক্তজ্ঞ নম্ন, তুখে কেহ করে না ক্রন্দন;

তবে, হায়, কেন আর রোদন করেছ সার বুঝেছি ভোমার আর হবে না মোচন।

হে ভ্রাতঃ ভারতবাসী ! জননীর ছ্থরাশি,
বল দেখি দেখিছ কেমনে ?
যে ভীষণ ছ্থানৰে জননী-জীবন জলে,

य ভাষণ জ্থানৰে জননা-জাবন জ্বলে, জ্বলে না কি প্ৰাণ ভব সে ভীম জ্বলনে?

এরপে উদাস ভাবে আর কত কাল রবে ? জ্ঞান তব হবে কত দিনে ?

উঠ ভাই, উঠ ভাই, না'র আর গতি নাই, সন্তান তোমরা যদি না হের নয়নে।

a:—



প্ৰভাত আইল অই। ভৈৱবী---নধামান। (আস্থায়ী) প্রভাত আইল অই. ভারত জাগিল কই ? প্রভাতের পাথী ডাকে. ভারত শুনিল কই ? (অন্তরা) প্রভাত-আলোক পেয়ে, শতদল প্রসারিয়ে, জলে শতদল ফুটে, পরিমল ছুঠে অই;

১—পৌষ।

(দঞ্চারী)

কিন্তু, হায়, একি দেখি,
ভারত মলিনমুখী
না মিলিল আঁখি ছু'টি
কেন রে;—
(আভোগ)
প্রভাতে জাগিল বিশ্ব,
হইল নবীন দৃশ্য,
খুলিল অসংখ্য আঁখি,
ভারতের আঁখি বই ।*

দেবসঙ্গীত।

হরযোগাসন কৈলাস ভূধর রজতদল্লিভ দীপ্ত কলেবর অনস্ত তৃষার-আসার-পাতে।

বীণার সপ্তম ক্রোড় পত্রীতে এই গানের স্বরলিপি স্তষ্টব্য।

উচ্চ চূড়া-শিখা আকাশ ভেদিয়া ব'রেছে পশ্চাত দিক আবরিয়া, নীল নভোভালে স্থগুত্র তিলক, বারি ঝর ঝর ঝরি'ছে ভা'তে।

₹

কাল ঘনকুল আসি' ঘন ঘন,
খেতজলধারা করে বরিষণ,
ক্রপ যা'র কাল, গুণ তা'র ভাল,
ভাল ক্রপে গুণ ভাল কি গুধু?
কোকিলে জলদে সমান তুলনা,
মযুরে মানবে সমান তুলনা,
ক্রপ যা'র কাল, গুণ তা'র ভাল,
ভাল ক্রপে গুণ ভাল কি গুধু?

9

সলিল-শীকর মাথিরা সমীর
চুমি'ছে গিরির নভোভেদি শির,
প্রভাত-তপন লোহিত বিরণ
মাথাই'ছে ধীরে বিশাল চুড়ে।

তপনের তাপ-গলিত হিমানী গড়া'রে পড়ি'ছে, তলায় তটিনী সাদরে তাহারে করি'ছে গ্রহণ ; শবদ উঠি'ছে স্বদূর যুড়ে।

8

কৈলাসের তলে তরুগুলাগণ
সমীরে করি'ছে শির সঞ্চালন,
সমীরো তা'দের ফুলপত্রচয়
ছিঁ ড়িয়া ছুড়িয়া ফেলি'ছে ভূমে।
কুস্থমভূষণা লতিকা নিচয়৾
তরুবক্ষে রাধি' কোমল হাদয়,
লুটিয়া পড়েছে অগাধ ঘূমে।

C

শিলা-মল ধু'মে ঝরি'ছে ঝরণা, ''যাই—যাই—শিলা! সর না—সর না" বলিয়া ধেন রে ছুটি'ছে তটিনী, উলটি' পালটি' আছাড় থেমে। ছুটিতে ছুটিতে পশিরা গহ্বরে ধন ঘূরে নদী গরজি' গন্তীরে, দেখিতে দেখিতে পুনঃ ক্ষীত হ'রে, বহিভাগে আদি' বহি'ছে ধেয়ে।

৬

অনার্য্য প্রবাহ অতি থরতর,
শিলার লাগিরা গর্জে ভরম্বর,
দেন রাশি রাশি উঠি'ছে ভাসিয়া,
ছিটা'য়ে পড়ি'ছে শিলার গায়।
থর স্রোভঁ'পরে ভাসি' বার ফুল,
তলার গড়ার ক্ষুদ্র শিলাকুল;
এঁকে বেঁকে নদী ছুটিরা গায়।

٩

গৈরিক ধুইরা কোণাও পড়ি'ছে, কোথাও প্রকৃতি কোরারা ছুড়ি'ছে, কোথাও পবনে বালুকা উড়ি'ছে, কোথাও আবার কিছুই নাই; কোন থানে পুনঃ পর্বতীয় পাথী শাথি-শাথে থাকি' উঠিতেছে ডাকি'; শিলাসহ কোথা মাটী মাথামাথি, কোথা বন পুড়ে উড়ি'ছে ছাই।

٦

এ হেন কৈলাস পর্বতের তলে
সহসা ভারতী চৌদিক উজলে।
কোথা হ'তে আজ হেথা আগমন,
এই আগমন কিসের কারণ ?
নরে কি বুঝিবে দেবতা,মন ?
হ'ল দৃশু-শোভা অতি মনোলোভা,
কৈলাসের তলে খেলে দৈব প্রভা,
দিবা কি রজনী—রজনী কি দিবা,

কিছুই বৃঝি না ;—শোভা নৃতন।

আইলা ভারতী খেতাজ্বরণী, পদে নৃপুরের মৃছ রণরণি, ধবল ছকুল কৃটিতে বেষ্টিত, চঞ্চল অঞ্চল ভূতলে লুঠিত,
গ্রুমুক্তামালা ছলি'ছে গলে;
খেতপদ্ম হ'তে যদি কিছু আর
মনোহর থাঁকৈ ভূবন মাঝার,
তা'রো চেয়ে আরো অতি অপরূপ
রূপরাশি থেলে বদনতলে।

পদ্মকলিম্থ ছ্'থানি বলয়
হীরকজড়িত অতি শোভাময়,
মণিবন্ধ'পুরে দোলে ধীরে বীরে,
ভামকরে কর ছুটি'ছে তা'য়;
অপূর্ব্য কুণ্ডল কর্ণে শোভা পায়,
গলমৌক্তিকের নোলক নাসায়,
মণিচূপিমতিমরক্তমণ্ডিত
সীমস্তভ্যণ শোভা বিলায়।

নামস্তভ্বন দেশভো বিলার।
১১
লোহিতাজ জিনি' রাঙ্গা পদ ছ'টৈ,
তাই ও চিকুর পড়িয়াছে লুটি'
শিরস ছাড়িয়া চরণ-মূলে।

আল্রিত কেশে কমলের মালা, কেশ সহ দোলে পেরে অঙ্গদোলা; শিরসে শোভি'ছে কমল কীরিট কুস্থম-কেসর-কলকা পুলে।

۶٤

বাম কুদ্ধি পরে বীণাদন্ত থু'লে,
বাম বাছ দিয়া তা'কে জড়াইরে,
দিশিণ করেতে একটি সরোজ
ধারণ করিয়া ঈষত্ চাপে,
আপনার মনে (কি জানি) কি ভাবি'
অচল করিলা স্ব চঞ্চল ছবি;
স্পণেকের তরে নয়ন মুদিলা;
কেবল চিকুর আঁচল কাঁপে।

১७

আবার তথনি মেলিয়া নয়ন, সচল করিয়া অচল চরণ, কৈলাসের তলভূমি পরিহরি', উঠিতে লাগিলা উপর পানে; কিছু দূর উঠি', দেখিলা তথায় শোভে শৈলকায় নৃতন শোভায়, ভৌধরী প্রকৃতি নাচিয়া বেড়ায়, হাসিয়া হাসিয়া মোহিত প্রাণে।

>8

তলশৈলে যাহা, সেখানে তা' নাই;
শিলায় শিলায় কাকা সর্ক ঠাই;
প্রকৃতি স্থন্দরী আপুনার মনে
কতই গড়েছে শিলার বেদি।
কোথাও গড়েছে শিলার সোপান
আঁকা বাঁকা—পুন কোথাও সমান;
কোথাও গড়েছে উপল-নিবাস;
কোথা স্তস্ত-চূড়া গগনভেণী।

٥.

আপনি গড়েছে— স্নাপনি আবার ভেঙ্গেছে কতই, সংখ্যা নাই তা'র; সঙ্গে কেহ নাই—আপনি'একাই সেই খানে স্থাধ বিহার করে। গিরিদেহ তেঁদ করিয়া কোথার, আকাশের গায় ফোয়ারা ছুটায়; পুনঃ কোন থানে পাতরে তুষারে ঘ্যাঘসি করে ছ' করে ধ'রে।

313

বাষ্প রাশি রাশি কোথা হ'তে আদি'
ঘূরে দেই থানে, গিব্রুদেহ গ্রাদি';
তাহারি ভিতরে প্রকৃতি রূপসী
থেলি'ছে;—থুলি'ছে অধ্যে হাসি।
সৌন্দর্য্য মিশিয়া ভয়ের নহিত
সেইথানে আছে চির বিরাজিত:

তথু বাষ্পরাশি ভূধরগ্রাদী!

প্রাণিশুন্ত ঠাই--কোথা কিছু নাই,

59

দেবী সরস্বতী সেই স্থান দিয়া,
আবো উর্দ্ধে উঠে দেখিয়া দেখিয়া
প্রকৃতির কাক্ষকার্যা-গুণপণা,
নব ভাবজালে মোহিত হ'য়ে।

তুষার-আসারে ভিজিল বসন, ভিজিল হীরক-কমল-ভূষণ, ভিজিল কুস্তল, অসিত বরণ; ঝরে হিমজল চরণ ব'য়ে।

36

তথা হ'তে পুনঃ ছবিত গমনে
উঠেন ভারতী আরো উর্দ্ধপানে।

হক্ষ দেবদৃষ্টি চলে যতদ্ব,

ততদ্ব তলে দেখিলা চেয়ে,—
নাহি দেখা যায় মানব-ভবন,
নাহি দেখা যায়, তটিনী কানন,
যা' দেখিতে আশা, তা' নয়নে আর
নাহি পড়িতেছে বিশ্বিত হ'য়ে।

22

অধোম্থ হ'রে নীচুপানে চান,
আবার সরিয়া উঁচুপানে যান,
নীচে ধায় মেঘ, অনিবার্য্য বেগ,
বারি ঝর ঝর;—মুত্র ডাক।

জলদের পিঠে রবি-কর খেলে, উজল বিজলী জলে কাল কোলে; উপরে আলোক—নীচে অন্ধকার, তলে জলরাশি—উপরে ফাঁক।

२०

দেখিতে দেখিতে আরো উর্দ্ধভাগে
উঠেন ভারতী নব অমুরাগে;
দেখিলা তথায় আবার নৃতন
দৃশু অপরূপ বিচিত্র অতি;—
তলস্তরে গিরি-শিলা আব্রিয়া,
ত্যারের রাশি জমাট বাঁধিয়া,
বিরাজ করি'ছে অক্ষয় হইয়া,
ভাতে তহুপরে তপন-জ্যোতি।

23

অতি শুত্রবর্ণ, নাহি কোন দাগ, যেন মৃর্তিমান্ ধর্ম মহাভাগ অচল হইরা অচল উপরে আকার লুকা'রে করেন ধ্যান। স্থীর সঞ্চারে শীতল পবন তুলি'ছে সেথানে মৃহল স্বনন ; গলি'ছে হিমানী—তথাপি অক্ষয়, নাহি দেখা যায়ুকভু পাষাণ।

२२

দেখিলা তথায় দেখী সরস্বতী
কিছু দ্বে জলে দীপ্ত চিরজ্যোতি;
তপনের কর মিশিয়া তাহায়,
আবো দীপ্তিরাশি দিতেছে ঢালি'।
যেন সেই স্থান জ্যোতির আকব;
ভ্ধরের জ্যোতি ছুঁ'য়েছে অম্বর,
দৈব জ্যোতির্জালে দিগদিগন্তর
পলকে পলকে উঠে উজলি'।

२७

অতি ক্রতপদে যাইরা তথার,
দাঁড়াইলা বাণী স্তম্ভিতের প্রায়।
দেখিলা অদ্বে তুষার-মন্দির
তুষার-ত্রিশ্লে ছুঁ'য়েছে নত;

চারু ইক্রধন্ম সে ত্রিশূল'পরে পতাকার মত দিক্ শোভা করে। সে মহামন্দিরে হরিষ অন্তরে বিরাজ করেন ভবানী ভব।

₹8

কোথা কিছু নাই,—আকাশে আকাশে,
মৃত্যুন্দগতি শীতল বাতাসে
আপনা আপনি উঠিতেছে ধ্বনি,

অতি মনোহর অমৃতপ্রায়।
প্রতিধ্বনি পুনঃ সে ধ্বনি লইয়া,
ভূধর-গহ্বরে অলক্ষ্যে মিশিয়া,
করিতেছে থেলা থাকিয়া থাকিয়া;
নব প্রতিধ্বনি উঠি'ছে তা'য়।

20

মন্দির-ছ্য়ার্কেনেথিলা ভারতী,— পশুপতি-বামে দাঁড়া'য়ে পার্ক্ষতী; কিছু দূরে নন্দী, কাঁদে রাথি' শূল, করযুগ যুড়ি' দাঁড়া'য়ে আছে। কোকনদ জিনি' হু'টি চাক কর রাথিয়া শিবের করের উপর, মূজ্ভাষে শিবা মাগি'ছে বিদায় ; সজ্জিত কেশরী দাঁড়া'য়ে কাছে।

२७

হরিষে কেশরী হইয়া মগন,
শিবার শরীর করি'ছে লেহন,
কেশরি-রসনা-নিঃস্ত লালায়
উমার শরীর ভিজিয়া যায়;
লোমগুজ্পুজু নাড়িয়া কেশরী
পুলক জ্ঞাপি'ছে ধীর শব্দ করি',
কভু বা উমার মুখের উপরি
ভাসা-ভাসা-চ'কে সুধীরে চায়।

२१

সপ্তমীর ভামু লোহিত বরণে তবকে তবকে উঠি'ছে গগনে, কিরণের রেথা উমার বদনে" পড়ি'ছে; স্বমা থেলি'ছে তা'র। "বেলা হ'ল, নাথ ! উঠেছে তপন ; ভারত দর্শন করি গে এথন ; তিন দিন পরে আসিব আবার ; কিন্ধরী তোমার বিদায় চায়।"

२४

মনে ইচ্ছা নাই,—মুখের বচনে
কহিলা শঙ্কর: "এদ, বরাননে! এই তিন দিন প্রতি বর্ষে মোর
নরক নিবাস—মনে যেন রয়। এস, প্রিয়তমে! এস, মহাসতি! কেশরিবাহনে কর শুভ গতি, ভারত দেখিয়া, অবিলম্বে পুনঃ

২৯

সে কালের দৃগ্যি অতি চমৎকার,
কে পারে বর্ণিতে

শূত্রন সাধ্য কা'র

সগতজ্বননী জগতপিতার

সে কালের দৃশ্য বর্ণিব কেমনে

১

শিবার বাদনা ভারত দেখিতে, শিবের বাদনা ধরিয়া রাখিতে; শিবার নয়ন শিবের চরণে, শিবের নয়ন শিবার বদনে।

90

কেন কালে বাণী, দৈববীণাপালি,
প্রাণমিলা দোঁহে, অমৃতভাষিণী।
মহেশ, মাহেশী আশীষিলা তাঁ'য়;
কহিলা ভবানী মধুর ভাষে:
"সলোকু ত্যজিয়া সহসা এখানে
কেন এলে, বাছা! কি ভাবিয়া মনে?
যা'ব আমি আজ ভারত দর্শনে,
বল ত্বা, আসা আজি কি আশে?"

৩১

শিবানীর মুথে । নি' এই বাণী,
না দিলা উত্তর কিছু বীণাপাণি;
তুষার-উপরি বদিয়া অমনি,
ঝন্ধার দিলেন বীণার তারে।

ঝাঁকে ঝাঁকে অনি আইন উড়িয়া, লাগিন গুঞ্জিতে চৌদিক যুড়িয়া, বীণার ঝাঁকার, ভ্রমর-ঝাকার, চমৎকার ধানি ভ্রমরণেরে।

७२

ত্বারের রাশি ধপ্ ধপ্ করে, কাল অলিকুল তাহার উপরে, বিসরা পড়িল—আবার উড়িল, স্মুপাধাযোড় ভিজিয়া গেল। সঙ্গীতপ্রস্তি দেবী সরস্বতী, এক্মন্দ্রীর-ক্ত-মধ্যগতি

বাজার্কী বীণা-মধ্র মধ্র, ইংদ্রে রব ছুটিরা গেল।

(ক্ৰমশঃ)

কদাকার কাল মেঘ, ভীম-গরজন বেগ,
তবু সেই মেঘ বই কেউ মোর নাই রে।
সে গুণীর গুণে আমি অধীনী সদাই রে।
পারে কি কখন কেহ ক্ষয় করি' নিজ্ব দেহ,
করিতে পরের হিত কাল মেঘ বই রে ?
এই অসামান্য গুণে রেখেছে আমারে কিনে
জলদ,—জলদ বই আমি কা'রো নই রে।

२

কাম্ক কাম্কী যা'রা, ক্লপে তা'রা ভূলে রে,
'আমি তব' 'তুমি মম' রূপেরই মৃলে রে।
গুণ ভালবাদে যা'রা, রূপে তুচ্ছ ভাবে তা'রা,
নির্বোধ শুধুই ভূলে শিম্লের ফুলে রে।
আমি ভালবাদি গুণ,
বালদি' সবার আঁথি, জলদের কোলে রে।
জলদে নাপেলে মোর, হাদি নাহি খোলে রে।

9

জলদ আমার স্বামী, তা'র প্রিয়তমা আমি,
তা'রে ছাড়ি' কণকালো না থাকি কোথাও বে,

रियंदिन क्ला बार्फ, विक्र नी उ जा'त कार्फ. যথা মেঘ নাই---নাই আমিও তথাও রে। পাইয়া বায়ুর বেগ যেখানে যেখানে মেঘ বর্ষি' সলিল, ধায় হইয়া উধাও রে. আমিও তাহার দনে হাসিয়া উন্মতমনে. থেলা করি, সত্য কি না, একবার চাও রে। (यह (थना (थनि आमि न'रा जनधरत (त. সে খেলা খেলিতে পারে কভু নারী নরে রে? নাথ মোর ঢালে জল, আমি জালি কালানল. উভরে বেড়াই উড়ে সমীরণ ভার রে। वाति वादत वात वात, निका गांत्र नांती नत, 'বড়ই স্থাের ঘুম' এই মনে কর রে। এমন সময়ে মোকে জলদ ইঙ্গিত করে. আমিও হাসিয়া উঠি' উচ্চতর স্বরে রে, 'বড়ই স্থথের ঘুম' পারণত ডরে রে !

Œ

জলদের কোলে থেলি, কখন নরন মেলি, কভু ঘোমটার মূখ ঢাকি মুদি আঁথি রে:

কভ্ জলদের পানে চেয়ে থাকি খোলা প্রীণে, কভ্ তা'র কাল কোলে লুকাইয়া থাকি রে। আবার কখনো স্থথে, জলদের কাল বুকে মোর স্বর্ণ-দেহ-লতা এঁকে বেঁকে জাঁকি রে; ক্ষণেক কালের তরে, আমার রূপের করে ভূতল জ্লিয়া উঠে হেম-প্রভা মাথি'রে।

অনস্ত আকাশ-তলে গভীর মেঘের কোলে
আমার অনস্ত থেলা, কিন্ত কবি বলে রে,

•মিলে যত স্থর্বালা করি'ছে জলদে থেলা,
তাঁ'দের অঞ্চল-দশা থেকে থেকে জলে রে।
নয়ন মুদেও থেকে তবু জীব মোরে দেখে,
আঁথি মাঝে তা'র মোর আভা ঝলমলে রে;
এত জোরে আমি হাসি, স্থদ্র ভ্তলবাসী
আঁধারে আঁধার আঁবো দেখে পলে পলে রে।
পথে পথিকের পদ ভয়ে নাহি চলে রে।
(অসম্পূর্ণ)

বাণী-বিলাপ।

চিন্তারপ স্বপ্ন ঘোরে কে আসি ছলিল মোরে;
বিমান-চারিণী-বামা, চাক বিশ্বাধরা
কৈলোক্যে-মোহন রূপে উজ্বলিয়া ধরা,
ভারতের নভঃ-কেন্দ্র কার আরোহণ,
বিসিয়া পুষ্পক রথে মলিন-আনন।
ধবল-বসন, ধবল-ভূষণ,
ধবল-শরীর কান্তি
শারদ-কৌমুদী ভ্রান্তি,
স্থনীল-কুন্তল-জাল
ধেন নব-মেম্মাল

त्रभी सम्ती।

হেন রূপ ! মরে যাই ! কখন ত হেরি নাই !
স্থির হয়ে ভেসেছিল নীরদস্থলরী ।
ক্ষণপ্রভা, নীলাকাশে লীগার লহরী ।
বদন ভাগিতেছিল নয়নের নীরে,
রোদন করিডেছিল স্থাীর গভীরে;

রূপেতে অপরী।

"আয় রে ভারত! দেখি একবার সোণার বাছনি চাঁদ রে আমার! কেন মুগধানি এমন আঁধার? কেঁদ নাুকেঁদ না আর, যাছমণি!

হারাধন! মোর আয় আয় কোলে, ডাক, বাছাধন! ডাক মা; মা বোলে, জুড়াক হৃদয়, স্নেহের হিলোলে ভাস্ক অমিয় সাগরে অমনি ১

মনে আহুছ কিছু ? তোমায় বে দিন ছরস্ত যবনে করিল অধীন ; ভূমিও হইয়া দ্য়ামায়াখীন অধ্য-চরণে শরণ লইলে ?

মূঢ়গণ যবে এই খীনাথায়
বারখার কত দলেছিল পার,
একবার ফিরে চাহিলে না মায়,
কি ভাবিয়ে, বাছা, নিদ্য হইলে ?

সর্ব অঙ্গে মম অস্ত্র বরিষণ
সর্ব অঙ্গে মম ক্ষধির-পত্ন,
সর্ব অঙ্গে মম জ্বলে হতাশন,
সে যাতনা কভু ভূলিব কি আয়ুর?

উছ! দুেই কথা হইলে স্মরণ, ভারত রে; ভোর মুখ-দরশন করিতে চাহে না তাপিত নয়ন, অনল-কণায় ঢালে শত ধার।

সিংহস্কত, যদি বলহীন হয়,
কভু কি তাহার হয় তেজঃক্ষয়?
আর্থ্য-শির কেন অবনত রয়
নিদয় মুসলমানের নিকটে!

धिक् विक् जूरे कांशूक्यवर, यवन-ठद्रत्व रुख म छवर, ठित-अभवादम रामारत अगर दिक्ति आसात्र जीवन महरहे! তাই, বাছা! আমি হয়ে অনুপায়
চিরদিন তরে লয়েছি বিদায়!
আসিব বলিয়া প্রাণ নাহি চায়
কৃত স্থুতে আছি বলিবারে নারি;

পূর্ব্ব-মেহ তব করিয়া স্মরণ,
দেখিতে এসেছি ও চাঁদবদন;
সেই অনাথায় চেন কি এখন?
সেই তব মাতা পথের ভিথারি!

আদিয়ায় আর কি হবে আদিয়া!
কত সুধলাভ ইংলণ্ডে বদিয়া।
যাহার মায়ায় গোলোক ভূলিয়া,
ভূলোকে পুলকে করিতেছি বাদ।

ফুান্স, প্রিরস্থত ইংলও, জর্মান্
কতরূপে মম বাড়াইছে মান!
করি নব নব অলঙ্কার দান
মান কান্তি মম করিছে প্রকাশ।

মধুকরসম গুণ গুণ গানে
মধুধ্বনি বোগে স্থালিত তানে,
বন ফুল দলে, স্থা-স্থাদানে
উল্লাসিছে সদা প্রিয় স্তগ্ন,

বিজ্ঞান-পুষ্পকে করি আবোহণ অক্ল অধরে করি বিচরণ, তারা-ক্লবনে করিয়া ভ্রমণ কত শোভারাশি করি দরশন।

বছদ্বে থাকি দেখিতে ন। পাই,
দ্রবীণ-পথে নম্বনে পাঠাই,
গ্রহ রবি শশী ভূতলে আনাই,
সে নবে হেরিয়া হই পুলকিত।

कनधत्र-त्कारन माहिन जोनाभिनी, रेमवारन माछिक रयन कमिनो, हेक्क्षक्र-भार्म विम क्वाकिनी, हमरक हमरक हहे विस्माहिन।

ভূলোক, স্বলোক, কিবা রত্নাকর, যথা ইচ্ছা তথা ভ্রমি'নিরস্তর, ক্রতবাহী বড় দাড়ী, কর্ণধর, আজাকারী, বায়ু, বরুণ, অনল। সম্বাদবাহিনী, অতি চমৎকার, তারে পাঠাইয়া দেই সমাচার: তড়িৎ, জড়িত ভয়েতে আমার, লিখিয়া জানায় সংবাদ সকল। विना (ऋरह (मथ. अमी भ मकरन, ঘোর ত্যোরাশি কেমন উভলে ! যেন মণিহার রজনীর গলে, মনোহর শোভা দোল দোল দোল ।

এ সকল ফেলি কোথা মন ধায়?
তোমার ছুৰ্দশা শুকুনিয়া তথায়
এসেছি, রে বাপ! দেখিতে তোমায়,
ফিরে কি জুড়াবে জননীর কোল?"

লেখক ভারতকে পুরুষপদবাচ্য কুরাতে ইহা আমাদের

ভারত, কাঁদিয়া ধীরে ধীরে
নয়ন ভাসারে শোক নীরে
মলিন-বদনথানি, তাতে বৈহে অশ্রুপানি,
ভৈদ্ধমুখে ক্রি দৃষ্টিপাত,

শোকোচ্ছাদে করিয়া বিলাপ,
প্রকাশিছে মনের সস্তাপ।—

"এসমা, এসমা মোর হের গো যাতনা ঘোর,
কি দশায় করি দিনপাত।

স্নেহ মায়া দয়া পরিহরি, স্নেহময়ি, দকলি পাদরি, ফিরে চাহিলে না আর; মা, মা, বলে কতবার দিবানিশি ডাকি যে তোমায়।

মনোগত হয় নাই। ব্যাকরণ দুমতে ভারত ক্লিবলিঙ্গ, কিন্তু কবির চক্ষে যোগনাটী গ্রীলিঙ্গ হইলেই ঠিক্ হয়। ভারতের প্রতি ''বৎস" "বাপ্' প্রভৃতি সম্বোধন স্চক শব্দে মন বদে না, বলা বাহল্য।

কিছু নাই কিছু নাই আর!
'মৃম কোল হয়েছে আঁধার!
স্কৃতি-সস্তান যৃত্, সকলি হয়েছে হত,
এবে আমি দীন হীন প্রায়।

মুখোজ্জল করেছিল যারা,
ক্রমে ক্রমে লুকাইল তারা;
উদিয়া সন্ধার কাল্কে উজলি কিরণজালে
প্রাতে যেন লীন হয় তারা।

ধীরে ধীরে আসি কাল চোর,
সব ধন হিরি নিল মোর,
সেই স্থুখ, সে বৈভব, কোথায় রহিল সব ?
এবে সার যাতনাই ঘোর!

কোথা সে বাল্মীকি মাদি কৰিবর!
আগে ছিল বেই চোর-র্ত্থাকর;
সেই বিষধর, পেয়ে ত্রন্ধাবর,
হয়ে গেল শেষে অমৃত-তরু!

কাব্য, সুধাময়-শান্তি-রদ-ফল, তাহে টল টল করুণা, বিমল; আহা, যেই ফলে দিব্য-জ্ঞান ফলে, কোথা গেল দেই জ্ঞান-কল্ল-তরু!

ফলমূলাহারী, ক্ষীণ কলেবর,
তব্ঁও উৎসাহে মাতারে অন্তর,
গভীর ভীষণ ভীম গ**ক্ষ**ন
প্রেচণ্ড সমরে করিল কত;

ছুর্মতি রাবণে মাতাইয়া কামে বিদ্যাধরী-বালা, বসাইয়া বামে, কিন্নরী, দানবী, অমরী, মানবী, আনিয়া স্বর্গের অপ্সরী শত।

আহামরি, সেই সোণার লক্ষায় পাঠাইয়া সীতা—অনল-শিথায় করি ছারক্ষার স্থবর্ণ আপার; রক্ষঃকুলে তায় আছতি দিল। একাধারে রাখি কত রূপগুণ রামে বসাইয়া সিংহাসনে পুন ; নীতা চক্রমুখী, করি চিরছ্খী; জানকীকান্তে কত কাঁদাইল!

আহামরি ! যার হৃদয়-কমলে
বিদিয়া গভীর-কানন বিরলে,
(যেন শভদলে বসি কুভ্হলে)
বীণাপাণি-বাণী, বাজাত বীণা;

অমিয় মধুরু ধারা রামায়ণ,
আহা, স্থশীতল করিছে শ্রবণ।
আর কেঁ শুনাবে? মব মব ভাবে
স্থমধুর-গান, বাল্মীকি বিনা!

স্থলর তাপস- দীর্ঘ জ্বীধর, বাকলে শোভিত ক্ষীণ কলেবর; সেই বনফুলে, কে লইল তুলে? কে হানিল বুকে শোকের শেল; জননি ! তোমার চরণ সেবার চিরদ্বিন তরে রেখেছিল্প তার ; সর্ববিগুণাধার-তনর আমার করি অন্ধকার কোথার-গেল!

কোথা বেদব্যাস বেদবিকাশন! অমৃতবর্ষণ যাহার বচন, করিয়া শ্রবণ স্থভাবুকগণ, সন্তরে আনন্দ-সাগর জলে।

ভাব-রত্নরাজি করিয়া গ্রহণ, নব নব গুণে করিয়া গ্রহন, মাজি নবরসে রসনা-নিক্ষে, দোলাইল হার ভাবুক-গলে।

করনা-মালিনী, উদ্যান ভ্রমিয়া,
নৃপতি-প্রস্থান বাছিয়া আনিয়া,
ভারত-মালায় সে ফুল যোগায়,
যশঃপরিমল শোভিত যায়;

যে কুস্থমফূল, শোভায় অতৃল যাহার সোরতে ধরা সমাকুল, অতি নিরমল ঝরে পরিমল, ক্ষি-অলিকুল-প্রমোদে পীয়ে।

নীল শতদল, তাহে স্থগোভন, নীলকান্ত-কান্তি-শ্রীনন্দ-নন্দন; ভক্ত-মধুকরে গুণ-গান করে, মধুবারা-পানে প্রফুল-হিয়ে।

ধরণী-মাঝারে যেই চক্তকুল, আহা, রূপে গুণে শোভার অতুল ! এ ভারত-হারে প্রমোদে বিহারে যশঃপ্রভা ধরি অতি বিমল।

আরো, মরকতসমুঁ স্থচিকণ, মান্ত্রী, কুস্তী-আদি কত সতীগণ, ভারত-মালায় কত শোভা পায়, চক্ত্রকুল-মাঝে তারার দল। তাহে স্থচিত্রিত পঞ্চ পাণ্ডুস্তত, পঞ্চমণিসার কিবা শোভাযুত; চক্রকান্ত মণি, তাহে গুণমণি; যুধিষ্ঠির শোভে ধর্মোর,জ্যোতিঃ।

আহামরি, তার কিবা মনোলোভা সতী রত্নরূপে পাঞ্চালীর শোভা; পঞ্চরত্বসহ সেই অহরহ চক্রকুলে কত উজলে সতী।

আহা, যে কল্পনা, অতি মনোরমা!
চাত্রীর চূড়া, কুহুকিনী সমা,
ধরি নানা বেশ ভ্রমি দেশ দেশ
নানা রঙ্গে কত যোগার রস,—

শ্রীঃ—

(ক্ৰমশঃ)



(थम ।

পরজ—চৌতাল

(আস্থায়ী)

বল বল, আর কত দিন, থাকিঁবে ভারত, হায়,

হ'য়ে মানহীন ?

'(অন্তরা)

ভারতসন্তানশণ ঘুমা'বে কত দিন ? বল, কত দিন পরে ঘুচিবে ছুর্দিন ?

ভারতের দরশন,* নাটক পুরাতন, ইতিহাস আদি কবে পড়িবে সকলে ? কবে কাব্য আলাপিতে. বেদ, উপনিষদ ভারতের সারধন नहेरव मकरन ? বল, কত দিন পরে আবার ভারতেরে হাসিতে দেখিব পুনঃ, আসিবে স্থদিন ?†

শ্ৰীঃ—

দরশন—দর্শন, ষড় দর্শন।
 † বীবার অন্তম ক্রেনড়পত্রীতে এই গানের স্বরলিপি ক্রন্তব্য।

দেবসঙ্গীত।

(পূর্ব্বপ্রকাশিতের পর।)

90

ন্ধীয় স্থীয় মৃর্দ্তি ধরিয়া তথনি, ছয় রাগ আর ছত্রিশ রাগিণী আইল সেধানে, মুছল স্থতানে

বীণা-রবে দিল মিলাইয়া স্বর।
চম্পক-অঙ্গুলে আঘাতিয়া তার,
আবার ভারতী তুলিলা ঝন্ধার';
বাদন-ঝায়ামে বদনমগুলে

ফুটিয়া উঠিল স্বেদ পরেপর।

08

বীণাদগুবদ্ধ-সারিকা-উপরে বামকর চলে ক্রন্ত-মধ্য-ধীরে, গ্রামে গ্রামে ধ্বনি, মৃহ উচ্চ হ'রে,

শ্বরবিচিত্রতা করিতে লাগিল। নানা ছাঁদে ছেড় চিকারীর তারে চিনি চিনি করি' বাজে প্রতিবারে; গমক মূর্চ্ছনা দমকে দমকে, আঘাত-কৌশলে কতই হইল।

90

প্রক্ষেপ, বিক্ষেপ, পরশ-রুন্তন, আঘাত-রুন্তন, আশ-বিবর্ত্তন কত যে হ'তেছে, কে বলিতে পারে,

যে কালে আপনি বাদিকা বাণী?
বীণা-যন্ত্ৰ-তারে উঠে দৈব রব,
রাগ রাগিণীর স্থরব-উৎসব;
ভৌধরী প্রকৃতি হইল মোহিত,
প্রতিধ্বনি-মুথে স্থর বাখানি'।

৩৬

বাদনব্যায়ামে বদনমগুলে
ফুটিয়া উঠিল স্বেদ ধরেথর।
ফুলিতে লাগিল স্থার দোলনে
খেত পদ্ম জিনি' পুতকলেবর।
পৃষ্ঠনিপতিত কেশাগ্র ফুলিল,
কমলের মাল্য ফুলিতে লাগিল,

পলকে পলকে ছলিল নোলক, ছলিল মুকুটে কুস্থম-কেসর।

99

ৰাজা'তে বাজা'তে ভারতী তথন তুলিয়া অপূর্ব স্বর্গীয় স্বনন, ধরিলেন গান, ভুলে গেল প্রাণ;

যদ্ধে গলেন্দ্রিন উঠিল জোরে;
তুষার গলিয়া পড়ে ঝর ঝর;
গিরিবক্ষ যেন কাঁপে থরথর;
চল প্রভঞ্জন অচল হইয়া,
উলটি পালটি' সেথানে ঘোরে।

৩৮

বীণাযন্ত্র বাজে অঙ্গুলির ঘায়,
কণ্ঠ হ'তে গীতুধনি মিশি' তা'র,
জড় মহীধরে ক্লাগা'রে তুলিল,
উথলি উঠিল আনন্দ-ধারা;

ক্ষণকাল তবে সচল তৈপন অচল হইল ধরিয়া গগন; প্রভাতের শশী হইল ন্তন ; আবার ফুটিল মগন তারা।

GO.

তলপ্রবাহিনী নির্মারিণীচয় গতি রোধ করি' থমকিয়া রয়, দঙ্গীতে স্করব পুনঃ মিশাইয়া,

উঠিল উজানে উপর পানে;
নাচিল জলদ, খেলিল বিজলী
কৈলাস-গহার নিকর উজলি';
শির তুলে শিলা তুষার ঠেলিয়া,

মোহিত হইয়া অপূর্ব্ব গানে।

8 o

গায়িলা ভারতী বীণা বাজাইয়া; বীণার হৃদয় উঠিল নাচিয়া, সবার হৃদয় গেল রে মিশিয়া,

কি-জানি—কি এক অপূর্ব স্থাথ। কোটি স্থাৰ্গ যেন কৈলাস-দৰ্শণে বিশ্বিত হইল অচল মিলনে; কোটি ইক্ত আসি' অসংথ্য লোচনে দাঁড়াইল যেন অবাল্ব্থে।

83

কি-যে ইক্রজাল গেল রে খুলিয়া,— কি-বে মায়ামূর্ত্তি উঠিল থেলিয়া, অপার্থিব কাণ্ড কি-বে-কি-রকম,

কি-বে অলৌকিক অছ্ত ব্যাপার !
গ্রহ উপগ্রহ তারকামগুলী
ছুটিয়া আসিল আকাশ উজলি';
তা' সুবার মাঝে হাসিয়া বিরাজে
অমর-অন্ধনা কাতারে কাতার ৷

8२

দীগুদিবাকর কোটি মূর্ত্তি ধরি'
উষ্ণ তেজোরা দি দ্বে পরিহরি',
আকাশ ছাড়িয়া, আসিল ধাইরা,
ঝরিয়া পড়িল শীতল কর;
অতি অদভ্ত এ কি•রে ব্যাপার,
কোটি শশী দেয় আকাশে সাঁতার!

কোটি ইক্রধন্থ বিননী-আকারে ভূষিত ক্রিল নীল অম্বর।

89

গারিলা ভারতী বীণা বাদাইয়া;— উড়ে ফুলকুল আকাশ ছাইয়া, গারিলা ভারতী বীণা বাদাইয়া,—

অমৃত ঝরিল আকাশ ব'রে।
গামিলা ভারতী বীণা বাজাইয়া,
আকাশে অপ্সরা উঠিল নাচিয়া,
গামিলা ভারতী বীণা বাজাইয়া,—
গামিল কিয়র মোহিত হ'রে।

88

গায়িলা ভারতী: "অয় বিশেখরি!
কোথা যাও আজ গৃহ পরিহরি'?'
থাম, দেবি! থাম; — এ মিনতি করি,
কেশরিবাহনে কোথায় যা'বে?
বেও না দক্ষিণে— যেও না, শক্ষরি!
কৈলাস ভূধর আজি পরিহরি';

যে আশায় যা'বে, সে আশা বিফল, স্থাথের বদলে অমুথ পা'বে।

80

"হায়, এ কি আজ বিশ্বিত ঘটনা, নরক দেখিতে দেবীর কামনা! কিছুই বুঝি না—কা'র মান্নামত্তে

মহামায়া আজি নরকে যায়;

বাঁ'র নাম শ্বরি' পাপিকুল তরে,

তিনি নিজে যা'ন নরক-ভিতরে,
পাপি-পাপ হরি', তা'রি কি সে ভারে
বাধ্য হ'য়ে শিবা যাইতে চায় ?*

88

এই গান গেয়ে, তথনি আবার তারা গ্রামে তুলি' বাণার ঝঞ্চার, গারিলা: "অহ কি ভীবণ নরক দক্ষিণ ব্যাপিয়া রয়েছে ওই ?—

হিৰালয়-মূল হইতে দক্ষিণ, পূরব হইতে অদূর পশ্চিমে উৎকট নরক বিকট আকারে ভয় উৎপাদিয়া গরম্বে ওই !

. 89

"ওই দেখ, দেবি ! দৈব চক্ষু তুলি',—
নরক তোরণ ভীম নাদে খ্লি'
ভাস করিতেছে কোটি কোটি পাপী,
ভার্তনাদ ওই উঠি'ছে নভে !
নরক-হৃদয় বিদীণ করিয়া,
আকাশ পাতাল দিগন্ত দহিয়া,
নরকের বহু করি'ছে গার্জন,
বিশ্ব চমকি'ছে দে ঘোর রবে !

86

"কোথা অগ্নিশিথা লোহিত বরণ,
কোথা নীল, পীত দেখিতে ভীষণ,
কোথা ধ্মাচ্ছন— ধাঁধি'ছে নয়ন,
কোথা বা সঘনে লক্ লক্ কবে।
গভীর গর্জনে কৃষি' প্রভঞ্জন
অনলের সন্তে ক্রে মহারণ,

একমূর্ত্তি অগ্নি শতমূর্ত্তি হ'য়ে, ঘূরিয়া পড়ি'ছে উপর অম্বরে !

8 8

"সমীরের বেগে অধীর হইয়া, দগ্ধলৌহপিও যাই'ছে উড়িয়া, পাপি-শিরে পুনঃ সঘনে পড়িয়া

শতধা মন্তক ভাঙ্গিয়া ফেলে !
মর:মর হ'য়ে তবুও মরে না ;
যত্ত্বণার বেগ হৃদয়ে ধরে না !
শতধা মন্তক ্যোড়া লেগে পুনঃ
মুকুমু হি ডুবে লবণ-জলে !

¢ o

"গগন ভেদিয়া উঠি'ছে চীৎকার, ওই শুন, দেবি ! শব্দ হাহাকার ; নয়ন ফুটিয়া বহে অঞ্ধার, তথাপি নিস্তার নাহিক কা'র। অগ্রিময় চক্র অনিবার্যা বশ্বে

भन भन तर्व नर्छ हूरि हुल,

ছিন্নভিন্ন করি' মহাপাপী দলে, ক্ষণে হইতেছে আকাশ পার।

c۵

"জবধাতুময়ী নদী বৈতরণী,
ওই দেখ, যেন অনলবরণী,
তর তর বেগে নরকের ধারে
গভীর গর্জনে ছুটিয়া যায়;
কোটি কোটি পাপী তৃষিত হইয়া,
বারিপান-আশে ছুটিয়া আদিয়া,
আছাড় খাইয়া গড়া'য়ে পড়িয়া,
পলকে পুড়িয়া উড়িয়া যায়!

৫२

"অগ্নিম নক্র, অনল-কুঞ্জীর বৈতরণী-গর্ভে গরজে গঞ্জীর, দ্রব ধাতু ভেদ ক্রি' সে গর্জ্জন, পলকে পলকে বাহিরে আসে। ধাতু কাঁপংইয়া লাঙ্গুল-ঝাপটে দ্র উল ছাড়ি' উর্দ্ধে ভাসি' উঠে, ভয়ম্বর মুথ ব্যাদান করিয়া, পরগ্রাসহারী পাপীরে গ্রাদে !

৫৩

"অহো, কি ভীষণ, কর মা দর্শন,— হুতাশন-শৈল ছুঁরেছে গগন, বড় ভয়ম্বর, তাই দিবাকর

আতঙ্কে ওথানে নাহিক যায়;
পলকে পলকে ঝলকে ঝলকে
ওই শৈল হ'তে অনল চমকে;
আগুনের মেঘ বিজলী দমকে
চারি ধারে ওর গরজি' ধায়!

¢8

"ওই গিরিদেহ বিদীর্ণ করিয়া, দ্রবধাতু-উৎস উঠে উছলিয়া, দেখিতে দেখিতে ছুটিয়া আসিয়া,

পুড়া'মে ফেলি'ছে পাতকীদলে; এই হাহাকার,—ক্ষণে নাই•আর, এই দেখি পাপী,—ক্ষণে ভুম্মাকার, এই দেখি যাহা—ক্ষণে নাই তাহা নরক-মায়ার কৃট কৌশলে!

¢¢.

"ওই মেঘ-দেহ বিদীর্ণ করিয়া, অগ্নির্টিধারা পড়ি'ছে ঝরিয়া, অবৈাম্থে যেন অনংখ্য হাউই ভয়ন্কর ডাকে ছুটিয়া আদে; ও বৃষ্টি-আঘাতে মহাপাপিগণ পরিক্রাহি' মাত্র করি' উচ্চারণ, ওই দেখ, সবে ভস্মের আকারে ভরল ধাতুর উপরে ভাবে!

CY

"যবক্ষার রাশি ওই শৈলাকার, গন্ধকের স্থূপ ওই ভারে ভারে, অঙ্গারের চূর্ণ রাশি রাশি ওই, আপনা আপনি মিলিত হ'রে, দপ্করি' জ্লি' বিকট গর্জনে জ্গতের পাপ মহাপাপিগণে ছির ভিন্ন করি' কোথা দেয় ফেলি' অনস্ত আকাশে উড়া'য়ে ল'য়ে।

49

"ওই দেখ, সতি ! আকাশে আকাশে ছিন্ন মুণ্ড ছিন্ন কলেবর ভাদে ; কা'রো ছিন্ন পদ, কা'রো ছিন্ন কর,

কা'বো ভগ্ন অস্থি ভাসিয়া যায়! অগ্নিময় পক্ষী উড়ি' শৃত্যোপরে, আকাশ কাটা'য়ে স্থবিকট স্বরে, ছিন্ন অঙ্গুলা লুকিয়া লুফিয়া, উদ্ধু পুরিয়া গিলিয়া খায়!

вb

"কোটি কোটি অসি চমকি' চমকি'
তপ্ত সমীরণে করে লক্লকি,
আপনা আপনি তাড়িতের বেগে
যথা পাপিকুল, তথায় ছুটে;
অসংখ্য বন্নম, ছোরা, ছুরী, তীর
ছুটে পাপিবক্ষ করি' শতচ্বি,

অগ্নিম্থী শলা ভূজন্ধ-আকারে পাপীর উদরে সজোরে ফুটে। ৫১

"অগ্নিবেথা মাথা মহাভার গদা পাপি-শিবঃ'পরে ঘূরি'ছে সর্মদা, আতঙ্কে পাতকী পরিবাণ-আশে

শিরে কর ঢাকি' ছুটিয়া যায়,
কোথার পালা'বে ?—নাহি পরিত্রাণ,
ওই দেথ, মুথ করিয়া ব্যাদান,
অয়ি-অজগর গর্জি' ভয়য়য়,
য়াদে আকর্ষিয়া তা'দিগে থায়।

৬০

"নরকের বক্ষ সহসা ভেদিয়া,
অগ্নি-জালা দ্রবধাতু উল্গীরিয়া,
ফোয়ারার মত উঠি'ছে নিয়ত,
ভর্ ভর্ শব্দ সজোরে উঠে;
ভয়ে পাশিগণ পালাইতে চায়,
কোধার পালা'বে ?—মহাবায়-ঘায়

আঘাতিত হ'য়ে ঘূরিয়া আবার, অগ্নি-ফোরারায় পড়ি'ছে ছু'টে।

৬১

"রসাতলম্পর্শী গভীর গহার জনস্ক অঙ্গারে পূর্ণ নিরস্তর, উপরে তাহার মৃত্তিকার ভার;

পাপি-চক্ষে ভ্রম লাগি'ছে তার;
মাটা দেখি' পাপী ছুটাছুটি যার
আশার ছলনে, প্রাণের আশার,
কিন্তু পলকেতে অনল-গহারে
ভূবিয়া পড়িয়া প্রড়িয়া যায়।

७२

"নরকের দার, মহাভয়ক্কর, খুলি'ছে পড়ি'ছে নিজে'নিরস্তর, কড় কড় ধ্বনি কাঁপায় অস্বর,

হয় বেন শত অশনিপাত ; পর্বতের চূড়া কোথা লাগে তা'র, এত উচ্চ ওই নরকের দার, করে মুহুর্ছ অনল উল্পার,
কপাটে কপাটে ভীম আঘাত।
(ক্রমশঃ)

জলের শৈত্য।

विताम मिलाल, विताम त्क्यन, কমল ফুটিয়া আছে; বিনোদ অরুণ কিরণ মাথিয়া প্रवन-शिद्धारिन नारह. বুকে পরিমল, ঢল ঢল করে, পতি-মুথ চেয়ে হামে; ञ्चनीन जाकारम, यन हान्यनि, টলমল করি ভাসে, মধুপ আদিয়া, মধুর গুঞ্নে, মোহিছে কমল-চিত, মধ্-আশে আজি, আশে পাশে ওর, গাইয়া প্রেমের গীত!

মুতুল প্ৰন- আঘাতে অবলা, হেলিয়া ছলিয়া কত, হেরে নিজ রূপ, সরসী-মুকুরে, ম'থানি করিয়া নত। আপনার রূপে মোহিত হইয়া. তলিয়া বদন থানি, মধু ধরি হৃদে, ডাকিছে পতিকে, কটাক্ষ-শায়ক হানি। বিমারিয়া বালা কর-শত-দল. धतिशा धरवत करत, वित्रश्-(यहन वात्रण कतिएक. রাথিয়া হাদয়-পরে! রবিকর থর, পারে না পশিতে, কাযেই কথন জলে. ভাইত স্লিল, স্থানীতল অতি,

শীতলে তাপিত-দলে !*

 ^{*} এই কবিতার শেষ চারি পংক্তির মর্ম আমাদের মর্ম্মগত ইইল না।
 বী---স।

২---মাব।

উপহার-গীতি।

খামাজ--- মধ্যমান।

মন প্রাণ কে হরিল স্থমধুর স্বরে রে! পুন কি বাজে গো বীণা বীণাপাণি-করে রে! হৃদয়-মোহন প্রাণ, প্রবণ-মোহন তান, স্থার স্থার যেন, মোহন-ঝঙ্কারে রে! নিকুঞ্জে ফুটিল ফুল, গুঞ্জরিল অলিকুল, অন্তর হ'ল ব্যাকুল, পিক পঞ্চ শরে রে ! নিদ্রিত ছিল সকলি, চমকিল'আঁখি মেলি, শুনে মধুর কাকলী, কাঁদিল অন্তরে রে। কে গোবহুদিনান্তরে,কাঁদাইতে ভারতেরে श्रुगीय श्रुधात धारत, कीवन मक्षारत रत। ধর ধর, বীণে ! ধর্ এ মন-কুস্তমহার, রূপে রদে গল্পে হীন, দীন উপহারে রে। মুগ্ধ------------

কি মাধুরীময়ী! কি মাধুরীময়ী!
আহা আহা মনি, কি লাবণাময়ী!
হাবি হাবি হাবি চতুর্দশী-শশী
নীলিম-পগনে ভাবিল অই;

মধুর মধুর স্থরদে রসিয়া, মধুরা যামিনী, বিমলে হাসিয়া, নীরবে, গভীরে স্থদয়ে ধরিয়া

নিমিধে ভূবন বিমোহিল রে।

অপূর্ণ-শণীর অপূর্ণ-মণ্ডলে, কিন্তু অসম্পূর্ণ-অমিয়-হিলোলে ভাদিল মোহিনী, ললিত-তরক্তে অক্টিত্রিম-বিভা উইলিল রে।

४ किছू अम्पूर्ग,—नदीन नैतीन, পুরু পুরু তবু किंছু कोन कोन, ক্রমে অক্বত্রিম-বিভার তরঙ্গে ছলু ছলু, থাকি ছলিয়া বিভোর;

¢

ডুবিল ডুবিল অমির-হিলোলে,
কিছু কিছু নাই এল এল ব'লে,
ত্বায় অধীর বিলাদে এলা'ল,
তেমনি তেমনি চাহিছে চকোর।

b

আপনারি ভাবি ; তেমনি চুকোর, তাপিত-জীবন, লাবণ্যে বিভোর ; উড়ু কিন্তু !—রহি রহি চায়, 'অসম্পূর্ণ, তাই যেন নবচোর।

9

এমন জগতে,—ঠিক এ সময়
সকল নয়ন প্রফুলতাময় ?
পবিত্রতা-রসে মুচিয়া মুচিয়া,
মুহুঃ নিরথিছৈ এ মাধুরী চয় ?

Ъ

এরপ ভ্বনে,—ভাবুক-নিচয়, ভাবমদভরে মহর-হাদয় ? আপন ভ্লিয়ে, ভ্লিয়ে সংসার, দৃশু যা, দেখিছে পুরি অ"াথি-দ্নয়?

ລ

হেন ধরাতলে, ঠিক এ সমর
স্বারি দর্শন পবিত্রতাময় ?
কাপট্য, খলতা, চৌর্য্য, হিংসা, দেষে,
কল্মিত কারো আছে কি হাদয় ?

20

ঠিক এ সময়, এই ধরাতলে, হয়ত কোনও কামিনী ভূতলে নাথের বিরহে শোকে অচেতন, নবোৎপল-নেত্র ভাুুুুানে অক্রজনে।

>>

হয় ত কোনও হৃদয়-নিল্নী, কান্তে পরিহরি ডুবে একাকিনী, অক্ল, অতল কাল-সিন্ধু-নীরে; কোন শোভা তার হুদয় মোহিনী?

25

একই জগতে—একই শোভার ভিন্ন মধুরিমা একই সমন্ন, অমৃত—গরল, গরল—পীযুষ, একই আস্থাদে, একনেত্রে, হান্ন!

20

এই অপূর্ণতা, স্বদয়-মোহন, কেবল বিধুতে স্থা বরিষণ। কেবল বারিদ করে বরিষণ, কেবল ভাছতে ময়ুথ-কিরণ,

28,

একটা দর্শন, একটা শেবণ, একমাত্র মন, এক আবাদন, একে বিমোহিলে পাসরে সংসার, একমাত্র বিনা সকলি আঁখার। 30

এই অপূর্ণতা, জগতে মধুর,
ফুটেনি প্রস্থন, বাদন্তী-লতার
ফুটু ফুটু ভাব, নব কলিকার,
মোহিয়া মধুপে কাঁদায় প্রচুর।

39

সলজ্জ, বঙ্গের বামার বদন,
অবগুঠনেতে অপূর্ণ-দর্শন,
আারো মনোহর, সলাজ, অফ্টুট কুন্মুম-কুলিকা, হৃদয়-মোহন।

29

কিছু কিছু মুথে, কিছু কিছু মনে, আরো মনোহর, অপূর্ণ যৌবনে— যে ভাব বিকাদি সকুস্তলা-সতী, প্রথম, মোহিল ছয়স্ত ভূপতি।

16

আরো মনোহর ;—সিরন্ধা-যুবতী, দ্বীপ নিবাদিনী, অপূর্ণা-প্রকৃতি ;— (সমাজে অজ্ঞান) রূপে স্থর-বালা, গুণে দেবী সমা; মোহন-মুরতি,—

25

অপূর্ণা কৌমুদী, কেমন হাসিল!
ভূবন ভূলাল, হৃদর মোহিল;—
হেরি, যত হেরি—আরো দেখি, চাই
দর্শন-সমুদ্র ক্রমশঃ—গভীর।

२०

নবীন-বিলাদে, নবীন-বিনোদে, নবীন-হাসির নবীন-প্রমোদে, নবীন-শোভার নবীন-বিনোদে কত যে নক্ষত্র ডুবিয়া অধীর!

23

হাসিবে, হাসিবে, তেমন হাসেনি,
ফ্টিবে, ফ্টিবে, তেমন ফ্টেনি,
পূরিবে, পূরিবে, তেমন পূরেনি,
অপূর্ণ কৌমুনী, তাইত এমন!

२२

সকলেরি যেন, কিছু কিছু নাই,—
কি নাই জগতে ? কি নাই ? কি চাই ?
কিছু বিছু নাই, স্থলর, কেমন!
অপূর্ণ-শশৃদ্ধ, তাইত এমন!

२०

দৈখিব, শুনিব,,পাইব যেমন, দেখেছি, শুনেছি, পেয়েছি তেমন ? হয়েছে অপেক্ষা—হইবে মধুর, অপূর্ণ ক্রক্রমা তাইত এমন !

₹ 8

প্রায় পূরু পূরু সকল-মণ্ডল, পূরিবে কেবল, করিছে বিকল; পূরিলে কি হবে • আশার বিরাম, স্কুবের অবধি, মন্তের বিশ্রাম।

२৫

কি লাভ! কি ফল ? প্রিলেই ক্ষয়, যত হাসি, তত কাঁদিতেই হয় জলিলে নির্নাণ, পূরিলেই ভয়, উন্নতি হইলে পতন কি নয়?

২৬

পূরিলে কি হবে ? মানব-জীবন,
স্ফোতস্বিনীপ্রায় পূরে অভুকণ;
ভরা পূরা ভাবে তর তর তরে
ভীষণ-'ভাটায়' কটাক্ষেই দরে।

२१

পুরিলে কি হবে ? ইংলগু-ললাটে অপূর্ণ-চল্রুমা, কেমন প্রকটে ;—
পূরিলে কি ফল ? পূর্ণিমায় ত্রান,
পাছে কাল-রাহু, আসি করে গ্রাম।

27

পূরিলে কি হবে १—উন্তির স্রোতে ।
ভাসিল গৌরবৈ ইহারা জগতে,
সর্ব্ব-বস্ক্ররা, জিনিল মহত্বে,
সাহিত্য, বিজ্ঞান, আদি ধর্মততে।—

23

পরিপূর্ণ হ'ল ;—ভারত, মিদর,
রোম, গ্রীদদেশ, পূর্ণ কলেবর।
হা মিদর! গ্রীদ! হায়, রোমদেশ!
হায় রে, ভারতে স্থপ হ'ল শেব!*
শীঃ--

वागी विनाश।

(৩২৪ পৃষ্ঠার পর।)

কভ সে ধরিরা মহাভীম বেশ, প্রচণ্ড মুমরে করিরা প্রবেশ, হলকার রবে চমকিয়া সবে, উৎসাহে আনিল ভীষণ রস.

কভ্ কৰ্ণ-পাশে করিরা গমন, কর্ণে কহে তার,—"কর্ কর রণ,

[°] এই কবিতার প্রথম ছয়টি শোক (Stanzas) কতক কতক অক্ট, কিন্তু অবশিষ্টগুলি কল্পুনা, সৌন্দ্র্য্য ও দর্শন-চহারায় বিশ্বপ্রিও ইইয়াছে।

আহে মুহাতহু! ধর ধর ধরু,
কাঁপাও কাঁপাও কাঁপাও ধরা।"
উৎসাহে মাতিয়া অমনি সে বীর,
ঘন ঘন ঘন গরজি গভীর,
ধরি শরাসন, করি আকর্ষণ,
বিকট চীৎকার করিল ঘরা।

মূহ মূহ বাণ হানি খরশাণ,
ভীমনাদে হরে বৈরিকুলপ্রাণ;
হড় হড় হড়, হড় হড়,
ধোর বর ঘরে রথের চাক;

সন্মুথে অর্জুন দর্পে শত গুণ,
খরতর শর বর্ষে পুন পুন,
মুথে মার মার, হছত্তংক্ষার,
সঘনে গরজে গঙীর ডাক।
ভীমে, ভীম বেশে সমরে আনার,
রণমদভরে উৎসাহে নাচায়,

ঘন ত্তংকারে গদার প্রহারে ভয়ঙ্কর রবে সংহারে অরি;

ভীম স্থভীষণ ধরি পরাক্রম, বলে মহাবল, যুদ্ধে কাল সম, ধতা ধনুঃশর বৈরিগর্কহর, ধতা ধতা বীর-কুল-কেশরী!

হার, সে বীরের হইল পতন ! আয়ুর শন্যার করিল শরন, যত কুরুচর হয়ে নিরাশ্রার, কাঁদিল রে কেত হাহাকার করি।

বীর জোণাচার্য্য, আশ্চর্য্য বিক্রম,
পুত্র-শোকে রণে ঘটায়ে বিক্রম,
কুশিষ্য অর্জুন কাটি পমুগুর্ণ,
অন্ত তালু বিধে খরাস্ত্র ধরি।
বেই জোণ শুরু কুরুকুলাশ্রম,
যার শরজাল ভ্রাশনময়,

কত রিপুকুল করিলা নিশ্বূল, রণানলে প্রাণ আহতি দিল। কুরুকুল দগ্ধ, পতসনপ্রায়, প্রচণ্ড গস্তীর দীপশিথা তার পাণ্ডবের বল, যাহে সমুজ্জল, চক্র-পাণি-স্নেহে কত জ্বিল!

এক দিকে কাঁদে কুরুদীমন্তিনী, হাদে আর দিকে পাওবকামিনী, অপূর্ব্ব দর্শন! হইল ঘটন— উষার সমূপে স্থাবার মদীন—

কাঁদে এক দিকে কুন্দিনীক্ল,
এ দিকে নলিনী হাসিয়া আকুল;
পাঞ্স্থারবি স্বিমল-ছবি,
ভূবিল অন্তে কুক্লভাগ্যশনী।
অমনি কল্পনা তথায় আসিয়া,
লয় কতার্দ অঞ্জলি ভরিয়া,

করণা-অভুত-বীর-রস-যৃত, রৌদ্র আদিবস বাছিয়া নিল।

শান্তিরদ কুন্তে করিনা স্থাপন, পীরে ধীরে করি বাছ আন্দোলন, প্রিন্ন কবিবরে অভিদিক্ত ক'রে, বেদ-বেদিকার আদন দিল।

নির্দ্ধাণ-কুরুণ, ভকতি চন্দন, যোগ-অনুরাগে করি প্রফালন, অস্তান অক্ষয় অতি শোভানয় সাজাইল গলে ভারত-হার;

তব প্রিয় দাস মেই বেদব্যাস, কালগ্রাসে, হায়, পাইল বিনাশ ! শোভার আধার সেই রত্ন-হার ধ্লায় লুঠি'ছে মলিনীকার !

প্রিয়তন স্বত কবি কালিদার্ন, শীলিত-কবিতা-নলিনী বিলাস, মা, তোমার বরে মেই পুত্রবরে পেয়েছিমু কোলে অমূল্য নিধি,

আহা, মনে হ'লে তা'র গুণগান, বিগলিত হয় পাষাণ পরাণ! ভুবনরঞ্জন মদেকরতন, দেখিতে দেখিতে হরিল বিধি!

প্রথাময় যার বচন-আবলি, বসস্ত-কোকিল-কলিত-কাকলী, করিয়া শ্রবণ, জুড়াত শ্রবণ, হুদে লেখা আছে মধুর গান;

আর কি হেরিব প্রের চক্রানন ? আর কি শুনিব মধুর বচন ? স্থার স্থারে কে বর্ষিবে আর! আর কি জুড়ার্টিব তাপিত প্রাণ?

বিকচ-কৃত্মন-কাব্য-কৃঞ্জবনে যে করিজমর, হর্ষিত মনে, স্থললিত স্বর করি নিরম্ভর, আঁহরিত সদা বিমল মধু;

কি রাজ উদ্যানে, কি বোর বিপিনে
মধুলোভে হয়ে মৃগ্ধ চির দিনে,
মথা নব লতা, পায় প্রক্লতা,
চুধিত কোমল পাদপ বধ্;

যত কুলকুল চকুবিনোদন, বাছিলা বাছিলা করি আহরণ, শুচি-রুস-নীরে সেচি ধীরে ধীরে, রচিল কোমল-মাধুরী শুণে;

ক্ষীরস উজ্জ্বল তাহে চল চল,—
পরিমলমন্ন অতি নিরমল,
স্থভাব-সরোজ তাহে কিবা ওজঃ;—
স্থা আদিরস ঝার প্রস্নে;

পরম পবিত্র যেই স্থারীর যার আস্থাদনে স্থাটিয়া বশ, যে রস সিঞ্চন করিয়া গ্রহণ, শুদ্ধ তরুকুল কুস্তম ধরে;

মধুপ নিচয় করি গুন গুন—
সতত গাইছে যার শত গুণ—
বসন্ত-প্রস্ন কত গুণে নান!
কোমল সৌরভে গৌরভ হরে ;

শরদের শশী, স্থবিমল কর, শীতল পীযুষ ঢালে নিরস্তর, প্রফুল্ল-হাদর-চকোর-নিচয় যেই ধারা-লোভে প্রমন্ত হয়;

এ রস হৃদয়ে হলে প্রশন অন্ত স্থধাধার বিষ-ক্রমণ; আহা, যেই রস চিত্ব করে বৃশ, জীবন-জ্বতা হরিয়া লয়;

(ক্রমশঃ)

	(An marin
	(1) 1 0 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1
	पाली ।
स्ति विक्रिया के स्वाप्ति के	्रियानं प्रदेश । ता । ता व्याप्त प्रदेश । त्या । प्रदेश कार्य कार्य । ता । ता व्याप्त प्रदेश । त्या
1 11 21 11 2 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1	1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1

	4,	[भा क्षेत्र करूवो कृष (क्ष्मु) क्षेत्रम
1		()
	ल कि कि के ले बहुब बहुब ब को जा के ब बुब ले ब च ब ब ब ब बाग द के ग्रांति व दे ता कि छा जा द छ थे +	स्ता प्राप्त के विकास के किया कि
ł	वदरंगं निर्मित्रीसम्मणं व्यवस्थितं विस् सः द इ दयः वरः । द्ःसः स व ह '',औल्युस	ति व रहर ति व । य हा । हिना ही व । ही व केला पार्ति पाता पार्ति हो ।



উদ্দীপনা।

থাম্বাজ—একতালা। (আন্থায়ী)

ছাড় ঘুনঘোর, গামে কর জোর, রে ভারতবারী! হ'ল নিশি ভোর, জাগিল সকলৈ; ভোমরা কি ব'লে এখনো শরান র'য়েছ, ভাই ?

আত্মা প্রাণ মন নাহিক যাহার, এরপ শয়ন উচিত তাহার, শব যেই জন, তা'রি এ শয়ন, জীবিত জীবের সাজে কৈ তাই ? জাগে ইউরোপ প্রভাতীর সালে,
তোমরা শুইরা এখনো কি লালে?
অলস হইরা জীবনের কাজে,
আরো কি থাকিবে, ভারতবাসী?
হর্মোদয় হ'ল, খুল আঁথি খুল,
আলভ-আধার শরনেরে ভ্ল,
এ মিনতি মম, তুল দেহ ভুল,

প্রতি প্রাতে নভে উঠে দিবাকর,
করেছ কি কভু নয়ন-গোচর ?
আরো কত কাল নয়ন মুদিয়া,
অক্রের মত থাকিবে, হায়
বাট কোটি চক্ষ্ চিরনিমীলিত,
বিশ কোটি প্রাণী প্রাণ সত্তে মৃত,

নিবপ ববিব কিবণবাশি।

ভৌগলিকের মতে টিক্ এক সমরে ভারতে ও ইউরোপে

কি লজ্জার কথা, এ মরম-ব্যথা মরম চিরিয়া কহিব কায় ?

প্রভাত হইল, ইংলপ্ত জাগিল,
ভারতবাসীরা ঘ্রে ঘুমাইল!
প্রভাত হইল, ইংলপ্তীয়গণ
আধীন করমে পশিল স্থাণ,
ইংলপ্তের দাস ভারতীয়গণ,
আধীন ব্যবসা দিয়া বিসর্জন,
অবনত মাথে; কুটা ল'রে দাতে,
দাস্থি পশিল অমান্মুধে!

কি লব্জার কথা, এ মরম-ব্যথা
কোথার রাখিব ? হান পাই কোথা ?
ভারতের রক্তে সংখ্যার অতীত
পোলাম করেছে জনম লাভ !
পৃথিবি রে, যা রে, কোটি থও হ'রে,
কোটি বন্ধ পড় খোর গর্মিরে,

আর রে প্রলয়! এস মহাকাল! আয় জলধির কলোল-রাব!

প্রকৃতি । এখনো কোন্ মুখে বল, গোলামের মুখে দৃষ্টি-ধারা ঢাল ? ছাড় হুহুকার, হোক চ্রমার গোলামের দেশ ভারতভূমি। ন্তন ভারত কর গো স্ফলন, এ ভারতে আর নাহি প্রয়োজন; গোলাম যথায়, নরক তথায়, কিরূপে নরক দেখি'ছ ভূমি ?

যে ভারতে তৃমি দেখেছ সেকালে স্বাধীন ব্যবসা সকালে বিকালে; দাসত্বের মুখে কোটি পদাঘাত করিতে দেখেছ যে সব নরে। সে ভারতে তৃমি, বল সত্য করি', কি দেখি'ছ এবে দিবস শর্কারী,

ভূতসাক্ষী তুমি, কর সাক্ষ্যদান, তা'বাই কি এরা—গোলামী করে?

না না,—না না,—তাহা কখন কি হয় ?
স্বর্গীয় জীবেরা ছোঁয় কি নিরয় ?
নরকের কীট নর-মূর্ত্তি ধরি'
গোলামী করি'ছে ভারতে এবে !
দাসত্ব করিলে চতুবর্গ ফল,
দাস্ত্রের মূলে বাঙ্গালির বল,
স্থাধীন ব্যবসা জ্বলন্ত গ্রল,
স্থাধীল প্র-চর্গ সেবে !

हाय, এ कि श्रंत !— क्वि এ দেশীরা দাসত্বের নামে হয় উর্জনিরা ? স্বাধীন ব্যবসা তেনে দিশাহারা, নিরথে চৌধার স্বাধার থালি ! মুথে রক্ত তুলে, পর-পদ ধু'লে, কোন্ পুণা হয় মান্তবের স্কুলে ? এই পুণ্য--জমা পাকে চুলে চুলে, পরের পাছকা-বর্ষিত ধূলি!

পরপদধ্লিভোজী যেই জন,
জানি না তাহার অন্তর কেমন,
জানি না সে মৃঢ় মামুষ কি পশু,
জানি না হাদর কিলের তা'র ?
লাগর তরিয়া, আসিয়া হেথায়,
ঘরের মামুষে পরেরা থাটায়,
কত পদাঘাত কথার কথার,
মাথার চাপায় পাছকা-ভার!

শাকারও ভাল স্বাধীন থাকিয়া,
ক্ষীরো ভাল নয় অধীন হইয়া,
মরণও ভাল স্বাধীন থাকিয়া,
বাঁচা ভাল নয়ংঅধীন থেকে;
স্বাধীনে স্বর্গ, নরক অধীনে,
রে ভারতকানী! বুঝিবি ক' দিনে ?

ব্যবসা বাণিজ্যে দিলি জলাঞ্জলি, কি স্থথ লভিলি দাসত্ব শিথে ?

ভারতের ধনী—বাঙ্গালার ধনী, রাশি রাশি টাকা বসি' বসি' গণি' আর কতকাল—দিবস রজনী—
যক্ষের মতন থাকিবে, হায়!
সোণার ভারত অধঃপাতে যাঁয়,
ক্ষণেক ক্রক্ষেপ নাহিক তাহায়,
অবস্থান দিকে কেউ না চায়!

যতন করিলে মিলরে রতন,
কত দিনে মনে হ'বে জাগরণ?
কর পদ আছে, কৈন পর কাছে
করযোড়ে আছ ধনের তরে?
ইংলও কি ছিল, যতনে কি হ'ল,
কুবেরের পুরী যতনে হইল.

পুরাণ-বর্ণিত কুবেরের পুরী ভারতবাদীর পুঁথি-ভিতরে !

হার, এ কি হ'ল, ভারতের খনি,
কনক রজত হীরা মৃক্তা মণি
পরে লুটে লর ; ভারত ভিথারী
কা'র দোবে হ'ল, বল ত, ভাই ?
কা'র দোবে, বল, পরের ত্র্যারে
আছি দাঁড়াইয়া ভিক্ষা করিবারে ?
কা'রো দোবে নর, নিজ নিজ দোবে
নিজ নিজ মুখে মেখেছি ছাই !

কেন ভর করি ?—কেন ভরে মরি,
'সাধিলেই সিদ্ধি' এই পণ করি,
ইংলভের মত সম্পূর্ণ না হোক,
কতক প্রিবে ধনের আশ;
সমরেও তাও় ফতনে হইবে,
এ হেন হর্দশা ঘুচিবে—ঘুচিবে;

কিন্তু অযতনে আশা পূরিবে না, এইরূপি র'ব পরের দাস।

তটিনী-তীরে।

"আশা।"

(২৩৪ পৃষ্ঠার পর)

(२७)

তোমার লহরী-করে, মনোহরা তটিনি । ইচ্ছা করে সঁপিয়া এ অসার জীবন, আনন্দে তরঙ্গরঙ্গে মনোসাধে, সজনি ! সদাই দেখিতে থাকি তোমার আনন।

(२१)

সজনি!
অদৃশ্য, অথচ দেখি, এ যুগল নয়নে
মহানন্দে একরূপ রূপ মনোহর;
অফুট; অথচ শুনি ভ্যাতুর এবণে,
জানি না কাহার কিছু, মধুময় স্বর।

(२४)

দেথিয়াছি

পৌর্ণমাসী-নিশি-যোগে, স্থবিমল গগনে
স্থধাংশু তারকাদামে শোভিত স্থলর,
সরোবরে সরোজিনী; উপবন-সদদে—
—কামিনী; কামিনীকুল, সংসার ভিতর;

(<>)

শুনিয়াছি

মধুর-কোকিল-রব, মধুমাস মিলনে, প্রফুল কুস্থম'পরে, ভ্রমত্র গুঞ্জন, মধুমাথা কথামালা, য্বতীর আননে । বিঘোর নিশীথ কালে, সঙ্গীত-স্থনন।

(%)

কিছুতে হর নী কিন্ত, মানস সরসে রে সে স্থ-লহরী থেলা জীবনে কাহার, কি জাগ্রতে, কি নিদ্রায়, সেই রূপ রাশি রে দিতেছে মানবকুলে বে স্থথ অপার। (0)

যথন যে দিকে সেই রূপরাশি হেরি রে, তথনি সে দিকে স্থাৰ্থ, করি বিচরণ; · আমি কেন: এ জগত, দিবদ শর্বারী রে. ভক্তিফুলে সে রূপের করিছে পূজ্ন!

(02)

নিথিল জগত যারে, প্রাণপণ যতনে निभिनिन मगजात कतिरह वर्फन. बिब नौ त्म मात्राविनी, अ मः मात-कानतन "মায়াবিনী আশা" ধরে ক্ষমতা কেমন। (00)

বীরের শাণিত অসি, এ সংসার মাঝারে, ্ধরণীতে করে নর-শোণিত-প্লাবন : তাহারি আজ্ঞায়, হায়, স্থভীষণ সমরে, অসংখা মানব করে প্রাণ-বিসর্জ্জন। (98)

ভাবুক, कन्नना नात्थ, निनीत्थ्वत भिनात्न, कविजा-कुसूम-माना, धार्य वकमतन ; . বিজনে, বিজ্ঞান-বিৎ, প্রাণপণ যতনে, দেখাতে নৃতন তত্ত্ব, ব্যস্ত নিশিদিনে।

(00)

তোমার বিমল বক্ষে, প্রেরদি সজনি রে,
অগণ্য লহরী-মালা, উঠিয়া যেমন
ফাণেক করিয়া খেলা, জলধিসঙ্গিনি রে,
মিশিয়া আবার স্থাথে, করিছে গমন,

(৩৬)

তেমনি সদাই, সথি, মানবের অন্তরে, অগণ্য আশার স্রোতৃ, প্রবল স্বননে উঠিছে, মিশিছে পুনঃ, সে অক্ল পাথারে, নয়নের অগোচরে, অাধারে বিজনে।

(৩৭)

না নিবিলে প্রাণ-দীপ এ সংসার-পাথারে,
মানবের আশা-স্রোত নিবে নাহি যায়;
না নিবিতে, আশা-স্রোত মানবের অস্তরে,
মানব-জীবন-দীপ নিজেই নিবায়।

(৩৮)

দেখিয়াও চির দিন, এ সংসার-কাননে,
অকালে স্থাখর লতা, মরিতে মরমে,
জানি না, কি হেতু নরে, প্রাণপণ যতনে
রোপে সে আশার লতা হৃদয়-কাননে।
(৩৯)

জিজ্ঞাসিয়া দেখিলাম, এ সংসার-পাথারে,
কে কবে পেয়েছে স্থুখ, অসার জীবনে ?
পিতা, পুত্র, পতি, পত্নী, সকলেরি অন্তরে,
দেখিলাম, ছাইপাঁশ শোকের দহনে!
(৪০)

জলাশয় ভাবি গিয়ে, দেখিলাম নয়নে, স্থভীষণ মক্তৃমি যমের আগার ; উপ্রন মনে করি, বিষাদিত আননে, বিস্তীর্ণ প্রান্তর হেরি সম্মুথে আমার। (82)

এ যাতনা সংসারের কে আগে জ্বানিত রে, পুড়িতে হইবে এই অনল্মাহনে; লভিতে মানস-সরে, স্থারে কনল রে, কাঁদিতে হইবে শোক-কণ্টক-বিদ্ধনে ?

(82)

ভীষণ মক্সতে গিয়ে, জলের আশার রে, কে মরিত ভ্রান্ত হয়ে মৃগত্ঞিকায় ? মণিময় হার ভেবে বিষধরে, ধরে রে, কে মরিত জ্ঞাে পুড়ে বিষের জ্ঞাাায় ?

(80)

সংসার-কাননে আসি এ সব ভাবিয়া মনে,
যথনি হতেছে মনে, কই উদাসীন;
আশার মোহন বংশী, তথনি মধুর তানে
বাজিছে; সে মনোভাব হতেছে বিলীন

(88)

শুনেছি কোকিল-রব, মধুমাস-মিলনে, প্রফুল কুইম-পরে ভ্রমর-শুঞ্জন, মধুমাধা, কথামালা, যুবতীর আননে, নিশীধে বিরহগান,।অমিয় বর্ধণ

(8¢)

কিছুতে হয় না কিন্তু, মানস-সরসে রে
সে স্থলহরী-থেলা জীবনে আমার;
কি জাগ্রতে, কি নিজায়, সে বংশী মধুর রে
দিতেছে অভাগা জনে যে স্থথ অপার।
(৪৬)

শোকতাপে বলহীন স্থবিরের শ্রবণে
বাজে কি বাঁশনী সেই স্থমধুর তানে,
ফেলিতে সংসারে তারে, মায়ামর বন্ধনে
পুনরায় কারাবাসে, যাতনা সদনে ?
(৪৭)

প্রবাদে প্রবাসী যবে, প্রফ্রিত অন্তরে,
স্বদেশের কোন কথা আদিলে স্মরণে,
স্থারের স্বপনে ভাবে, প্রিয়তম সোদরে,
ক্রনক,ক্রননী, প্রিয় প্রেয়সী-আননে।

(84)

প্রকৃতির প্রিয় খেলা, এ সংসার-কাননে,
স্বদেশে দেখিতে যবে প্রবাসীর মনে

উথলে ইচ্ছার স্রোত, মধুময় স্বননে কি জাগ্রতে কি নিদ্রায় শয়নে স্বপনে ;

(68)

নিশীথে প্রণন্নী যবে, প্রফুল্লিত অন্তরে, স্বযুপ্ত-প্রেম্বনী-মূথ নিরথি নরনে, স্থথের স্বপনে ভাবে, এ সংসার মাঝারে প্রণন্মিনী প্রেমে, স্কথে কাটাবে জীবনে;

(¢ °)

অথবা জননী যবে, নিরথিয়া নয়নে, নিজ-অন্ধ-অলকার, সুব্পু কুমারে, ভবিষ্যৎ-সুথচিত্র, রমনীয় অন্ধনে, অন্ধিত করেন, স্থথে, আপন অন্তরে;

(65)

কি স্থাকনকলতা, ক্ষণস্থায়ী জীবনে,
তাদের অন্তঃরে কর যতনে রোপণ,
কিবা "মায়াবিনী আশা!" মনোহর ভ্ষণে,
দেবপ্রির সাজে হও ভূষিত তথন!

(¢ ?)

মানবজীবনে তুমি অনন্তরূপিনী রে, नाजित्न এथन এই স্থকম ভ্ৰব্ৰে, किस (म ভीष्णं मार्कः जीवनमन्नि त থলের অন্তরে; হেরি, ভয় হয় মনে। (0)

বিপিনে, বিহগকুল, বাজাও বাঁশরী রে, स्थाः ७, ज्ञल कत स्था वित्रिंग, कन्धि-नभीरभ, निम, (व्यामत नहती तत्र, পাঠাও; প্রকৃতি-খেলা করি দরশন।

((8)

প্রকৃত প্রেমের স্রোত, সজনি আমার রে, কে রোধিতে পারে এই সংসার ভিতরে? কে বোধিতে পারে তব চঞ্চল লহরী রে; প্রণয়-তৃষাতে বাঁহা যেতেছে সাগরে ? (eg)

(य ऋरथ जनिध, शांत्र, जनिधमिनि तत्र, পাঠাতেছে তব কাছে ৫প্রম-উপহার, মানস-সরসে কবে, জানি না, সজনি রে, সে স্থ-লহরী-থেলা হইবে আমার।
(৫৬)

আসিলেই তব তীরে, সব ছঃথ বায় দ্রে, তাই ভালবাসি তোরে, জলধিসঙ্গিনি রে, বড় স্থ হয় মনে, নির্থিলে এ নয়নে হাসি হাসি মুথ থানি, তোমার সজনি রে।

((1)

বড় ইচ্ছা, হয় মনে, দেখিতে ও চক্রাননে,
কি দিবসে কি নিশায়, সলিলয়পিনি রে!
তাই ইচ্ছা, যাই ভেদে, তব সনুন দ্র দেশে,
তোমার হদয়ে শুয়ে, প্রেয়দি, সজনি রে।
তা হলে প্রফুল মনে, নিরথি ও চক্রাননে,
ভ্ঞাব অতুল স্ক্থ, স্করি তটিনি রে!
(ক্রমশঃ)

ন্ত্র:--

মাধুরী।

>

যমুনাতীরে ত্যালকুঞ্জে খ্যাম বাজায় মে!হন বাঁশী, (गांकु नवां ना-(कां भनगरन পরা'তে কি, গো, প্রেমের ফাঁদী ? যা'তে উঠে নাচি' ধীর সমীরে তরঙ্গ উজানে যমুনা নীরে; গাভীকুল শুনে উরধকাণে প্রকৃতি উঠে আমোদে হাঁসি'! व कि वाक तम भर्त वानी ? ইক্রসভাতে ভরত মুনি, সঙ্গে বিশ্বাবস্থ, তুমুক গুণী, 'লক্ষীস্বয়ম্বর' নাটক চারু অভিনয় করে নবীন রঙ্গে। তা'ই কি বাজেও বিনোদ বীণা ? ওতে কি স্বভাব আজিকে লীনা ? উর্বশী, রম্ভা, নাচে তিলাভূমী: –ফাল্পন।

নৃপুদ্ধ-রবে দিক্ উঠে কি ভাসি' ? কিন্নরকঠে ললিল তান অমৃতধারে উঠি'ছে গান ? অথবা নারদ-'মহতী'-গীতে গলি' পড়ে পৃত বারির রাশি

মাণ শত্ত পূত বাগের রাণ মৃত্ কলকংল কেশ্ব-চরণে তরঙ্গবিভঙ্গে নীলিম গগনে ? কিসা আদি কবি, পূজা ভ্বনে,

নব গাথা গা'ন বাণীকুণায় ?
কমলবনৈ স্থাভি ক্ষরে,
ভারতী-'কছ্য়া'-বীণ্ ঝংকরে;
নাগবধ্ গাহে চৌদিকে বেড়ি'
প্রবালরতনে স্থতমু ভূমি' ?

কি স্থন স্থলর !—ও কে বাজায়, করিয়া কডই চাত্রী ? চিরসধ্যতামর কি যন্ত্র! কাংহাংগ, কি ওর মাধুরী ! নিখিল-মন-পরাণ হরে আমূল-মরম-মোহন স্বরে; উছলে নদী; নিঝর ঝরে;

বহে সমীরণ, আমরি ! মধুকর মেলি' ভ্রমর গুঞ্জরে; জাগে বনদেৰী পুলক অন্তরে;

দিক্-স্বলরী হাসে ;•ছাড়ার বিহঙ্গ কুজনলহরী ;

বিক্সে কুন্তম মূরতি চাক ; দুরে নীরধর গরজে গুফ ; ললিও নাচে তড়িতবালা।

অপ্রব যন্ত্র-'মাধ্রী'! ছবমলিন এ দীন দেশে এ স্বফ্ল মধ্র,ভাবে কে এ,জ্লাগা'য়ে অতীত আশে,

ঢালরে মধুর গাগরী ? यति বরষ,—বরষ মধু; অমৃত হ'রে যেন সে মধু মৃতসঞ্জীবনী রনে জীবিয়ে

মৃত জননীর জীবন ।
নীরস ধমনী, বিভিন্ন কল্পাল,
জননীর আজি জীর্ণ হাড়নাল;
কুড়া'য়ে যতনে পরাণপণে
গঠ তমু করি' নৃতন;
নবদেহে দেও পূরবন্যত
পুন নবতেজে লাবণ্য যত;
বিদীর্ণ হিয়ায় পরিশোভহ
মন্দারের নাম আবরি';
অমল উজল অমল বতন-

অমূল উজল অমল রতন-সহিত পরাও কিরীট শোভন শিরদে; ছুটুক আগেকার জ্যোতি স্থদ্র দিগত্তে সঞ্চারি'।

9

ও নব বাদক ! মাধুরী ধরি', নব মধুরতা তাহাতে গৃরি' সক স্থ-নর্ম হুরে ও মরম

প্রকৃতির মোহ অবশ করি'; ৰিদুষক জনে, ভাবুক-শ্ৰবণে ভাসা'য়ে প্রমদনদ-উপরি, পড়শীঘরে পশিয়া পরে, ধাও গ্রামপল্লীপুরী-ভিতরি; ক্রমে উঠ ট্রচে. আরো উঠ উচে, উলাসে ভেদিয়া গগনতম ; অশেষ বেশে ব্যাপিয়া দেশে, ধাও, হে, শেষে নবীনজমু; অতিক্রম করি? ভুবনের কোণ, অনক্ত শরীরে মিশিয়া যেও; ভারতের চির অসীম যশ यिन गा'रव, मांधू, मवरन राउ, নিতাম্ভ হুৰ্লভ কৰিজনপ্ৰাণ वागीत চরণ হৃদ্যে ধরি'।

8 %

যদি পার, কর হুখী ভারতের উন্নতি সাধিতে মঝিঃ

বাহে ফিরে হয় নব অভাুদয় ভবে নাম ধরে 'জাতি'. হৃদম্ববিহীন আগ্যন্থতগণ,— তব শিক্ষামদে মাতি' অসারতা তাজি' আঁধার কুটীরে জালায় খ্যাতির বাজী. মনের সংসারে যেন যা'তে ধরে তপনপ্রতিম ভাতি: অঙ্গণ উদয়ে উষার সহিতে পোহায় ছখের রাতি! আর্য্যবংশধর আজিকে আবার পূরব পুরুষ নাম রাথুক, আবার জীবিত করুক পূর্ব-লুপত-মান! পুন ভূজবলে নিখিল ধর্মী হউক আর্থধাম ! বিদ্যা-বৃদ্ধি;ভেজ প্ৰভাবে অধুনা

श्रुके भनम्काम ;

আভার পরিধি- জড়িত অমরমূরতি নরনরাম
আবার লভিয়া, বীর-পরিতাপে
অযুত অযাত্যাম
পিশাচ-রাক্ষদ- দানব অশেষ
অনার্যা-মণ্ডল দ্ব

নাশি' অবছেলে পূর্ব সাহসে উদ্ধার করুক ভব!

ফিরি' আর্যালন্ধী সকল তমুতে শোভ্ক ভূষণ নব!

ভারতী কিরীটে দীপুক রতন . আবার জলধি ভব !

মনের থেণ কি মনেই থাকিবে? আর কি ফুটিয়া ক'ব!

এ রূপে কাঁদিতে বিজনে বসিয়া চিরকাল পাই যেন;

সহদের কোন স্থাদি থেন। ত্রী:--

বিরহী ।*

٥

কোথা গেলি প্রিয়তমে, নারীরত্ব-রত্নোত্তমে, জীবিত-বল্লভে ৷ কান্তে ! প্রাণের আধার ! কোথা গেলি তোলমুখী, বিড়ালাক্ষী বক্রকুঁখী, কোথা গেলি হৃদয়ের কলিজা আমার। উত্মুরি, হায় হায়, হুত ক'রে জ্বলে যায়, জলিছে হৃদয়ে কুল-কাঠের অঙ্গার, হায়, প্রিয়ে ! সারা যাই, পুড়ে ঝুড়ে হতু ছাই, তোর পোড়া বিরহের অনলে এবার। **७**इ रिय (त मगीतन, क्रिटिंग्ड अन् अन्, শরীর শীতল নাহি হয় রে উহায়, ডাকাল অনল সম, পরশি শ্রীঅঙ্গ মম, তুলিল সহস্র ফোস্কা—এ কোমল গায়।

[°] আনরা লেখককে জিজ্ঞানা করিলাম, ইনি কোন্ বিরহী ? তিনি বলিলেন, আবিন মাসের বীণায় বে বিরহিণী' দেখা দিয়া-ছিলেন, ইনি তাঁহারি নিরহী।

চাঁদ তাতে ডিটো দিয়ে, কালানল বরষিয়ে, বধে বিরহীর প্রাণ, কি করি রে বল না, কি হবে কি হবে, প্রিয়ে! বিদরিয়ে যায় হিয়ে, বুঝি আর তোর সনে মোর দেখা হল না।

ર

विकामि मन्न अनि, कृष्टिष्ट युँ हैर शत किन,
कृष्टिष्ट आमात हर्य गंकान ममान,
निर्मिगक्का द्रनकृत, कितर उष्ट खांगाकृत,
नाहि इंन, कान्। सात मृक्षित्न आमान।
थठ निर्म कानिनीम, এত निर्म द्विनाम,
कितत वर्गना कक् मिष्ट कथा नग्न दत।
रक्षित्तत कृष्यदत, मन खांग छ्ट करत,
दकोमूनी, मनंशानिन, मृत्ता खांग नग्न दत।
छत्र वमस धन, धन, धना जांग जांग आमान,
किता मरह ना गांग, साक्षांग श्री करन यांग,
दक्षांग वित्रह, खिरंग। कींगून मकांग।

বিছানা বিছার প্রান্ত, দংশিছে সদা আমার, বালিন কুলিশ সম সদা বাজে শিরে রে! দিতে গুড়ুকেতে টান, করি অগ্নিশিখা পান, মহা-অগ্নি সদা জ্বেল উপরে ভিতরে রে!

৩

হায়, রে চাকুরি আশে, আমি এই দ্রদেশে, বেয়াড়া বিরহানলে বিঘোরে এখন. তোমার প্রাণের বঁধু, না হেরে ও মুথবিধু, পুড়িয়া মরিল, হায়, থাকিতে জীবন। বসস্ত এসেছে ভবে, পুলকিত চিত সবে, আমিই করি'ছি ছথে বিদেশেতে বাস, ধরিত্ব চরণ ছটা, তবু ত দিল না ছুটা, ष्यत्थिमिक नारहरवत्र (हाक नर्सनाम। কি বুঝিবে তারা এর, মাহাত্ম্য কত প্রেমের, প্রেমিক তাহারা যত সব জানা আছে, বিলাতে রাধিয়া.বিবি, তার ফটোগ্রাফ ছবি मात्र दश्या बुदंक क'त्र मिन काणिहेट्छ।

বিলাতি প্রেমের কথা, কে বল ব্ঝিবে হেথা, সতীত্ব-ড্যামেজ শোধ টাকা দিলে হয় রে! এমন প্রেমিক ধারা, আমাদের প্রেম-তারা, কৈমনে ব্ঝিবে ? হায়, প্রাণ ফেটে যায় রে!!

8

वाश दंत, कि खाना रन, खल शन, खल शन, खल शन,
कि कि कि कि कि विन, खल मिं'रंग बांभ,
धरकरें वितर वर्ण, जानिस द्र धठ काल,
खार्थन ! खार्थन ! खान खल शन वाभ !
माकन वितरानैन, खानान, मनानन,
म्डन द्र छेंभगर्ग कर्रत-खनन,
छार्ड श्रमर्ग कर्रत-खनन,
खिल खिन स्मानन, निद्य ना द्र मिल कन,
बिरुग खिना छिर्ठ नतैत्व कल,
धर्ण खिना छिर्ठ नतैत्व कल,
धर्ण खिना छेर्ठ नतैत्व कल,
धर्ण खिना हिरुग हर्ण छेर्डिटह किला।

আসি যদি দমকল, কলে করে দেয় জল ,
তবু এ বিরহানল, কভু না নিবিবে রে !
এ অনল নিরবাণ, এ হৃঃথের অবসান
হবে যবে চিতানল আমার জ্লিবে রে !!

হা সতি ! হা বলবতি ! সদা গহনায় মতি,
কোথায় রহিলি, প্রিয়ে ! জটিলকুন্তলে !
না হেরে পোড়ার মুণ, ফাটেরে ফাটেরে বুক,
বারেক হল না দেখা এ অন্তিম কালে !
মনে ছিল যত সাধ, তাহে হল পরমাদ,
পরাতে নারিম্ন জোরে স্বর্ণ-চর্ক্তহার,
বারাণসী শাটী দিয়ে, কাল দেহ আবরিয়ে,
নারিম্ন দেখিতে লাল কুচের বাহার ।*
না জানি রে হতভাগি! রে পোড়াকপালি মাগী!
এ বসন্তে পেতেছিস তুই কত যাতনা,
তমালে পিয়ালে তার্লে, ডাকে পিক তালে তালে,
বিষিছে রে তোর প্রাণ, বুঝি আর বাঁচ না।

^{*} এই উপজাতির অনেক দর। বী--- স।

ষা হোক, এ যাত্রা, দই ! যদি প্রাণে বেঁচে রই, নিদাঘ বরষা অত্তে দেখা হবে শরতে, পাইলে পূজার ছুটি, যাব পুনঃ ছুটাছুটী, প্রেমময় মুখ তব প্রেমভরে হেরিতে।

ঞী:---

"কোন্ পাপনিশাচরে হরিল মরম পীড়ি' মুকুটের মণ্ডন ?"

কোন্ পাপণনিশাচরে হরিল মরম পীড়ি'
মুক্টের মগুন ?
বিধির লিখন-ফলে কবে বা ভূষিব পুন
সে পরম রত্ত্ব!
যাহার আলোক আর না লভিয়ে, অন্ধকারকবলে বিলীন আর্যা-স্করণ-ভবন!
আর নাহি দিবারাতি পুরব মত্ন-ভাতি;
জ্বে না সে স্থ-দীপ ধরি' চাঠক কির্ণ!

₹

ছ্থিনী জননী আজ পর্ণ-কুটীরে, মরি,
করি'ছেন ক্রন্দন,
অনাথিনী, চিরদীনা ;—বধিয়াছে অরি তাঁ'র
প্রাণসম-নন্দন,
কারাগৃহে কুলনারী ফেলে নিতা আঁখি-বারি,
সতীত্তরণ শ্রি' পতিধন-নিধন!

· শিশু স্থত পথধারে কাঁদি' ফিরে দারে দারে একমূটি অন্নতরে, পিতা মাতা বিহীন!

6

মনোরথ-পথে আজ মৃনের হরষে, হার,
চলিতে না পারি!
ভূলিয়া বাড়াই পা, বিষম পড়য়ে টান,
কোন্ পাপনিশাচরে হরিল মরম পীড়ি'মুকুটেরমগুন
শন্ধ মোণ ভারি
কঠিন নিগড়ে বাঁধা; ব্যথয়ে পরাণ বড়
বানঝন বেয়ে শ্বনে, নিবারিতে নারি!

না পারি কহিতে কথা মন খুলে যথাতথা, क फिल दमना कार्षि ? ना शाहे विठाति !

চাহিয়া দেখিতে চাই একবার অাখি ফুট'. ভা'ও ভ পারি না! क दिन दांधिया ठेनी, जीवत्न कतिया मूछ,

তা'ও ত জানি না।

নয়ন থাকিতে অন্ধ. ঘানির বলদবন্ধ-সমান সংসারে ঘুরি'!-- কা'র তরে,--বুঝি না ! হৃদ্যের কোষ পুরি' নিশাস ফেলিতে নারি; क निन विनाति मृन,—जाशा उ प्रवि ना !

¢

কোন বিজ্মনা-বলে পাই না ভানিতে আজ ছু'টি কাণ পাতিয়া!

क मिन विधित कति' जनस्मत जात, मति, কি বিরাগে মাভিয়া।

মনস্কাম প্রাণপণে সফলিতে স্যতনে कहे भावि (कि इथ, दंत्र) वर्ष्ट्र (ठिष्टे। कतिया ! মনের সে অভিলাষ হ'তে হ'তে না বিকাশ, ইক্রধনু-সম ক্ষণে বার মনে মিলিয়া!

6

কোন্ গুরু পাপফলে মুক্তপথে নাহি চলে আর সে পবন ?

গরলে সকল কেন পূর্ণ আজ ?--হ'ল কোন্

সিন্ধ্র মথন ?

ভাকে না কো আর পাথী স্বেচ্ছায় স্বতম্বভাবে, কোন দাবানলে আজ দগধ কানন ?

এ অরিষ্ট দ্রে ফা'বে; শরীর নীরোগ হ'বে;
পীড়া অত্যাচারে প্রায় বাহিরে জীবন!

٩

ছ্থের ছর্দ্দিন, প্রভো, নাশহ করুণা করি', অহে দ্বীনপালক !

এ ক্ষীণ স্থাতিরে এবে পরম শরণ তব দেও, গুৰিতারক।

কালান্ত প্রগায়খন, স্বেচ্ছাচার-প্রভঞ্জন, তাড়না-ছীষণঝন্ধা (ভুকন-বিনাশক), অধীনতা-বজ্ঞপাত দূরে পলাইয়া যা'ক,
হুথের প্লাবন লোপি' শোণিতের শোষক !

ь

বিমলতা বিরাজিবে পুন চাক ত্মতি ধরি'

এ মলিন আকাশে!

নবভাব প্রপূরিতা হইবে প্রকৃতি ফিরে

নিরমল স্মহাদে!

নিরমল প্রফুল্লতা ধরাতে আসিবে কভু!

स्थितिद्व पश्चिम करन त्रिमासिनी स्र्चारम ! स्थ-ति निम्मकन िमाति' सम्थमान मीलिद्ध जूदरन करन त्रीतरनत उंकारम !

৯

শাস্তির সমীর ধীরে বহিবে কথন আর * মৃত্ ফুর ফুরণে !

স্বুত্ল কুস্থম ফ্টি', জগত শোভ্ক, মধ্•স্তরভি-বিভরণে!

ষ্টপদ-মধুকর গুঞ্জর-ব্যকার-ুনাথে নাচিবে কাননস্থলী বিহ্যুক্তর কুজনে! মিলিয় পাপিয়া-ভাসা গা'বে সমবেত তানে কোমল-কোকিল-কল-কাকলী-কৃহরণে!

٥ (

কালে কি হ'বে না, নাথ, স্থদীন ভারতধানে অভিলাষ পূরণ ?

অসাধ্য সাধিত হয় তোমার ইচ্ছার বশে। চির র'বে মগন

অকুলগাথার-নীরে ভাগ্যের তরণী ? ফিরে
স্থপথে অদৃষ্টচক্র করিবে না গমন ?
দেবেরা সহায় হ'বে মানবের; পরাতবে
পলা'বে দানব কবে পাতালের ভবনে ?
পাপের কালিমা লোপে পুণ্যের পরশে পুন
লভিবে বিদিবছাতি আর্য্য-পুতভবন।

এ:—



ভালবাসার পরিণাম I

٥

'ভালবাসা' এ মধুর এ স্বর্গীয় নাম
কে জানে এমন হ'বে, হায়!
'ভালবাসা' আদি স্থা— বিষ-পরিণাম,
প্রাণ যায় যায়!
ভালবাসা ভাল ক'বে শিথে হ'ল এই পরে,
সর্বস্থ আমার, হায়, গেল রে!
অমৃত গরল হ'ল, কল্পতক বিষফল
উগারিয়ে দিল রে!

ર

প্রিয়তম !—না না— ক্রতম ! তব চিত কিমে বল নিরমিত, মানব-আকারে তৃমি কুোন্ নিশাচর ? ১—হৈত্র i ভ্ষার দেখা'রে আশা, বিষে মাখি' ভালবাসা;
প্রাণের জীবনী শক্তি করিলে অন্তর!.
চিনিতে না পারি', হার, পড়িছ তোমার পার,
বিনি-মূলে বিকাইরে প্রাণ কলেবর,
কে জানে স্থবনিকাবে হেন বিষধর?

٠

যে দিন প্রথম দেখা তোমার আমার,
মনে আছে ?—তব মনে অপনের প্রার !
কিন্তু আমি ভূলি নাই, মনে গাঁথা সর্বাদাই,
যে দিন প্রথম দেখা তোমার আমার,
কি যে সেই দিন মোর—কি কছিব, হার!
শিখিনি এমন কথা, সেই মম মন-গাঁথা
প্রথম-সাক্ষাৎ-ভাব শুনাই তোমার;
কভূ যে পারিব,—তা'বো আশা বাকোথার?

8

भग्नत्म नग्नत्म (महे अथम पर्यन (भृत्य व नौर्वता यादा पर्विन कथन) কি যে করেছিল মেশ্বরে, ক'ব তা' কেমন করে,
অতিধানে কথা কই দেখি না এমন,
জানি না, অথচ জানি কি যে সে দর্শন।
বেই থানে সেই দেখা, সেধানে অমৃত-মাধা
দেখিমু স্বর্গীয় এক মূর্ভি অতুলন;
সেই মূর্তি তুমি;—কিন্তু কোধায় এধন্ ?

নিষ্ঠ্ র—নির্দর—, ক্রু র—বিষাজ্জনর!
কই সে অপূর্ক মৃত্তি ?—এ বে বিষমর!
কই সে অপূর্ক মৃত্তি ?—এ বে বিষমর!
কই সে অপূর্বার চিত্র অন্তপম স্থপবিত্র,
পরাণ-ভূরান দৃষ্টি কই, নিরদর?
অক্ষর ভাবিত্র বা'রে—এবে তা' বিলয়!
সে দিন তোমারে দেখে, বিশাস-পীষ্ষ মেখে
মনের সহস্রম্থে, ক্রিত্র নিশ্চর,—
ভূ:ধের জপতে স্থ-মৃত্তির উদয়।

ভূলিলাম একেবারে না ভাবি' পশ্চাৎ, বুঝি নাই শেষে পা'ব বিষয় আঘাত।

वृक्षि नार्डे एवं वादि करत विजतन, সেই ফের করে শিরে অশনি নিপাত। वृति नारे जारा तरथ, यारात क्षम (तरथ জনস্ত অনলে বক্ষ হ'বে ভক্ষসাৎ. শুখাইবে মন-ভরা আশার প্রপাত। হা কঠিন ৷ হা বঞ্চক ! হায়, প্রতারক ! অমৃতের হেমভাণ্ডে জলম্ব পাবক! এই যদি ছিল মনে, কেন তবে সেইক্ষণে मित्रित ना १-- (फलिजाम नग्रत भलक, যত্নে করতল ঢাকি' মুদি' থাকিতাম অাখি, নাহি দেখিতাম আর বাহির আলোক, य जालां क उर मम जीवन- (भारक ! थानम-किं खत्रानक । कृष्टे अयवन । मिन नाइ, त्रां नाइ व्यवाहि'एइ मर्समाई অফ্ট অশ্রত, তবু গভীর গর্জন ! চঞ্চল প্রবাহে মা'র ঢালি' প্রাণমন, শীতল হইব ভেবে পুড়িম্ব এখন !

মিছে কেন ভালবাসা দেখা'রে আমার আশা ফলবতী না হইতে, করিলে ছেদন, কে জানে তোমার প্রাণ কঠিন এমন!

ত ত বি নামন তব ?—তৃমি যে নরনে
সেই যে কি দৃষ্টি-রেথা চালিয়ে সাধিলে দেণা,
হইলে "আমার" বিনা বাক্য-আলাপনে ?
এই না নরন সেই ? আমি যে নয়নে
আমার নয়ন রাখি' অনিমেষে চেয়ে থাকি'
তোমা ছাড়া ভ্লিলাম যা' আছে ভ্রনে,
হইয় "তোমার"—আজো তাই জানি মনে ।

কিন্ত তুমি, হা কঠিন ! ছলিয়া আমায়,
কোথায় চলিলে আজ কাটিয়া মায়ায় ?
তদগত জনেরে ভ্লি', কাপট্যের দার খ্লি',
কেমনে পশিলে তা'য়, কিন্দের আশায় ?
যেও না—চরণে ধরি', যেও না—পরাণে মরি,
যেও না—যেও না—শত শপ্থ তোমায়,
তুমি গেলে আর মোর কে আছে কোথায় ?

22

প্রাণের ভিতরে মোর—মনের ভিতরে
কিছুই ত রাখ নাই এক এক ক'রে
ল'রেছ সকলি তৃমি, বল দেখি, তবে আমি
থালি প্রাণে—থালি মনে, কি আশ্রয় ধ'রে
থাকিব. নির্দয়! এই সংসার ভিতরে?
থালি ক'রে প্রাণ মন, দিয়াছি সকল ধন,
থালি প্রাণে—থালি মনে কত যত্ন ক'রে
রেখেছিফু এক ধন স্বর্গীর আদরে।
কি সে ?—আরু কিছু নয়, ও করিন নিরদম!
তোমারি সে 'ভালবাসা' ধ্বীবনের ত্রেঃ।

>5

কিন্ত, হার, তোমা হেন ছলের ছলনে
নিজেরো সর্কাস্থ গৈল, ছলিত বচনে।
ভূমিও যা'মোরে দিলে, তা'ও কের কেড়ে নিলে,
এ কাপট্য-থেলা থেলে, রাথিলে ভূবনে
দন্তাপহারীর চিত্র অক্ষর নধনে!

আমার সমান বেই, দেপুক নয়নে সেই
আমার নয়ন ল'য়ে তোমা হেন জনে,—
দত্তাপহারীর চিত্র অক্ষয় রঞ্জনে !

30

স্বর্গীর রতন যাহা, মূল্য নাই যা'র,
হেন প্রেম কেন এল ভূতল মাঝার!
বেখানে তোমার মত অপ্রেমিক অবিরত
প্রেমপ্রিয় জনে ছলে নির্দায় হইয়া,
কেন সে ভূতলে প্রেম মরিল আদিয়া!
বে প্রেমেরে রক্ষা করা, যে প্রেমের প্রেম্ ধরা
প্রকৃত প্রেমিক বই সাজে না অপরে,
তোমা হেন জন তা'রে রাধিবে কি ক'রে!

>8

প্রেম ! প্রীতি !—ভালবাসা !—প্রণর ! প্রণর !

এ মানবভূমি তব বাসভূমি নর ।

রবিভগু শিলা পরে কুই্ম কেমন ক'রে

থাকিবে সরস ?—হার, গুকাইরা রয় !

এ মানবভূমি তব বাসভূমি নয় ।

যথার বঞ্চ বক্ষ, কে তথার তব পক্ষ ? যেথানে ছলনা-স্রোত পলে পলে বয়,

সে মানবভূমি তব বাসভূমি নর।

30

হা কঠিন! ভ্লাইয়ে মজা'লে আমায়;
ধাঁধিলে নয়ন মন বিহাত আভায়।
বুঝা'য়ে অমৃতাশয়, নহামনীচিকাময়
মক্রভুমে ফেলি' মোরে পালাও কোথায়?
পালায়ো না—পালাইলে—দলি' মোরে পায়।
উহ, এ কি হ'ল, হায়, প্রেমচোর ওই যায়,
ভুইও তবে কেন, হায়,যা'স্নি, রে প্রাণ ?
জীবনে মরণ—ভালবাসা-পরিণাম!

অৰ্জ্ব-প্ৰতিজ্ঞা।

٥

বোড়শবর্ষীয়'নবীন কুমার বীর অভিমন্ত্য সপ্ত-রথি-রুে, প্রবেশ বিক্রমে দন্তে কাঁপাইল, কৌরব দলের খ্যাত বীরগণে।

ર

এক এক রথী বীরেক্রকেশরী—

যুঝে একে একে কুমার সহিত,

সকলেই ক্রমে মানি অভিভব,

সকলেই ক্রমে হইল চকিত!

٧.

একা সৈভিদ্রেষ সপ্ত-রথি-মাঝে ছই হৃত্তে অসি উলটে পালটে, সপ্ত-দিক রক্ষা করি অবহেলে, দেখায় বীরত্ব হক্কার-দাপটে।

8

'ভার-যুদ্ধে কভু হবে না পরান্ত' এই বাল-বীর অঞ্চল অটল;— ইহা মীমাংসিয়া বৃদ্ধ কুরুগুল, ভাপিল সমরে অফ ভারণকে শিল!

Œ.

একবারে সপ্ত বাণ বরষিল,

একবারে হানে অসি সপ্তথান,
তথাপি কুঁমার অটুট-বিক্রম
নাশিতে•লাগিল বিপক্ষ-সন্ধান।

৬

অজস্র আঘাতে ক্রমে ক্ষীণ-রক্ত হইয়া আর্জুনী ললাট-পরশি, দাঁড়াইল তথা অবসন্ন-দেহে, নেত্রে নিকলিল অন্তর্জালা-রাশি!

٩

অভিময়া-বীরে দেখি কুগ্ণ-বল,
নির্মান প্রায় হাই ক্ষাদ্রথ
করি বীরপণা বালকের মুগু,
কেটে অসি-বাতে করে ভূমি-নত।

6 6

এ হেন ভীষণ বারতা শুনিয়া, বিক্রম-কেশরী বীর ধনঞ্জয় শোক-হঃথ রোষে কম্পিত শরীর, রণ-স্থলোপর উপনীত হয়।

2

ভয়াল-মূরতি বিকট হুরার ছাড়েন বিক্রেমী বীর-পুলে শ্বরি; বিশাল রক্তিম ভীম-বজ্র-দেহ মুহুর্ত্তে মুহুর্ত্তে উঠিছে শিহরি!

50

রক্ত-জবা-কম্প বিশাল-নয়নে অজস্ব নিক্ষে বিভাও-অনল, পলকে চমকে জালাময়ী দিশি, বিক্ট-বিভাস্ত-দৃশ্য রণস্থল!

۶۶

দত্তে দত্ত পার্থ করেন ঘর্ষণ,
মূহমূহি: ঘন নিঃখীগ নিকলে,
ঘন হুহুজারে মূহভূমিকস্প অন্তর্কোরে মূহভূমিকস্প অন্তর্কোটী নাদ গতত সুঞ্চালে! 25

কাঁপে কুরুক্ষেত্র কাঁপে রথ-রথী, ভরে জীবগণ হয় দিশাহারা, চমকে চকিত শৃত্য-জল-স্থল— চম্চম্চমে ঘোরে যেন ধরা!

১৩

করতল-যুগ করে নিপোষণ,
প্রতিহিংসা-রক্তে ফ্রিছে ধমনী;
সেই রণস্থলে গভীর-গর্জ্জনে
বলিতে লাগিল বীর-চ্ড়ামণি—

28 /

"আমি বর্ত্তমানে প্রাণ-পুত্র মম যদি শক্ত হত্তে হলো অপহত, তবে এ দেহের প্রয়োজনে ধিক্, ধনঞ্জয় নামে ধিক্ শত শত!

130

"ধিক্ ক্ল-রজে, ধিক্ বীরকুলে, ধিক্ প'্তুবংশে, ধিক্ বাছবলে, ধিক্ ধিক্ মোর গাণ্ডীব ধন্তকে, ধিক অসি মৃষ্টি এই করতলে।

36

"ধিক্ মাতৃস্তন্তে ধিক্ ভোজ্য-পানে, ধিক্ ধিক্ ধিক্ বীরত্বে আমার! তবে হদি পারি দিতে প্রতিশোধ, তা' হলে বৃঝিব ক্ষত্র-বীর্য্য-সার।

39

"সাক্ষী চক্র হার্য্য, সাক্ষী রথ-রথী, সাক্ষী আর যত নর-হন্তী-হয়, সবার সাক্ষাতে অর্জ্জ্নপ্রতিজ্ঞা করে আজি এই নিত্য নিঃসংশয়—

کلا .

"যেই কাপুরুষ জয়দ্রথ আজি
বধে অভিমত্ন্য অদ্যায় সমরে,
কালিকার স্থ্য অস্ত না হুইতে
অবশ্য অর্জুন ব্ধিবে ভাহারে !

25

শ্রনধিরপিপাস্থ এই ক্ষত্র-থড়েগ জয়দ্রথ মুগু দিগগু করিব, তার রক্ত-স্রোতে ড্বায়ে ইহারে শোণিতের তৃষা শান্তি করাইব।

₹•

"আজি ষেই স্থ্য উদিয়া আকাশে, দেখিয়াছে হতে অভিমন্থ্য হত, কালি সেই স্থ্য দেখিবে নিশ্চিত, এই হত্তে হত হবে জয়দ্ৰথ।

>>

"আজি রক্ত-পামী পশু-পক্ষী যত অভিনমা-রক্তে প্রিয়াছে দেহ, কালি জয়দ্রথ-রক্ত পান করি, হবে তৃপ্ত তারা নাহিক সন্দেহ।

'२२

"আজি মোর দেহে আছে পরিধের নিক্লক জুক বিমল বসন, কালি এই বস্ত্র জয়দ্রথ-রক্তে হবে কলঙ্কিত লোহিত বর্গণ !

২৩

"ল'য়ে তার রক্ত অঞ্জলি অঞ্জলি,
পুত্রের তর্পণ করিব যথন,
সাথক মানিব এই যুগ্য-কর,
কথঞিৎ শান্তি লভিব তথন।"

₹8

ধ্যা রে প্রতিজ্ঞা ধ্যা বীর-বাক্য!
ধ্যা রে ভারত বীর-শ্রেষ্ঠ-ধাম;
ধ্যা ক্রিক্তি ধ্যা ক্র-বীর্যা,
ধ্যা রে ভারতে ক্রেজ্নের নীম।

२¢

করিয়া প্রতিজ্ঞা বীরচ্ড়ামণি,
থাপেন সে দিন ক্লাক্ষেপের ভোগে,
রক্ষনী-প্রভাতে রণসজ্জা কুরি,
প্রতিজ্ঞা পালিতে যাক মহাবৈগে।

२७

সার্থক বীরত্ব সার্থক সে বাহু—
সার্থক সে শিক্ষা সংগ্রাম-কৌশল;
না হইতে রবি অস্তাচলগামী,
করিলেন পার্থ প্রতিজ্ঞা সফল!

29

তাই বলি—

রে ভারত ! এ কি সেই ভূমি ভূমি ?

যেথানে জনমি বীর ধনুপ্তম,

অভূত প্রতিজ্ঞা করিয়া ণালন,

বীরত্বের কীর্ত্তি রেখেছে স্ক্রম ?

১৮

তোমীর বক্ষেতে আছে কি অদ্যাপি
সেই কুরুক্ষেত্র প্রিয়তম স্থান—
বাহার স্বরণে আজিও মানব
পায় মৃত-দেহে ক্ষণজন্ম প্রাণ ?

তির্থা সালে দেই প্রয়েম ভূমি

কোথা আছে দেই পুণ্যময় ভূমি, বীরত্ব পরীক্ষা হুগেছিল যথা ? বল দেখি, দেবি! তাহার আখ্যান, শুনি একবার জীবন্ত বারতা!

೦೦

অথবা গো তুমি সে ভারত নও,
সেই দেশ কিসে হইবে প্রত্যয় ?
যে দেশের লোক আপনা আপনি
কাপুরুষ ৰশি দেয় পরিচয়!

0;

কেমনে বিশ্বাস করিব, গো দেবি ! আমর ই পূর্ব্ব-আর্য্যের সন্তান, তা হলে কি আজি জীর্ণ শীর্ণ দেহে ভিক্ষুকের বৈশে করি অব্দান ?

৩২

বলিতে কি, দেবি ! আরো বলি শুন,
যদি পার্থবংশ থাকিত হেথায়,
তা হলে কি সেই বীর্যাবান কর
দাসত্ব পসরা বিশিত মানায় ?

99

এ ভারত যদি সে ভারত হয়,
তবে কোথা সেই অস্ত্র শস্ত্র ভূন ?
কোথা ক্ষত্র-বীর্যা কোথা সে বীরত্ব—
কোথা সে প্রতিজ্ঞা কোথা সে অর্জ্বন ?

₹8

কিছু নাই ;—এযে দেখিছু স্বপন, অন্তুত ব্যাপার, হইনু হতাশ ; স্থান-সিংহাসন অস্তুরের পদে হয়েছে দলিত,—এ কি সর্বানাশ !

এ:--